In line with the demands of business and industry, DCCI also organized seminars on such as Alternative financing in agriculture sector, Eco-Friendly Pulp and Paper Processing from Jute. As per the proposal of DCCI, the Ministry of Jute formed a working group on Eco-friendly Jute and DCCI is a member of this working group. Of other remarkable events, Enabling Policy Environment for Safe Mango Marketing, Fresh Food Safety and its Protocol, Innovative Fund for MSE Financing in Bangladesh, Local Managerial Capacity Building, Propagating CSR Programme by Corporate in Bangladesh and Income Tax and Value Added Tax (VAT), Challenges and opportunities for financial reporting act were held.

বাংলাদেশ কে দেশি বিদেশি বিনিয়োগের জন্য উপযুক্ত কেন্দ্রস্থল হিসেবে সারাবিশ্বের নিকট পরিচিত করার লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশেষ করে চীন, দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড, মালয়েশিয়া, যুক্তরাজ্য প্রভৃতি দেশ হতে বিনিয়োগ আকর্ষণের পাশাপাশি যৌথ উদ্যোগে ব্যবসায়িক কার্যক্রম স্থাপন ও দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষরের লক্ষ্যে এ বছর বেশ কিছু উদ্যোগ গ্রহণ করা হয়।

বাংলাদেশের বিনিয়োগ ও ব্যবসায়িক সম্ভাবনা যাচাইয়ের লক্ষ্যে এ বছর দক্ষিণ কোরিয়া, চীন, ভিয়েতনাম, সিঙ্গাপুর, সৌদিআরব এবং থাইল্যান্ড হতে বেশ কয়েকটি প্রতিনিধিদল ঢাকা চেম্বারের আয়োজিত বাণিজ্য আলোচনা সভায় যোগদান করেন। এছাড়াও দেশে বিনিয়োগ সহায়ক পরিবেশ তৈরির লক্ষ্যে চেম্বারের পক্ষ হতে অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), বেজা ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের সাথে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করা হয়েছে। উপরন্তু, বিদেশে বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণ এবং দেশের ব্রান্ডিং ইমেজ বাড়ানোর জন্য চেম্বার হতে বেশকিছু প্রতিনিধিদল বিশ্বের বিভিন্ন দেশে প্রেরণ করা হয়েছে।

দেশের অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য ও শিল্পায়নের উন্নয়নের স্বার্থে ঢাকা চেম্বারের পক্ষ হতে প্রায়শই বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ে গবেষণা, জরিপ পরিচালনা করা হয়, যার মাধ্যমে দেশের অর্থনীতির বিকাশের স্বার্থে বেসরকারী খাতের ভূমিকা কি হবে তা নির্ধারণ করা সম্ভব হয়েছে। এ সংক্রান্ত সুপারিশমালা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।

কার্যকর ও যুগোপযোগী গবেষণা কর্মকাণ্ড পরিচালনার লক্ষ্যে ঢাকা চেম্বার হতে "আরঅ্যান্ডডি বাংলাদেশ ফোরাম" নামে একটি প্ল্যাটফর্ম তৈরি করা হবে, যেখানে বিশিষ্ট অর্থনীতিবিদ সহ বেসরকারীখাতের প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে একটি এ্যাডভাইজরি বোর্ড থাকবে এবং বিশিষ্ট অর্থনীতিবিদ, গবেষক ও বিশেষজ্ঞগণ এ কমিটিতে থাকবেন।

টেকসই উন্নয়ন এবং শিল্প-কারখানায় কাজের সহায়ক পরিবেশ নিশ্চিত করার জন্য সিএসআর বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিল্প-কারখানায় সিএসআর কার্যক্রম বাড়ানোর উদ্দেশ্যে, এমভিও নেদারল্যান্ড প্রকল্পের সহায়তা বাংলাদেশস্থ দি নেদারল্যান্ডস দূতবাস এবং ঢাকা চেম্বার যৌথভাবে বাংলাদেশের পাট, মৎস ও জাহাজ নির্মান খাতে সিএসআর কার্যক্রমের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ এবং তা উন্নয়নে কাজ করবে। ভবিষ্যতে এ প্রকল্পটি বাংলাদেশে কার্যকর সিএসআর নীতিমালা প্রণয়ন, বাস্তবায়নে ও উক্ত তিনটি খাতে ডাচ বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

সম্মানিত সহকর্মীবৃন্দ

বেসরকারী খাতের অবদানে বাংলাদেশ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে অনেক দূর এগিয়ে গেছে। চেম্বারের সদস্যবৃন্দের নিরবিচ্ছিন্ন সহযোগীতায় অর্থনীতির মৌলিক বিষয়বস্তুর উন্নয়ন, স্থানীয় বাজার সম্প্রসারণ, রপ্তানি বাজার সম্প্রসারণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, বন্দর উন্নয়ন, শিল্পে জ্বালানী নিরাপত্তা নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে ডিসিসিআই সরকারকে সঠিক নীতি সহায়তা দিতে পেরেছে।

বেশ কিছু সংস্কার সাধনের উদ্যোগের পরও আমরা এখনও আমাদের প্রতিযোগী ও উন্নয়নশীল দেশ যেমনঃ ভিয়েতনাম, ইন্দোনেশিয়া এবং ভারতের থেকে বেসরকারী খাতকে একটি ব্যবসা বান্ধব পরিবেশ প্রদানে পিছিয়ে রয়েছি। সম্প্রতি বিশ্বব্যাংক-এর ডুইং বিজনেস রিপোর্ট ২০১৮ তে বাংলাদেশের দূর্বল অবস্থানের বহিঃপ্রকাশ ঘটেছে। বাংলাদেশ ১৭৬তম অবস্থান থেকে এক ধাপ পিছিয়ে ১৭৭তম অবস্থানে নেমে গেছে, যেখানে ভূটান ৭৫তম, ভারত ১০০তম, শ্রীলংকা ১১১তম এবং পাকিস্তান ১৪৭তম অবস্থানে রয়েছে।

আমাদের অবস্থানের অবনতি সত্বেও সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপের ফলে বিশেষ করে "ওয়ান স্টপ সেবা নীতি" গ্রহণের ফলে আগামী দিনগুলোতে বাংলাদেশের উন্নতির সম্ভাবনা প্রচুর। উন্নয়নের অগ্রধারা এবং বেসরকারী খাত ও বিনিয়োগ বান্ধব পরিবেশ বজায় রাখতে বাংলাদেশ কে লক্ষ্য ভিত্তিক ও সময়োপযোগী এবং বাজার কেন্দ্রিক পরিকল্পনা ও নীতি সংস্কারের দিকে অগ্রসর হতে হবে।

DCCI relentlessly made effort to promote Bangladesh as competitive business hub with the view to attract investment from China, South Korea, Singapore, Thailand, Malaysia, UK in wide-ranging sectors encouraging relocation, joint venture and other bilateral agreements.

In pursuance of investment effort, DCCI received various Investments and trade delegations mostly from East Asian countries i.e. South Korea, China, Vietnam, Singapore, and Thailand along with KSA and other Asia pacific countries. In addition DCCI continuously pursued Ministry of Finance, Ministry of Commerce, Ministry of Industry, NBR, BIDA and BEZA through facts-based study and cross-country benchmarking study to improve the business and investment climate in Bangladesh. Moreover, as part of market exploration, country branding and investment promotion initiatives, DCCI represented Bangladesh in different global investment summits & conferences.

DCCI, as a commitment to the economy, trade and industrial development, often conducts several trades, industry and investment related policy research, impact studies for trade led economic growth tailoring the needs of private sector development taking into account the local and geo economic trends, affairs and disseminate outcome with concerned Government agencies.

To pursue better and more focused and effective economic fact based research, we have meanwhile formed an economic brainstorming platform named **RnD Bangladesh Forum (RnD-BD)** to analyse intense understanding of the economic changes, challenges and impacts on private sector to contribute business community of the economy and reshape the economy of Bangladesh. The advisory committee of **(RnD-BD)** Bangladesh will include eminent Sector experts and Economists of Bangladesh.

In order to promote sustainable and pro people working industrial environment, the CSR is critical. To embed the good practice of CSR across the Industry, DCCI has initiated a Project with Dutch embassy in Bangladesh in collaboration with MVO Netherland to explore the state of play, sustainable business practice and CSR opportunities in Bangladesh in the sectors of jute, fishery and ship building. And, this project is going to be a strong basis of promoting well functioning CSR culture in future and open up Dutch investment opportunities in these three sectors.

Distinguished Members,

With contribution of the private sector, Bangladesh has come a long way in terms of economic progression and social development. It gives me immense confidence that with the continued support and cooperation of our honorable members of DCCI, I am able to make bold and strong efforts with the view to improving economic fundamentals, expand local markets and export destinations, improving road connectivity, port capacity and energy security for industry.

Despite many reform initiatives and development, we are still behind our competitors and emerging countries such as Vietnam, Indonesia and India in terms of ensuring enabling and yielding business environment for private sector. The fragile position of Bangladesh is also reflected in the World Bank's 'Doing Business Report 2018' – wherein, Bangladesh is ranked at 177 downgrading from 176 registering decline in five areas, and only improved in two areas compared to previous year whereas Bhutan ranked 75, India 100, Sri Lanka 111 and Pakistan 147.

Despite this fall in our position, we are confident that the steps taken by the Government in different areas including the 'One Stop Service Policy' will greatly improve the performance of Bangladesh in the coming years. In order to continue improvements and creating a more conducive and competitive climate for the private sector and investment, Bangladesh needs to accelerate with target oriented, time-bound and market driven plans and policy reforms.

ভদ্র মহিলা ও মহোদয়বৃন্দ

পূর্ণাঙ্গ প্রতিবেদন পেশ করার পূর্বে গত এক বছরে যাঁদের আমরা হারিয়েছি তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি জনাব এ রব চৌধুরী, প্রাক্তন সভাপতি জনাব এম এ মোমেন-এর শ্বাশুড়ি সৈয়দা শামুজাহান, প্রাক্তন সহ-সভাপতি খন্দকার শহীদুল ইসলাম-এর বাবা আলহাজ্ব এ রশিদ, প্রাক্তন সহ-সভাপতি জনাব আবসার করিম চৌধুরী'র ছোট ভাই রহমান আলী করিম চৌধুরী, প্রাক্তন সভাপতি জনাব বেনজীর আহমেদ-এর মেয়ে আফরিদা আহমেদ, প্রাক্তন সভাপতি জনাব মতিউর রহমান-এর মাতা আফিয়া খাতুন, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম-এর স্ত্রী মাহফুজা সালাম, প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব আশরাফ ইবনে নূর-এর মাতা, যুগ্ম-আহ্বায়ক জনাব মোঃ শহিদ হোসেন-এর ছেলে, প্রাক্তন পরিচালক জনাব মাহবুব আনাম-এর মাতা ফিরোজা বেগম, ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির-এর মাতা হোসনে আরা আতিক-এর মৃত্যুতে ঢাকা চেম্বার হতে শোক প্রকাশ করা হয়েছে।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর মেয়র মরহুম আনিসুল হক-এর মৃত্যুতেও চেম্বারের পক্ষ হতে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

পাশাপাশি ডিসিসিআই'র যুগ্ম-সচিব (কমন সার্ভিস) এম ফজলুল করিম-এর শ্বাশুড়ী, ডিসিসিআই'র কর্মচারী মোঃ হারুন-উর রশিদ এবং খন্দকার কামাল হোসেন এর মাতা এবং ঢাকা চেম্বারের প্রাক্তন কর্মচারী গোলাম সারোয়ার-এর মৃত্যুতে ঢাকা চেম্বার হতে শোক প্রকাশ করা হয়েছে।

সম্মানিত সদস্যবৃন্দ

২০১৭ সালে ঢাকা চেম্বার তার কার্যক্রম ও সেবা প্রদানের মাধ্যমে দেশের বেসরকারি খাতের উন্নয়ন নিশ্চিতকরণে কার্যকর ভূমিকা পালন করেছে। এখন আমি, ঢাকা চেম্বারের কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ তুলে ধরার পূর্বে ২০১৭ সালে ডিসিসিআই-এর কতিপয় অর্জন আপনাদের সামনে তুলে ধরছি।

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই) এবং নলেজ সেন্টার-এর কার্যক্রম

ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউট (ডিবিআই)-এর ট্রেনিং ক্যালেন্ডার ২০১৭-১৮ প্রস্তুত ও মুদ্রণ করে ঢাকা চেম্বারের সদস্যবৃন্দের পাশাপাশি অন্যান্যদের মাঝে বিতরণ করা হয়েছে। মডুলার লার্নিং সিস্টেম ইন সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট (এমএলএস-এসসিএম)(পি)-কোর্সের ২০তম ব্যাচ ২০১৭ সালের জানুয়ারী-জুন মাসে এবং ২১তম ব্যাচ ২০১৭ সালের জুলাই-ডিসেম্বর মাসে চালু করা হয়েছে, যেখানে যথাক্রমে ৪৪ ও ৪১ জন অংশগ্রহণ করেছেন।

এছাড়া এএমএলএস-এসসিএম(পি) এ্যাডভান্স কোর্সে যথাক্রমে ৩৯ ও ২৬ জন অংশগ্রহণ করেছেন। এমএলএস-এসসিএম(পি) ডিপ্লোমা কোর্সে ১৩ ও ২৬ জন অংশ নিয়েছেন। এ ট্রেনিং কোর্সের ক্লাস সমূহ শুক্রবার ও শনিবারে আয়োজন করা হয়, যার ফলে বিভিন্ন প্রতিষ্ঠানে চাকুরীরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করতে পারছেন।

মার্চ ও আগস্ট মাসে অনুষ্ঠিত মডুলার লার্নিং পরীক্ষায় অংশগ্রহণকারী সংখ্যা ছিল যথাক্রমে ১০২ এবং ৯৩ জন। ডিবিআই আয়োজিত পরীক্ষাসমূহে আইটি, জেনেভা কর্তৃক প্রণীত নিয়ামবলী যথাযথভাবে অনুসরণ করা হয়ে থাকে।

২০১৭ সালের জানুযারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ১৯টি স্বলমেয়াদী ট্রেনিং কোর্স পরিচালনা করা হয়, যেখানে ২৬৫ জন অংশগ্রহণ করেছে এবং প্রতি কোর্সে গড়ে ১৩.৯৪ জন অংশগ্রহণ করেন। ডিসিসিআই নলেজ সেন্টার ২০১৭ সালের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ১৩টি দিনব্যাপী ট্রেনিং কোর্স ও ওয়ার্কশপ পরিচালনা করা হয়, যেখানে ১৯৭ জন অংশগ্রহণ করেছে এবং প্রতি কোর্সে গড়ে ১৫.১৫ জন অংশগ্রহণ করেন।

ডিবিআই কলেজ-এর কার্যক্রম

বিবিএ কলেজ-এর প্রতিষ্ঠালগ্ন হতে বিবিএ কলেজ তার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন করার জন্য ডিবিআই গভার্নিং বডি, স্ট্যান্ডিং কমিটি, ওয়ার্কিং কমিটি এবং ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সাথে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে বিবিএ কলেজে ৫টি ব্যাচ চালু রয়েছে এবং ষষ্ঠ ব্যাচের শিক্ষা কার্যক্রম শুরু করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। নিয়মিত ক্লাস পরিচালনা করার পাশাপাশি এখানে গ্রুপ আলোচনা, গ্রুপ প্রেজেনটেশন, কেইস স্টাডি এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করা হয়। ছাত্র/ছাত্রীদের দক্ষতা ও উদ্ভাবনী শক্তি আরো বৃদ্ধির লক্ষ্যে প্রতিনিয়ত প্রচেষ্ঠা চালানো হচ্ছে। শিক্ষা কার্যক্রম, প্রশাসনিক কর্মকাণ্ড, সুযোগ-সুবিধা, শিক্ষা-বহির্ভূত কার্যক্রম এবং শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে বিবিএ কলেজ উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। ছাত্র/ছাত্রীদের প্রতিভা বিকাশে ক্লাস মনিটরিং কমিটি, পরীক্ষা কমিটি, বিতর্ক কমিটি, কাউন্সিলিং কমিটি এবং গণমাধ্যম ও যোগাযোগ বিষয়ক কমিটি গঠন করা হয়েছে।

Ladies and Gentlemen,

Let me pay solemn condolence and homage, on behalf of DCCI family, to the departed souls who left us in year 2017 and sympathy to their all grieved and shocked family members.

DCCI expressed deep shock at the demise of Mr. A Rob Chowdhury, Former President of DCCI, Mrs. Syeda Shamujahan, Mother-in-law of Mr. M. A. Momen, Former President of DCCI, Alhaj A Rashid, father of Kh. Shahidul Islam, Former Vice President of DCCI, Mr. Rahman Al Karim Chowdhury, younger brother of Mr. Absar Karim Chowdhury, Former Vice President of DCCI, Ms. Afrida Ahmed, daughter of Mr. Benajir Ahmed, Former President, DCCI, Mrs. Afia Khatun mother of Mr. Matiur Rahman, former President, DCCI, Mrs. Mafuza Salam, wife of Alhaj Abdus Salam, Former SVP, DCCI, Mother of Mr. Ashraf Ibn Noor, Former SVP, DCCI, Son of Mr. Md. Shahid Hossain, Joint Convenor, DCCI, Mother of Mr. Mahbub Anam, Former Director, DCCI, Mrs. Hosne Ara Atique, Mother of Mr. AHM Rezaul Kabir, Secretary General of DCCI.

DCCI expressed deep condolence and profound sympathy at the sad demise of Mayor of Dhaka North City Corporation Mr. Annisul Huq.

DCCI also expressed condolence at the death of Mother in law of Mr. M Fazlul Karim, Joint Secretary, DCCI, Mrs. Feroza Begum, Mother of Khandaker Kamal Hossain, Staff, DCCI, DCCI's former Staff Mr. Ghulam Sarwar, and Mrs. Hirun Nessa, Mother of Mr. Harunur Rashid, Staff, DCCI.

Distinguished Members,

Before going to the details of our activities, I would like to share some of the activities and achievements of the Chamber in 2017.

Activities of DCCI Business Institute (DBI) and Knowledge Centre (KC)

As recommended by the Standing Committee, the DBI Training Calendar 2017-18 (April-March) was prepared, published and distributed among the target groups. Regarding Modular Learning System in Supply Chain Management MLS-SCM$^{(P)}$, 20th batch (January-June, 2017) and 21th batch (July-December, 2017) of Certificate Course were successfully started with forty four (44) and forty one (41) participants respectively.

In addition, 39 and 26 participants have registered for Advanced Certificate and 13 and 26 participants for Diploma courses respectively in 2017. Classes are held on Fridays and Saturdays so as to enable persons on–the-job to attend the training courses conveniently on weekend. The courses help them increase their knowledge, efficiency and advance better job opportunities.

Total number of examinees were 102 modules/participants in March, 93 modules/participants in August, 2017. The examinations were held strictly as per the standard guidelines of ITC, Geneva up to their full satisfaction.

As to short training courses from January to September, 2017, Nineteen (19) training courses were held. In these courses 265 (two hundred and sixty five) trainees participated with an average of 13.94 participants per course. During the same period thirteen (13) daylong workshops were held by the Knowledge Center and 197 (One hundred and ninety seven) trainees participated in the workshops with an average of 15.15 participants per workshop.

Activities of DBI College

With joint collaboration since its inception, DCCI Business Institute (DBI) College has been relentlessly pursuing its mission and goals as stipulated by Governing Body, Standing Committee, Working Committee and DCCI Board of Directors. At present, 5 batches are up and running simultaneously and DBI College is taking necessary steps to welcome its 7th Batch. It is worth mentioning that DBI College has achieved commendable success in the fields of academics, administration, facilities, extra-curricular activities and students' affair. Accordingly, Class Monitoring Committee, Exam Committee, Debate Committee, Counseling Committee; Media & Communication Committee etc have been developed.

কলেজের কাউন্সিলিং কমিটি প্রতিনিয়িত পাঠ্যক্রম বিষয়ক সমস্যা নিরসন ও নৈতিক শিক্ষা বিকাশে শিক্ষার্থীদের সাথে প্রতিনিয়ত ফোকাস গ্রুপ আলোচনার আয়োজন করে। এর ফলে কলেজের ছাত্র/ছাত্রীদের আত্মবিশ্বাস ও একাগ্রতার উল্লেখজনক অগ্রগতি সাধিত হয়েছে। ২০১৫ সালের বিবিএ (প্রফেশনাল) প্রোগ্রামের ৬ষ্ঠ সেমিষ্টারের পরীক্ষায় এ কলেজের শিক্ষার্থী জনাব মোঃ মামুনুর রহমান জিপিএ ৩.৯৫ অর্জন করে এবং তিনি সমগ্র বাংলাদেশের মধ্যে সর্বোচ্চ নম্বর পেয়েছে। আমাদের শিক্ষার্থীর এ ধরনের অর্জন আমাদের জন্য অত্যন্ত গর্বের বিষয়। এছাড়াও ৮জন শিক্ষার্থী উক্ত পরীক্ষায় জিপিএ ৩.৫০ পেয়েছে। জনাব মোঃ মামুনুর রহমানের এ অর্জনের স্বীকৃতি স্বরূপ কলেজের গভার্নিং কমিটির চেয়ারম্যান মহোদয় ডিবিআই পরিচালিত দুদিনব্যাপী প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদান করেন। বিবিএ কলেজ-এর ক্যাম্পাসে শিক্ষার্থীদের আয়োজিত "এন্টারপ্রেনিউরশীপ ফেয়ার'-এর আয়োজন করে, যেখানে ডিসিসিআই'র মহাসচিব প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ কলেজের শিক্ষার্থীর সংখ্যা আরো বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর সাথে জড়িত সকল পেট্রন কলেজের সার্বিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন এবং জাতীয় বিশ্ববিদ্যালয় এ কলেজ কর্তৃক বিবিএ কোর্স পরিচালনার বিষয়ে অত্যন্ত আশাবাদী।

ছাত্র/ছাত্রীদের মেধা বিকাশের জন্য কলেজের পক্ষ হতে ক্লাশ লেকচার, ব্যক্তিগত ও গ্রুপ প্রেজেনটেশন, ক্লাশ স্টাডি, এসাইনমেন্ট, গ্রুপ আলোচনা সভা প্রভৃতির আয়োজন করা হয়ে থাকে। ছাত্র/ছাত্রীদের সৃজনশীলতা ও শিক্ষার মান উন্নয়নে সামনের দিনগুলোতে এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

ডিবিআই লাইব্রেরী

ডিসিসিআই'র একটি পূর্ণাঙ্গ লাইব্রেরী রয়েছে। এটি ডিসিসিআই এবং ডিবিআই কলেজের গবেষণা ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের তথ্য সংগ্রহের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ বছর ঢাকা চেম্বারের লাইব্রেরী থেকে ব্যবসায়ী সম্প্রদায়ের সদস্যবৃন্দ, গবেষক, শিক্ষার্থীবৃন্দ, ঢাকা চেম্বারে সদস্যবৃন্দ অর্থনীতি ও ব্যবসা-বাণিজ্য সম্পর্কে প্রযোজনীয় তথ্য সংগ্রহ করেছেন। ডিসিসিআই লাইব্রেরীতে ৫৯৪২টি রেফারেন্স বই, ডিরেক্টরি এবং বিবিএ কোর্স সম্পর্কিত প্রয়োজনীয় বইয়ের সংগ্রহ রয়েছে। এ বছর ৩৭৮টি টেক্সট বই, ৮৬২টি রেফারেন্স বই, ৫৪৭টি টেন্ডার ডকুমেন্ট, ২১টি ট্রেনিং ক্যালেন্ডার সংগ্রহ করা হয়। এছাড়াও লাইব্রেরীর আকাইভ শাখায় সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ প্রকাশনা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ব্যবসায়িক জার্নাল সংরক্ষিত রয়েছে। ডিসিসিআই সদস্যবৃন্দ আন্তর্জাতিক দরপত্র সংগ্রহ করে থাকে। প্রতিদিন প্রায় ৭০জন এ লাইব্রেরী ব্যবহার করে থাকেন।

বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)-এর কার্যক্রম

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) এবং চট্রগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর যৌথ উদ্যোগে "বিজনেস ইনিশিয়েটিভ লিডিং ডেভেলপমেন্ট (বিল্ড)" গঠন করা হয়। বাংলাদেশের পাশাপাশি দক্ষিণ এশিয় অঞ্চলে বিল্ড বেসরকারী খাতের মতামত ও সুপারিশ উপস্থাপনের একটি অনন্য প্ল্যাটফর্ম, যার মাধ্যমে সরকারের সর্বোচ্চ পর্যায়ের নীতিনির্ধারকদের নিকট ব্যবসা সহায়ক পরিবেশ সৃষ্টির জন্য সুপারিশমালা উপস্থাপন করা হয়ে থাকে। সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলোর সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার মাধ্যমে সরকার ও বেসরকারীখাতের প্রতিনিধিত্বকারী প্ল্যাটফর্ম হিসেবে বাংলাদেশে ব্যবসায় ব্যয় হ্রাসের পাশাপাশি ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত নীতিমালা সংস্কার ও সহজীকরণের লক্ষ্যে বিল্ড পরিচালিত হচ্ছে।

সম্মানিত উপস্থিতি,

আপনারা অবগত আছেন যে, চেম্বারের এ সীমিত সম্পদের মাধ্যমে প্রয়োজনীয় বিশেষায়িত সকল সেবা প্রদান করা সম্ভব নয়। কিছু কিছু ক্ষেত্রে ডিসিসিআই দাতা সংস্থাগুলোর সহায়তায় সম্মানিত সদস্যবৃন্দের জন্য গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। বিভিন্ন দাতা সংস্থার সহায়তায় প্রতিবছর ডিসিসিআই কিছু প্রকল্প বাস্তবায়নের কাজ হাতে নেয়। এ ধরনের প্রকল্পগুলোর মাধ্যমে চেম্বার অত্যন্ত ভালো মানের বিশেষায়িত সেবা প্রদান করছে যা ডিসিসিআই এককভাবে প্রদান করতে সক্ষম নয়। নিচে এমন কিছু প্রকল্পের সংক্ষিপ্তসার উপস্থাপন করা হলো ঃ

১. ডিসিসিআই-আইটিসি প্রজেক্ট ফর এনহেনসিং এক্সপোর্ট ক্যাপাসিটিজ অফ এশিয়ান এলডিসি ফর ইন্ট্রা-রিজিওন্যাল ট্রেড (এশিয়ান এলডিসি ভুক্ত দেশগুলোর আঞ্চলিক বাণিজ্য বৃদ্ধিতে রপ্তানীর দক্ষতা বৃদ্ধি)

ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার, চায়নার উদ্যোগে গৃহীত "ডিসিসিআই-আইটিসি প্রজেক্ট ফর এনহেনসিং এক্সপোর্ট ক্যাপাসিটিজ অফ এশিয়ান এলডিসি ফর ইন্ট্রা-রিজিওন্যাল ট্রেড" প্রকল্পের আওতায় বাংলাদেশ সহ এশিয়ার এলডিসি ভুক্ত দেশগুলোর ক্ষুদ্র ও মাঝারী এন্টারপ্রাইজ সমূহে চীনের বাজারের পণ্য রপ্তানী বৃদ্ধিতে দক্ষতা বাড়ানোর কার্যক্রম গ্রহণ করা হবে। এ লক্ষ্যে প্রকল্পের আওতায় ৩টি স্ট্রাটেজি গ্রহণ করা হয়েছে, যেগুলো হলোঃ

Under the counseling Committee, students are counseled regularly to resolve their issues regarding academic and morality. As a result, their self motivation processes have been improved. It is really a matter of pride for us that one of our students Md. Mamonur Rashid has got a CGPA 3.95 out of 4 in 6th semester of BBA (Professional) Programme in 2015 which is the highest record marks for the semester in entire Bangladesh. Other 8 (eight) students also scored above 3.50 out of 4. Chairman of Governing Body has congratulated to the guardians of those students. Md. Mamonur Rashid was provided with the opportunity to participate in a two days Certificate Course at DBI for his remarkable achievement. An entrepreneurship fair was arranged at DBI college campus and Secretary General of DCCI inaugurated the fair.

Steps are being taken to attract and retain good students in large group. All patrons of DBI college have been proactive towards the attainment of desired goals for which National University has shown confidence on the ability of DBI College for running BBA Professional programme successfully.

Besides class lectures, individual and group presentation, class study, assignments, group discussion, exercise and other interactive methods of learning are being followed to explore and expose students potential. Much effort has been taken to gradually enhance students' standard of assimilation, analysis and creativity.

Activities of DCCI Library

DCCI has a well-equipped library with collection of 5942 books, journals, magazines and publications. It helps learning and development of DBI college students and DCCI members. DCCI members use it particularly for International Tenders and consulting International Directories. A good number of users often visit the library. During 2017, 378 Text Books, 862 Reference Books (Directories, Magazines, Journal), 547 Tender Documents, 21 Training materials were procured for the Library. It has also an enriched archive with rare collection including government & non-government publications, National & International business and commercial Publications with space for study. Almost 70 users visit and use the library every day.

Activities of Business Initiative Leading Development (BUILD)

Business Initiative Leading Development (BUILD) is a joint initiative of Dhaka Chamber of Commerce & Industry (DCCI), Metropolitan Chamber of Commerce and Industry and Chittagong Chamber of Commerce and Industry. BUILD is a unique example in the country and probably in the region for raising a coordinated voice of the private sector to the highest level of bureaucracy and providing policy inputs to the Government for a balanced policy prescription for the private sector and creating a level playing field for business. Bangladesh's private sector-led business reform champion-BUILD has been designed as a sustainable platform for action-oriented business reforms that simplify the process of doing business in Bangladesh, by working closely with the Government.

Distinguished Friends,

Perhaps you are aware that with the limited resources of the Chamber, it is not possible to conduct all necessary specialized services besides rendering its traditional services. In some cases DCCI solicits support from the donor organizations to render its services to the members. Every year DCCI conceptualizes some important projects with the help from donor organizations. All these projects helped the Chamber to initiate several high-profile technical activities which sometimes are beyond the capacity of DCCI on its own. Some of these important projects are very briefly mentioned below:

1. DCCI-ITC Project Enhancing Export Capacities of Asian LDCs for Intra-regional Trade

DCCI-ITC Project for Enhancing Export Capacities of Asian LDCs for Intraregional Trade is funded by ITC, aims at increasing exports of Small and Medium sized Enterprises (SMEs) from Bangladesh including Asian LDCs to China to take advantage of Asia's largest and most dynamic import market, as a stimulus to boost intraregional trade in target sectors.

১। চীনে রপ্তানীযোগ্য পণ্য ও সম্ভাবনাময় বাজার সম্পর্কে তথ্য প্রদান;

২। এসএমই খাতের উদ্যোক্তাদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধির পাশাপাশি কিভাবে চীনে পণ্য রপ্তানি করা যায়, সে বিষয়ে সম্যক ধারণ প্রদান;

৩। চীনের সম্ভাবনাময় ক্রেতা ও ব্যবসায়ীদের সাথে সরাসরি যোগাযোগ স্থাপন এবং প্রযুক্তিগত ও দক্ষতা বিনিময়;

দি চায়না কাউন্সিল ফর দি প্রোমশন অফ ইন্টারন্যাশনাল ট্রেড (সিসিপিআইটি), দি এক্সপোর্ট প্রমোশন এজেন্সী অফ আফগানিস্তান (ইপিএএ), ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দি মিনিস্ট্রি অফ কমার্স অফ দি কিংডম অফ কম্বোডিয়া, দি ট্রেড অ্যান্ড প্রডাক্ট প্রমোশন ডেভেলপমেন্ট (টিপিপিডি) অফ দি মিনিস্ট্রি অফ ইন্ডাস্ট্রি অফ কমার্স অফ লাউস, দি ইউনিয়ন অফ মায়ানমার ফেডারেশন অফ চেম্বারস অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি অ্যান্ড দি ট্রেড অ্যান্ড এক্সপোর্ট প্রেমোশন সেন্টার (টিইপিসি) অফ নেপাল যৌথভাবে প্রকল্পটি বাস্তবায়ন করছে।

এ প্রকল্পের আওতায় আইটিসি'র সহযোগিতায় ঢাকা চেম্বার আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ও দক্ষ বিশেষজ্ঞের তত্বাবধানে নির্বাচিত বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের চীনের বাজারে পণ্য রপ্তানি বৃদ্ধির পাশাপাশি রপ্তানি বৃদ্ধিতে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং চীনের বাজার সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। ২০১৭ সালে ঢাকা চেম্বার এবং আইটিসি যৌথভাবে প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করে, যার মাধ্যমে নির্বাচিত ১৮টি ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের একটি প্ল্যাটফর্ম তৈরি করা হবে, যেখান থেকে অনলাইনের মাধ্যমে চীনের বাজারে পণ্য রপ্তানির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। ইতোমধ্যে এ প্রকল্পের আতওায় এসএমই খাতের ৪৩টি প্রতিষ্ঠানকে চীনের পণ্য রপ্তানির বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উপরন্তু, প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের মধ্যে দক্ষ ৩টি প্রতিষ্ঠান চীনের কুনমিং-এ অনুষ্ঠিত "ল্যানচেং-মেকং রিজওন্যাল কমুডিটি এক্সপোজিশন (এলএমসিই)"-এ অংশগ্রহণ করে এবং সেখানে নিজেদের উৎপাদিত পণ্য প্রদর্শনের সুযোগ পায়।

২. ডিসিসিআই-ইউএনডিপি প্রাইভেট সেক্টর এসডিজি ডাটা হাব প্রোগ্রাম

দেশের বেসরকারী খাতের গৃহীত নতুন নতুন উদ্যোগ ও উদ্ভাবন কার্যক্রমকে আরো গতিশীল করার পাশাপাশি বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যে ইউএনডিপি'র গৃহীত প্রকল্পে সহায়তা বৃদ্ধিতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউনাইটেড ন্যাশনস্ ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি'র) মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ০৮ আগস্ট ২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়। সমঝোতা চুক্তির মাধ্যমে পরবর্তীতে গৃহীত প্রকল্পগুলো বাংলাদেশের টেকসই উন্নয়নের লক্ষ্যে বেসরকারীখাতের প্রভাব ও এ বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহে একটি প্লাটফর্ম হিসেবে কাজ করবে। উল্লেখ্য, ইউএনডিপি এবং ইউনাইটেড নেশনস ভলানটিয়ার্স প্রোগ্রাম এ বছর ইনোভেশন হাব নামে একটি অংশীদারিত্বমূলক মডেল উদ্ভাবন করে যা ইউএনডিপি এবং বেসরকারীখাতের মধ্যে অংশীদারিত্ব নিশ্চিত করবে।

বর্তমানে এসডিজি'র লক্ষ্যমাত্রা বাস্তবায়নে বেসরকারী খাতের ভূমিকা নির্ধারণ ও মূল্যায়নের সুনির্দিষ্ট কোন ফ্রেমওয়ার্ক নেই। এ প্রকল্পটি এসডিজিতে বেসরকারীখাতের ভূমিকা চিহ্নিতকরণের লক্ষ্যে তথ্য-উপাত্ত সন্নিবেশিত করবে, যার মাধ্যমে এ বিষয়ে নীতিমালা প্রণয়ন, লক্ষ্য অর্জনের জন্য নকশা প্রণয়ন এবং কো-ব্রান্ডিং কার্যক্রম পরিচলনার জন্য পার্টনার নির্বাচন করবে।

ইউএনডিপি-ডিসিসিআই পার্টনারশিপ ফ্রেমওয়ার্ক-এর আওতায় ২০১৭ সালের অক্টোবর ও নভেম্বর মাসে ইউএনডিপি এবং ডিসিসিআই যৌথভাবে "প্রাইভেট সেক্টর পার্টনারশিপ ইমপ্যাক্ট" শীর্ষক ওয়ার্কিং সেশন আয়োজন করে, যেখানে ২১টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে, যার মধ্যে ১৯টি প্রতিষ্ঠান "প্রাইভেট সেক্টর ডাটা হাব প্রোগ্রাম" কর্মসূচীতে তথ্য প্রদানে সম্মতি দিয়েছে।

এ প্রকল্পের আতওায় ভবিষ্যতে এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনে নির্বাচিত প্রতিষ্ঠানগুলোর সামাজিক দায়বদ্ধতা, পিপিপি'র আওতায় বিনিয়োগ এবং বিনিয়োগের প্রভাব বিষয়ক তথ্য সংগ্রহ করা হবে এবং সংগৃহীত তথ্যের আলোকে এসডিজিতে বেসরকারীখাতের ভূমিকা নির্ধারণ ও সক্রিয় অংশগ্রহণের বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।

৩. রিসোর্স এফিসিয়েন্সি সাপ্লাই চেইন ফর মেটাল প্রডাক্টস ইন বিল্ডিং সেক্টর ইন সাউথ এশিয়া (মেটাবিল্ড)

বাংলাদেশ, ভারত, নেপাল এবং শ্রীলংকার মেটাল সেক্টরের এসএমই উদ্যোক্তাদের প্রযুক্তিগত সহায়তা প্রদানের পাশাপাশি বর্জ্য ব্যবস্থাপনা, দূষণ কমানো, পরিবেশ সুরক্ষা, উৎপাদন ব্যায় কমানো এবং সম্পদের ব্যবহারের দক্ষতা উন্নয়নে ইউরোপীয় ইউনিয়ন, টিইআরআই, ভারত যৌথভাবে ২০১৫ সালে "রিসোর্স এফিসিয়েন্সি সাপ্লাই চেইন ফর মেটাল প্রডাক্টস ইন বিল্ডিং সেক্টর ইন সাউথ এশিয়া (মেটাবিল্ড)" শীর্ষক প্রকল্প গ্রহণ করে। বাংলাদেশের একমাত্র প্রতিনিধি হিসেবে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি এ প্রকল্পে যোগদান করে, যেটি ২০২০ সাল পর্যন্ত চলবে। এ প্রকল্পের আওতায় ডিসিসিআইতে ১৫জন টেকনিক্যাল কনসালটেন্ট কাজ

For this purpose, the project adopts a three-pronged strategy:

- Production of comprehensive materials and tools to increase availability and accessibility to customized trade-related information on the Chinese market
- Capacity building to improve SMEs awareness and understanding on how to export to the Chinese market
- Application to the information, knowledge and skills transferred through direct contracts with potential Chinese buyers and business partners, identification of new business opportunities and partnerships

The Project is implemented in partnership with Trade Support Institutions (TSIs) in the 6 Asian LDCs and China: the China Council for the Promotion of International Trade (CCPIT), the Export Promotion Agency of Afghanistan (EPAA), the Dhaka Chamber of Commerce & Industry (DCCI), the Ministry of Commerce of the Kingdom of Cambodia, the Trade and Product Promotion Development (TPPD) of the Ministry of Industry and Commerce (MOIC) of Lao PDR, the Union of Myanmar Federation of Chambers of Commerce and Industry and the Trade and Export Promotion Centre (TEPC) of Nepal.

Under the project framework DCCI in support with ITC mobilized international experts to coach and build up the market intelligence capacity of selected SMEs in Bangladesh to explore Chinese market. In 2017, DCCI and ITC jointly organized a boot-camp where total 18 SMEs participated to list their products on an e-commerce platform for conducting online business in the Chinese market. So far, 43 SMEs received training on capacity building to improve SMEs awareness and understanding on how to export to the Chinese market. In addition, three selected SMEs who received training under this project participated in the Lancang-Mekong Regional Commodity Exposition (LMCE) exposition held in Kunming, China.

2. UNDP-DCCI Private Sector SDG Data Hub Program

United Nations Development Programme (UNDP) Bangladesh and Dhaka Chamber of Commerce & Industry (DCCI) singed a MoU to form partnership towards developing private sector SDG data hub. Under this partnership framework titled Private Sector Data Hub Initiative, UNDP and DCCI will explore industry-specific Research & Development (R&D) collaboration, identify private sector indicators linked to SDGs, cooperate, facilitate and expand collaboration with private sector aiming to assessing and mapping the private sector impact towards implementation of the SDG 2030.

Currently there is no mechanism to identify and quantify private sector's impact on SDG implementation. The program is aim to generate data based evidence of private sector's impact on SDG and then use that evidence for policy advocacy, pilot projects design and choosing partners for co-branding activities.

Under this UNDP-DCCI partnership framework, UNDP and DCCI have jointly organized working sessions on 'Private Sector Impact towards SDG' with 21 companies during October-November 2017. Of the total 21 companies, 19 companies agreed to share data with Private Sector Data Hub program.

In next stage, the program will survey the selected companies to quantify direct investment in development such as corporate Social Responsibility, Public Private Partnership investments and impact investment focusing on SDGs. Based on the findings, a customized online private sector dashboard linking with specific activities of SDGs will be developed.

3. Resource efficient supply Chain for metal products in Building Sector in South Asia (METABUILD)

In order to ensure improved production process in metal components for building sector in Bangladesh, India, Nepal, Sri Lanka, Improved working and living condition through emission reduction and resource efficiency throughout entire supply chain management process focusing metal components, European Commission and TERI, India entered into the consortium agreement of six countries (Austria, Germany, India, Nepal, Sri Lanka and Bangladesh) called Resource Efficient Supply Chain for metal products in Building Sector in South Asia (METABUILD) in 2015. DCCI inked the deal as the only partner of Bangladesh and project will continue till 2020. As of today, 11 technical consultants are working for DCCI

করছে। বাংলাদেশকে এখাতের কমপক্ষে ২৪০টি ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানে আরইসিপি বাস্তবায়ন করতে হবে। এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ঢাকা ও চট্রগ্রামে ৬৫টি প্রতিষ্ঠানে জরিপ ও কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং উক্ত বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। এ প্রকল্পটি বাংলাদেশের মেটাল খাতের সাথে সম্পৃক্ত উদ্যোক্তাদের পণ্য উৎপাদন, সাপ্লাইন চেইন ব্যবস্থার উন্নয়ন, পরিবেশ সুরক্ষায় ভবিষ্যতে কার্যকর ভূমিকা রাখবে।

৪. ইউএসএআইডি'র এগ্রিকালচারাল ভ্যালু চেইনস্ (এভিসি) প্রজেক্ট

বাংলাদেশের কৃষি খাতের উন্নয়নের পাশাপাশি সরকারী ও বেসরকারীখাতে সম্পৃক্ততা বাড়ানোর লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং "ফিড দি ফিউচার বাংলাদেশ এগ্রিকালচার ভ্যালু চেইন এক্টিভিটি (এভিসি)"-এর সাথে স্বাক্ষরিত সমঝোতা চুক্তির মাধ্যমে "ইউএসএআইডি'র এগ্রিকালচাল ভ্যালু চেইনস্ (এভিসি)" প্রকল্পটি গ্রহণ করেছে। এ চুক্তির আওতায় দেশের কৃষি খাতের সার্বিক উন্নয়নের পাশাপাশি কৃষি পণ্যের বাজারজাতকরণ ও কমার্শিয়ালাইজেশন, কৃষি খাতে বিনিয়োগ বৃদ্ধি, গ্লোবাল গ্যাপে সম্পৃক্তকরণ প্রভৃতি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হবে। ইতোমধ্যে এ প্রকল্পের আওতায় ঢাকা ও ঢাকার বাইরে ১৩টি সেমিনার, ডায়ালগ এবং ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। এ প্রকল্পের প্রথম ধাপের কাজ এরই মধ্যে সফলভাবে সম্পন্ন হয়েছে।

৫. ২০০০ নতুন উদ্যোক্তা তৈরি (ই টু কে)

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় সারা দেশে "২০০০ নতুন উদ্যোক্তা তৈরি (ই টু কে)" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করেছে। বাংলাদেশ ব্যাংকের সহায়তায় ২০১৩ সালের এপ্রিল মাস থেকে এ প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। ইটুকে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য "ডিসিসিআই-ডাই প্রকল্প"-এর সাথে উক্ত প্রকল্পটি সম্পৃক্ত করা হয়েছে।

৬. এনটিএফ-থ্রি বাংলাদেশ প্রকল্প

এনটিএফ-থ্রি বাংলাদেশ প্রকল্পটি নেদারল্যান্ডস্ ট্রাষ্ট ফান্ডের আওতায় পরিচালিত তৃতীয় পর্বের একটি কার্যক্রম, যা এনটিএফ-টু প্রকল্পের সফল বাস্তবায়নের উপর ভিত্তি করে নতুন ভাবে কাজ শুরু করেছে। উল্লেখ্য, এনটিএফ-টু প্রকল্পটি ২০১০ সালের অক্টোবরে শুরু হয়ে ২০১৩ সাল পর্যন্ত কার্যক্রম পরিচালনা করে এবং এনটিএফ-থ্রি প্রকল্পটি ২০১৭ সালের জুন পর্যন্ত পরিচালিত হয়। এ প্রকল্পের উদ্দেশ্য ছিল আইটি এবং আইটিইএস খাতের ব্যবসায়ীদের প্রাতিষ্ঠানিক বাজারজাতকরণ ও দক্ষতা বৃদ্ধি, বিটুবি বিষয়ক দক্ষতার উন্নয়ন এবং বিদেশী ব্যবসায়ীদের সাথে অনলাইন ও অফলাইনে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষায় কৌশল প্রণয়ন ও সর্বোপরি তথ্য-প্রযুক্তি খাতে অধিক সক্ষমতা অর্জনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।

সম্মানিত অতিথিবৃন্দ

আপনি অবগত আছেন যে, সেমিনার, আলোচনা সভা, কর্মশালা এবং ব্রেইন স্টর্মিং সেশন আয়োজন করা ঢাকা চেম্বারের একটি অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। এ সব অনুষ্ঠানের মাধ্যমে ডিসিসিআই বেসরকারি খাতের বিকাশের জন্য একটি সহায়ক পরিবেশ তৈরি ও বিদ্যমান পরিস্থিতি উন্নয়নে সরকারের নিকট সুপারিশ পেশ করে থাকে। ডিসিসিআই কর্তৃক বছরব্যাপী আয়োজিত এ সব অনুষ্ঠানে সরকারের গুরুত্বপূর্ণ প্রায় সকল মন্ত্রীবর্গ অংশগ্রহণ করেছেন। ২০১৭ সালে অনুষ্ঠিত এ ধরনের কতিপয় উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরনী নীচে উপস্থাপন করা হলোঃ

১। এগ্রি বিজনেস বুস্টার বাংলাদেশ-এর সহায়তায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি এগ্রিকালচারাল ভ্যালু চেইন্স প্রোগ্রাম (ডাই) যৌথভাবে আয়োজিত "কৃষি খাতের ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তা উন্নয়নে ঋণ সহায়তা প্রদানে প্রতিবন্ধকতা ও সমাধান" শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত।

২। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউরোপিয়ান ইউনিয়ন এর অর্থায়ান পরিচালিত মেটাবিল্ড প্রজেক্ট যৌথভাবে আয়োজিত "ইস্পাত খাতে দক্ষ জ্বালানী ব্যবহারের মাধ্যমে দূষণমুক্ত উৎপাদন ব্যবস্থা নিশ্চিতকরণ" বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত।

৩। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) যৌথভাবে আয়োজিত "রোড টু ২০৩০ ঃ অগ্রাধিকার ভিত্তিতে কৌশল নির্ধারণ" বিষয়ক গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত।

৪। "বাংলাদেশ অবকাঠামো ২০৩০" শীর্ষক অনুষ্ঠানের "ফাইন্যান্সিং দি ফিউচার অ্যান্ড হাউ টু ফিন্যান্স" বিষয়ক ব্রেইন স্টর্মিং সেশন অনুষ্ঠিত।

in this project. Bangladesh is required to conduct the RECP operation in maximum 240 SMEs. As of today, Project technical team has reached out and conducted RECP assessment in 77 companies in both Dhaka and Chittagong with significant achievement of Project objectives. The project is expected to ensure energy and resource efficiency in Metal industry of Bangladesh facilitating resource efficient industrial growth escalation in Bangladesh in the years to come.

4. USAID's Agricultural Value Chains (AVC) Project

DCCI has entered into an Adaptive Market Actor Agreement with Feed the Future Bangladesh Agriculture Value Chain Activity (AVC) under which DCCI received a Fixed Award Grant to implement activities that will help to engage public and private partners in key agricultural sectors such as agricultural marketing and commercialization, investment in agriculture, and assessing the impact of Global G.A.P. and other compliance certifications as promotional tools and tactics. As part of these activities, DCCI, supported by AVC, has organized 13 different seminars, dialogues, workshops both in Dhaka and outside of Dhaka. DCCI has successfully completed the Phase-1 of DCCI-DAI Project.

5. Creating 2000 new Entrepreneurs (E2K)

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) in cooperation with Bangladesh Bank has taken up an ambitious and a Mega Project namely "Creation of 2000 New Entrepreneurs (E2K)" across the country. The activity of the project has started since 2013 and the project is being operated by DCCI under the guidance of Bangladesh Bank. To operationalise the E2K objectives and its network, the activities of E2K is being linked with USAID funded DCCI-DAI Project.

6. NTF III Bangladesh project:

The NTF III Bangladesh project is part of the Netherlands Trust Fund phase III program and builds on the achievements of the project deployed in Bangladesh under the previous Netherlands Trust Fund phase II (NTFII) program (NTF II Bangladesh project), which took place between October 2010 and June 2013. The NTF III Project continued till June 2017 to strengthen a number of IT and ITES businesses for institutional marketing capacities, including the B2B capacity both on and offline and working with foreign trade representatives for promotion of ICT strength and enhancing the competitiveness of the sector, ultimately contributing to employment generation and sustainable economic development.

Distinguished Members,

You are aware that organizing seminars, discussion meetings, workshops, brain-storming sessions are some of the most important events of the Chamber. With this operation, DCCI proposed several pro-private sector development measures, reform propositions to create business and investment friendly environment. Hon'ble Ministers of the Government, Members of Parliament and representatives from concerned Government agencies, ministries participated in those Seminars, Workshops, and Programs organized by DCCI. I would like to focus some of excerpts of those events held:

DCCI Events during 2017:

1. Workshop on Opportunities and Challenges of Equity Investment in Agro SME for Private Sector Growth in Bangladesh jointly organized by DCCI & Agribusiness Booster (AbB) Lead Bangladesh at DCCI
2. Seminar on "Resource Efficient Cleaner Production (RECP) & its benefits for Metal Industries" Organized by METABUILD Project at DCCI
3. Round Table Discussion Road to 2030 : Strategic Priorities jointly organized by DCCI & ERF Brainstorming at DCCI
4. Brainstorming discussion on 'Financing the Future & How to Finance' under the theme of 'Bangladesh Infrastructure 2030'

৫। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "আয়কর এবং ভ্যালু এ্যাডেড ট্যাক্স (ভ্যাট) বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত।

৬। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "ব্লু ইকোনোমি ঃ নতুন দিগন্ত, নতুন সম্ভাবনা" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত।

৭। জাতীয় বাজেট ২০১৭-১৮ বিষয়ে ডিসিসিআই'র সংবাদ সম্মেলন অনুষ্ঠিত।

৮। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি ভ্যালু চেইনস প্রজেক্ট (এভিসি) যৌথভাবে আয়োজিত "কৃষি খাতে বিকল্প অর্থায়নের সুযোগ" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত।

৯। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউকে এইড-এর বিজনেস ফাইন্যান্স ফর দি পুওর ইন বাংলাদেশ (বিএফপি-বি) যৌথভাবে আয়োজিত "বাংলাদেশ এসএমই খাতের অর্থায়নে উদ্ভাবনী ফান্ড" বিষয়ক ওয়ার্কশপ অনুষ্ঠিত।

১০। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি যৌথভাবে আয়োজিত "পাট হতে পরিবেশবান্ধব পাল্প ও কাগজ প্রস্তুত" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত।

১১। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "বাংলাদেশের অবকাঠামো" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত।

১২। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি'র এগ্রিকালচার ভ্যালু চেইনস (এভিসি) প্রজেক্ট যৌথভাবে আয়োজিত "আমের বাজারজাতকরণে নীতি সহায়ক পরিবেশ" বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত।

১৩। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ডিসিসিআই-ডাই প্রজেক্ট যৌথভাবে আয়োজিত "ইন্ট্রোডাকশন অব বাংলাদেশ গ্লোবাল এগ্রিকালচার প্র্যাকটিস (গ্যাপ)" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত।

১৪। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "জ্বালানি নিরাপত্তা ২০৩০ ঃ চ্যালেঞ্জ ও সম্ভাবনা" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত।

১৫। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "চট্টগ্রাম বন্দরের বর্তমান অবস্থা ও উত্তরণের উপায়" শীর্ষক গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত।

১৬। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি'র এগ্রিকালচারাল ভ্যালু চেইনস (এভিসি) প্রজেক্ট যৌথভাবে আয়োজিত "নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ ও নীতিমালা কার্যকর" বিষয়ক গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত।

১৭। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি'র এগ্রিকালচারাল ভ্যালু চেইনস (এভিসি) প্রজেক্ট যৌথভাবে আয়োজিত টমোটো সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণ বিষয়ক গোলটেবিল আলোচনা সভা অনুষ্ঠিত।

১৮। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত "ব্যবস্থাপনা কার্যক্রমে দেশীয় ব্যবস্থাপকদের দক্ষতা বৃদ্ধি" বিষয়ক সেমিনার অনুষ্ঠিত।

১৯। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএনডিপি-বাংলাদেশ যৌথভাবে আয়োজিত "ইমপ্যাক্ট বাংলাদেশ ফোরাম ২০১৭" অনুষ্ঠিত।

মাননীয় মন্ত্রীবর্গ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সাথে সৌজন্য সাক্ষাৎ

১। মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত, এম.পি-এর সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সাক্ষাৎ করেন অর্থনৈতিক বিভিন্ন ব্যাপারে আলোচনা করেন।

২। মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এম.পি-এর সাথে শিল্পভবনে তাঁর কার্যালয়ে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সাক্ষাৎ করেন।

৩। মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, এম.পি-এর সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে ডিসিসিআই'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সাক্ষাৎ করেন।

৪। মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব আ হ ম মোস্তাফা কামাল, এমপি-এর সাথে ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সাক্ষাৎকার অনুষ্ঠিত।

৫। বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথিউরিটি (বিডা)'র নির্বাহী চেয়ারম্যান কাজী এম আমিনুল ইসলাম-এর সাথে ডিসিসিআই'র সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি এবং সহ-সভাপতি মহোদয়ের সাক্ষাৎকার অনুষ্ঠিত।

৬। বাংলাদেশ ব্যাংক-এর মাননীয় গভর্ণর জনাব ফজলে কবির-এর সাথে ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সাক্ষাৎকার অনুষ্ঠিত।

৭। জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমান-এর সাথে ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সাক্ষাৎকার অনুষ্ঠিত।

৮। জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোঃ নজিবুর রহমানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে জাতীয় বাজেট ২০১৭-১৮ বিষয়ে ঢাকা চেম্বারের প্রস্তাবনা তুলে ধরা হয়।

5. Workshop on Income Tax and Value Added Tax (VAT) at DCCI
6. Seminar on Blue Economy: New Frontier New Possibility organized at DCCI
7. Press Conference on upcoming national Budget 2017-18 at DCCI
8. Seminar on "Alternative Financing Options in Agriculture Sector" at DCCI
9. Workshop on "Innovative Fund for MSE Financing in Bangladesh" jointly organized by DCCI and Nathan Associates at DCCI
10. Seminar on Eco-Friendly Pulp and paper processing from Jute organized by DCCI at DCCI
11. Round Table Discussion on Bangladesh Infrastructure organized by DCCI at Ball Room, Pan Pacific Sonargaon
12. Dialogue titled "Mango Dialogue Series" jointly organized by DCCI & USAID Project at DCCI
13. Seminar on "Introduction to Bangladesh GAP" jointly organized by DCCI & USAID Project at DCCI
14. Seminar on "Energy Security 2030: Challenges & Opportunities' at La vita Hall, Lakeshore Hotel
15. Discussion Meeting on "Chittagong Port: Current Status and Way Forward", La vita Hall, Lakeshore Hotel
16. "Consumer Awareness Dialogue on Fresh Food Safety and Its Protocol" jointly organized by DCCI DAI Project at DCCI
17. "Pre-season dialogue program on Tomato" jointly organized by DCCI DAI Project at DCCI
18. Seminar on Local Managerial Capacity Building" at DCCI
19. 'Impact Bangladesh Forum 2017' organized by DCCI & UNDP at Radisson Blu Dhaka Water Garden

DCCI Board of Directors/President called on:

1. Members of the Board of Directors, DCCI called on Mr. Abul Maal Abdul Muhith, MP, Hon'ble Finance Minister
2. Members of the Board of Directors, DCCI called on Mr. Amir Hossain Amu, MP, Hon'ble Industries Minister, Ministry of Industries
3. Members of the Board of Directors, DCCI called on Mr. Tofail Ahmed, MP, Hon'ble Commerce Minister, Ministry of Commerce
4. Members of the Board of Directors, DCCI called on Mr. AHM Mustafa Kamal, MP, Hon'ble Planning Minister
5. Members of the Board of Directors, DCCI called on Mr. Kazi M. Aminul Islam, Executive Chairman, BIDA
6. Members of the Board of Directors, DCCI called on Mr. Fazle Kabir, Hon'ble Governor of Bangladesh Bank
7. Members of the Board of Directors, DCCI called on Mr. Md. Nojibur Rahman, Chairman, NBR
8. Members of the Board of Directors, DCCI had a pre-budget discussion meeting with Mr. Md. Nojibur Rahman, Chairman, NBR to place DCCI's budget recommendations.

টিভি টক শো/সাক্ষাৎকার অংশগ্রহণ

১। ডিসিসিআই সভাপতি'র সময় টেলিভিশনে সাক্ষাৎকার প্রদান।

২। ডিসিসিআই সভাপতি এনটিভি এবং এফবিসিসিআই যৌথভাবে আয়োজিত "কেমন বাজেট চাই?" শীর্ষক সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানে যোগদান।

৩। ডিসিসিআই সভাপতির দৈনিক প্রথম আলো'তে সাক্ষাৎকার প্রদান।

৪। ডিসিসিআই সহ-সভাপতির দৈনিক সমকাল-এ সাক্ষাৎকার প্রদান।

৫। বিশ্ব এ্যাক্রিডেটিশন দিবস ২০১৭ উপলক্ষে ডিসিসিআই সভাপতি'র বিটিভিতে সাক্ষাৎকার প্রদান।

৬। ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতির চ্যানেল ২৪-এ সাক্ষাৎকার প্রদান।

২০১৭ সালে অনুষ্ঠিত সভা

১। দক্ষিণ কোরিয়ায় নবনিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সাথে ডিসিসিআই পর্ষদের সভা অনুষ্ঠিত।

২। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)'র মহাপরিচালক (অডিট) জনাব মাসুদুর রহমানের সাথে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান'র বৈঠক অনুষ্ঠিত।

৩। ডিসিসিআই পরিচালনা পর্ষদ এবং ইন্ডিয়ান মুসলিম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিদলের মধ্যকার সভা অনুষ্ঠিত।

৪। ডিসিসিআই পরিচালনা পর্ষদ এবং ওয়েলস-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিদলের মধ্যকার সভা অনুষ্ঠিত।

৫। ডিসিসিআই পরিচালনা পর্ষদ এবং কুনমিং লিজিয়াং বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধিদলের মধ্যকার সভা অনুষ্ঠিত।

৬। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ প্রস্তাবিত প্রকল্প এসইডিআইই এর সম্ভাব্যতা যাচাইয়ের জন্য কোইকার প্রাথমিক ফিজিবিলিটি টিমের সাথে আলোচনা সভা।

৭। ডিসিসিআই পরিচালনা পর্ষদ এবং কুচিং চাইনীজ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিদলের মধ্যকার সভা অনুষ্ঠিত।

৮। ঢাকা চেম্বারের পরিচালনা পর্ষদ এবং চীনের ইউনান প্রদেশের প্রতিনিধিদলের মধ্যকার সভা অনুষ্ঠিত।

৯। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দের সাথে বাংলাদেশস্থ তুরস্কের রাষ্ট্রদূত মান্যবর দেভরিম ওজতুর্ক-এর মধ্যকার সাক্ষাৎকার অনুষ্ঠিত।

ডিসিসিআই সভাপতি হিসেবে বিভিন্ন সেমিনার, আলোচনা সভা ও ওয়ার্কশপে যোগদান

১। ডিসিসিআই সভাপতি'র বিডা আয়োজিত "জাপান-বাংলাদেশ কাউন্টারপার্ট ডায়ালগ"-এ যোগদান করেন।

২। ডিসিসিআই সভাপতির সাথে বাংলাদেশস্থ শ্রীলংকার হাইকমিশনার-এর সাক্ষাৎ।

৩। বাংলাদেশ সফররত বৃটিশ বাণিজ্য প্রতিনিধিদলের সম্মানে বাংলাদেশস্থ বৃটিশ দূতবাস আয়োজিত নৈশভোজে ডিসিসিআই সভাপতি'র যোগদান।

৪। "এশিয়া-প্যাসিফিক বিজনেস ফোরাম ২০১৭" উপলক্ষে আইসিসি-বাংলাদেশ আয়োজিত সংবাদ সম্মেলনে ডিসিসিআই সভাপতির যোগদান।

৫। বিডা আয়োজিত "বাংলাদেশে বেসরকারীখাতের বিনিয়োগ বৃদ্ধিতে ব্যবসা-বাণিজ্যের পরিবেশ উন্নয়নে বিদ্যমান প্রতিবন্ধকতা দূরীকরণ" বিষয়ক ওয়ার্কশপে ঢাকা চেম্বারের সভাপতির যোগদান।

৬। ইপিবি'র ১৩৬তম পরিচালনা পর্ষদের সভায় ডিসিসিআই সভাপতির যোগদান।

৭। জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক "উপ-কর কমিশনার"-এর সভায় প্রধান বক্তা হিসেবে ডিসিসিআই সভাপতির যোগদান।

৮। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ে "এ জার্নি টুওয়ার্ডস এন্টারপ্রেনিউরশীপ" গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতির যোগদান।

Interviews and Talk shows

1. DCCI President Mr. Abul Kasem Khan gave an interview to Somoy TV
2. DCCI President Mr. Abul Kasem Khan attended live Budget program titled "Kemon Budget Chai" jointly organized by FBCCI and NTV at the Ball Room, Pan Pacific Sonargaon Hotel
3. DCCI President Mr. Abul Kasem Khan gave an interview to The Daily Prothom Alo
4. DCCI President Mr. Abul Kasem Khan gave an interview to The Daily Samakal
5. DCCI President Mr. Abul Kasem Khan gave an interview to BTV on the occasion of World Accreditation Day 2017
6. DCCI Senior Vice President Mr. Kamrul Islam, FCA gave an interview to Channel 24

During the Year 2017 the following meetings were held

1. Members of the Board of Directors attended the meeting with the newly appointed Ambassador of South Korea to Bangladesh at DCCI Gulshan Centre
2. DCCI President Mr. Abul Kasem Khan had a meeting with Mr. Masudur Rahman, DG, Audit, NBR at DCCI
3. Members of the Board of Directors attended a meeting with the delegation from Indian Muslim Chamber of Commerce & Industry, India
4. Members of the Board of Directors attended a meeting with Wales Bangladesh Chamber of Commerce at DCCI
5. Board of Directors attended a meeting with the delegation from Kunming Lijiang Port Office, Yunnan Province, China
6. KOICA's Preliminary Feasibility Study Mission visit DCCI to study Economic Relations Division's proposed project "Socio-economic development through innovation and Entrepreneurship (SEDIE) in Bangladesh"
7. Members of the Board of Directors attended B2B meeting with Kuching Chinese General Chamber of Malaysia
8. Members of the Board of Board of Directors attended meeting with the delegation from China Yunnan Province
9. Members of the Board of Director and Members of the delegation attended a meeting with H.E. Mr. Devrim Öztürk, Ambassador, Turkish Embassy in Bangladesh

Meetings attended by the President, DCCI

1. Attended preparatory meeting on the Japan-Bangladesh counterpart dialogue organized by BIDA at the Board Room of BIDA
2. Called on the High Commissioner of Sri Lanka to Bangladesh at Sri Lankan High Commission
১৩।	জনাব এ কে মোঃ শামসুদ্দিন	-	মেসার্স ওয়ারেস কর্পোরেশন লিমিটেড
১৪।	সৈয়দ হাবিবুর রহমান	-	মেসার্স ফয়সাল কন্ট্রাকটিং কর্পোরেশন
১৫।	জনাব মামুন আকবর	-	মেসার্স এএমএ মেডিক্যাল লিমিটেড
১৬।	খন্দ. রাশেদুল আহসান	-	মেসার্স পিসেস কর্পোরেশন লিঃ
১৭।	জনাব ইমরান আহমেদ	-	মেসার্স নবাব অ্যান্ড সন্স
১৮।	জনাব মোঃ আরিফ হোসেন	-	মেসার্স নভো কার্গো সার্ভিসেস লিঃ
১৯।	জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্	-	মেসার্স রেমফ্রি অ্যান্ড সন লিমিটেড
২০।	জনাব এ. কে. এম. রফিক	-	মেসার্স বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিঃ
২১।	জনাব মোঃ শামীম ভূঁইয়া	-	মেসার্স হার্ট ইন্টারন্যাশনাল
২২।	জনাব আরাফাত আনসারী	-	মেসার্স ইউরো ভিজিল (প্রাঃ) লিমিটেড
২৩।	জনাব ওসমান গনি	-	মেসার্স আগামী প্রকাশনী
২৪।	জনাব এম এস সিদ্দিকী	-	মেসার্স বাংলা কেমিক্যাল
২৫।	জনাব এম বশির উল্লাহ ভূঁইয়া	-	মেসার্স শ্যাডো ইন্টারন্যাশনাল
২৬।	জনাব আব্দুল হাকিম	-	মেসার্স এক্সিলেন্ট সিরামিক ইন্ডাস্ট্রিজ লিমিটেড
২৭।	জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	-	মেসার্স ইউনিসন্স গোল্ড লিমিটেড
২৮।	জনাব হোসেন এ সিকদার	-	মেসার্স হোমটেক ডেভেলপমেন্টস্ এন্ড হোল্ডিংস লিঃ
২৯।	আলহাজ্ব মোঃ আলাউদ্দিন মালিক	-	মেসার্স এভিন্স গার্মেন্টস
৩০।	জনাব কে এম এন মঞ্জুরুল হক	-	মেসার্স ওয়াইড লিংক ইন্টারন্যাশনাল

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৩১।	জনাব আসিফ ইব্রাহীম	-	মেসার্স নিউএইজ এ্যাপারেল্‌স লিমিটেড
৩২।	জনাব মোঃ ইকরাম ঢালি	-	মেসার্স সীমা প্যাকেজিং অ্যান্ড এক্সেসরিজ
৩৩।	ইঞ্জিঃ এম এ হক	-	মেসার্স ট্রান্সমিড লিঃ
৩৪।	জনাব মোঃ হারুন অর রশিদ	-	মেসার্স যমুনা ব্যাংক লিঃ
৩৫।	জনাব আফতাব-উল-ইসলাম	-	মেসার্স আইওই (বাংলাদেশ) লিমিটেড
৩৬।	জনাব মোক্তার হোসেন চৌধুরী	-	মেসার্স ইউনি-গ্লোব ট্রাভেলস
৩৭।	জনাব হোসেন খালেদ	-	মেসার্স এ জি অটোমোবাইলস লিমিটেড
৩৮।	খ. আতিক-ই-রাব্বানী, এফসিএ	-	মেসার্স দি কম্পিউটারস লিমিটেড
৩৯।	জনাব মাহবুবুর রহমান	-	মেসার্স ইটিবিএল হোল্ডিংস লিমিটেড
৪০।	জনাব মোঃ সবুর খান	-	মেসার্স ডেফোডিল কম্পিউটারস্‌ লিঃ
৪১।	জনাব মোহাম্মদ সরফুদ্দিন	-	মেসার্স আদর এন্টারপ্রাইজ
৪২।	জনাব হুমায়ুন রশিদ	-	মেসার্স এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড
৪৩।	ইঞ্জিঃ আকবর হাকিম	-	মেসার্স ইঞ্জিনিয়ারিং রিসোর্সেস ইন্টারন্যাশনাল লিঃ
৪৪।	জনাব এনামুল হক পাটোয়ারী	-	মেসার্স জুট অ্যান্ড ব্যাগস এক্সপোর্ট কর্পোরেশন
৪৫।	জনাব মোঃ আতিকুল হাসান	-	মেসার্স ফুড ইম্পোরিয়াম
৪৬।	জনাব মোঃ হাবিব উল্লাহ তুহিন	-	মেসার্স নাইস পাওয়ার এন্ড আইটি সলিউশন লিঃ
৪৭।	জনাব মোঃ নাজিম উদ্দিন	-	মেসার্স রফিক ট্রেডিং কর্পোরেশন
৪৮।	জনাব সাইদুল হাসান	-	মেসার্স আলেয়া কর্পোরেশন
৪৯।	জনাব মামুন উর রশিদ	-	মেসার্স বনানী মেডিক্যাল স্টোর
৫০।	জনাব মোঃ হাবিবুর রহমান	-	মেসার্স জাওয়াদ ড্রাগ
৫১।	জনাব মোঃ শোয়েব চৌধুরী	-	মেসার্স এস এস ভিশন লিমিটেড
৫২।	জনাব হোসেন আকতার	-	মেসার্স আনোয়ার এক্সপোর্ট এন্ড ইমপোর্ট কোং
৫৩।	জনাব নাসিরুদ্দিন এ ফেরদৌস	-	মেসার্স ধানমন্ডি ডেল অ্যান্ড কোম্পানী
৫৪।	ইঞ্জি. মোঃ আল আমিন	-	মেসার্স প্যারাডাইজ ডেভেলপমেন্ট অ্যান্ড কনস্ট্রাকশনস লিঃ
৫৫।	জনাব মোঃ রায়হান আলী খান	-	মেসার্স ক্রিয়েটিভ মার্কেটিং কোম্পানী
৫৬।	জনাব মোঃ খন্দঃ কামাল	-	মেসার্স কালস গোল্ডেন পিরামিড (প্রাঃ) লিঃ
৫৭।	জনাব মোহাম্মদ দাউদ রাইয়াজ	-	মেসার্স মা নিটিং এন্ড ডাইং ইন্ডাস্ট্রিজ লিঃ
৫৮।	জনাব মাহাবুব আনাম	-	মেসার্স মাহাবুব অ্যান্ড এসোসিয়েটস
৫৯।	জনাব এনামুল হক	-	মেসার্স গেটস্কীল
৬০।	জনাব এম আনওয়ারুল হক	-	মেসার্স টিপারা আয়রন অ্যান্ড টিন ফ্যাক্টরী লিঃ
৬১।	জনাব এম এ হামিদ	-	মেসার্স দিগন্ত এডভারটাইজিং
৬২।	জনাব এএইচএম জাকারিয়া	-	মেসার্স আজিজ পাইপস লিঃ
৬৩।	জনাব মোঃ মিজানুর রহমান	-	মেসার্স হোসেন ডাইং প্রিন্টিং মিলস্‌ লিঃ
৬৪।	জনাব সজিব কুমার	-	মেসার্স আনোয়ার সিমেন্ট লিঃ
৬৫।	জনাব আবু বকর্‌ মোঃ সিদ্দিক	-	মেসার্স অল-টেক মেশিনারি
৬৬।	জনাব মোঃ নুরুজ্জামান দিপু	-	মেসার্স দি বেঙ্গল প্রিন্টিং ওয়ার্কস
৬৭।	জনাব রফিকুল ইসলাম চৌধুরী	-	মেসার্স বাঙ্ক ট্রেড ইন্টারন্যাশনাল
৬৮।	জনাব মোঃ মজিব উল্যা ভূঁইয়া	-	মেসার্স মর্ডান ডায়াগনোস্টিক সেন্টার লিঃ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
৬৯।	জনাব খায়ের উদ্দিন	-	মেসার্স আনোয়ার সিল্ক মিলস লিঃ
৭০।	জনাব মোঃ গোলাম মোস্তফা	-	মেসার্স বিএনএফ ইঞ্জিনিয়ার্স লিঃ
৭১।	ইঞ্জিঃ এম আনিসুজ্জামান ভূঁইয়া রানা	-	মেসার্স জামান কনস্ট্রাকশন
৭২।	জনাব মোঃ আবুল কাসেম	-	মেসার্স কাবা ট্রেডিং কোং
৭৩।	জনাব মোঃ মানিক হোসেন	-	মেসার্স আনোয়ার সিমেন্ট সীট লিঃ
৭৪।	জনাব মোঃ নুরুজ্জামান	-	মেসার্স আনোয়ার পাল্প লিমিটেড
৭৫।	জনাব মোঃ জুবায়ের রশিদ	-	মেসার্স এ্যাথিনা'স ফার্নিচার অ্যান্ড হোম ডেকর
৭৬।	ক্যাপ্ট. মোঃ নুরুল হক (অবঃ)	-	মেসার্স শেল্টার কনস্ট্রাকশনস লিঃ
৭৭।	জনাব মোঃ মোস্তফা কামাল ভূঁইয়া	-	মেসার্স এ্যাডভান্স ট্রেডিং কর্পোরেশন
৭৮।	জনাব মোঃ শাহীন হোসেন	-	মেসার্স ট্রাম্প ইঞ্জিনিয়ারিং লিমিটেড
৭৯।	জনাব এম ফয়েজ	-	মেসার্স আনোয়ার ইন্টিগ্রেটেড স্টীল প্ল্যান্ট লিঃ
৮০।	জনাব মোঃ মাহমুদ হোসেন	-	মেসার্স এ-ওয়ান পলিমার লিমিটেড
৮১।	জনাব মোঃ শফি আলম	-	মেসার্স আনোয়ার গ্যালভানাইজিং লিঃ
৮২।	জনাব মোঃ আজিজুর রহমান	-	মেসার্স ইন্টারন্যাশনাল ট্রেডিং কর্পোরেশন
৮৩।	জনাব মোঃ সামিউদ্দিন	-	মেসার্স এ ওয়ান ট্রেডিং কোং
৮৪।	জনাব নাদিম আহমেদ	-	মেসার্স আনোয়ার ইস্পাত লিঃ
৮৫।	জনাব একিউএম শহিদুজ্জামান	-	মেসার্স আনোয়ার ল্যান্ডমার্ক লিঃ
৮৬।	জনাব মামুন উর রশিদ	-	মেসার্স এ কাসেম এন্ড কোং
৮৭।	জনাব নূর হোসেন	-	মেসার্স এঞ্জেল করপোরেশন
৮৮।	জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা	-	মেসার্স এস এস ট্রেড লিংক ইন্টারন্যাশনাল (প্রাঃ) লিঃ
৮৯।	ইঞ্জি. শামসুজ্জোহা চৌধুরী	-	মেসার্স ইউনিক লিভিং লিঃ
৯০।	জনাব আবসার করিম চৌধুরী	-	মেসার্স ফজল ওয়্যার এন্ড মেটাল ইন্ডাষ্ট্রিজ
৯১।	জনাব দাতা মাগফুর	-	মেসার্স দাতা এন্টারপ্রাইজেস লিমিটেড
৯২।	জনাব নেসার মাকসুদ খান	-	মেসার্স ম্যাক্স রিনিউয়্যাবল এ্যানার্জী কোং লিঃ
৯৩।	জনাব কে. এম. মনজুর হোসেন	-	মেসার্স ইউনিট্রেড এন্টারপ্রাইজ লিঃ
৯৪।	খন্দকার শহীদুল ইসলাম	-	মেসার্স মাহবুবা খন্দকার
৯৫।	জনাব প্রমোদ সাহা	-	মেসার্স হাসান ট্রেড ইম্পেক্স
৯৬।	জনাব রশিদ	-	মেসার্স তাসনুভা এন্টারপ্রাইজ
৯৭।	জনাব ওয়াকার আহমেদ চৌধুরী	-	মেসার্স র‍্যানকম ট্রেডিং (প্রাঃ) লিঃ
৯৮।	জনাব ইমতিয়াজ আহমেদ	-	মেসার্স ফাতেমা নাজির কনস্ট্রাকশন এন্ড ইঞ্জিনিয়ারিং
৯৯।	জনাব মোঃ বেলাল হোসেন	-	মেসার্স আজকের কাগজ লিঃ
১০০।	জনাব এম নিজামুল হাসান	-	মেসার্স খবরের কাগজ লিঃ
১০১।	জনাব সামির সাত্তার	-	মেসার্স সাত্তার অ্যান্ড কোং
১০২।	জনাব নাজির হোসেন	-	মেসার্স এন এইচ ইন্টারন্যাশনাল
১০৩।	সৈয়দ মোয়াজ্জেম হোসেন	-	মেসার্স এসএমএইচ ইঞ্জিনিয়ারিং এন্ড ট্রেডিং কোং
১০৪।	জনাব মোঃ ফজলুল মোমিন	-	মেসার্স মোমিন এন্টারপ্রাইজ

ক্রমিক নং	প্রতিনিধির নাম		প্রতিষ্ঠানের নাম
১০৫।	জনাব রাশেদ আলী	-	মেসার্স দয়াল এন্টারপ্রাইজ
১০৬।	জনাব মোঃ কামালউদ্দিন মালিক	-	মেসার্স ইম্পেরিয়াল প্লাষ্টিক ইন্ডাষ্ট্রিজ
১০৭।	মিসেস সুরাইয়া আলম	-	মেসার্স সুরাইয়া ফ্যাশন
১০৮।	জনাব মোঃ শামসুদ্দিন ঢালি	-	মেসার্স মারস্ ইন্টারন্যাশনাল
১০৯।	জনাব রমিজউদ্দিন ফকির	-	মেসার্স লাকী ট্রেডিং এজেন্সী
১১০।	জনাব টি. আই. এম নূরুল কবির	-	মেসার্স স্পিনোভেশন লিঃ
১১১।	জনাব এম এ রশিদ শাহ সম্রাট	-	মেসার্স মক্কা ট্যুরস্ অ্যান্ড ট্রাভেলস্
১১২।	জনাব মোঃ রফিকুল ইসলাম	-	মেসার্স রিলায়েন্স ওভারসীজ (প্রাঃ) লিঃ
১১৩।	জনাব মোঃ মোশাররফ হোসেন	-	মেসার্স চাঁদ অ্যান্ড সন্স
১১৪।	জনাব এ কে এম দেলোয়ার হোসেন	-	মেসার্স ক্রাউন মেলামাইন ইন্ডাষ্ট্রিজ লিঃ
১১৫।	মিস্ শামসুন নাহার	-	মেসার্স আব্দুর রহমান
১১৬।	জনাব মাসহুক হোসেন	-	মেসার্স মাসহুক হোসেন
১১৭।	জনাব আব্দুল মালেক	-	মেসার্স আব্দুল মালেক
১১৮।	জনাব মনোয়ার হোসেন	-	মেসার্স মনোয়ার ট্রেডিং
১১৯।	জনাব মোঃ আব্দুর রশিদ	-	মেসাস সেনটিরা এন্টারপ্রাইজ লিঃ
১২০।	জনাব মোঃ আব্দুল হান্নান	-	মেসার্স সিমুরা ইন্টারন্যাশনাল লিমিটেড
১২১।	জনাব মোতাহার হোসেন	-	মেসার্স প্যাপিরাস
১২২।	জনাব এম এইচ দারিয়া মনজু	-	মেসার্স পাওয়ার অটোমোশন লিঃ
১২৩।	জনাব মোঃ দেলোয়ার হোসেন	-	মেসার্স বায়োফার্মা লিঃ
১২৪।	জনাব শেখ মোঃ ওয়ালিউল ইসলাম	-	মেসার্স রুটস সোর্সিং ইন্টারন্যাশনাল লিঃ
১২৫।	জনাব নান্না মিয়া	-	মেসার্স নিপা ইন্টারন্যাশনাল
১২৬।	মিসেস কাজী মুন্নী	-	মেসার্স রিফাত এন্টারপ্রাইজ

সভার শুরুতে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসসিআই)-এর মহাসচিব, জনাব এএইচএম রেজাউল কবির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান এবং চেম্বারের সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালকমণ্ডলীর সদস্যগণকে মঞ্চে আসন গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ জানান। সবার আসন গ্রহণের পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের ইমাম হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন। অতঃপর ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ-এর সভাপতিত্বে ৫৫তম বার্ষিক সাধারণ সভার কার্যক্রম শুরু হয়।

এ পর্যায়ে মহাসচিব মহোদয় সভাপতির অনুমতিক্রমে ৫৫তম বার্ষিক সাধারণ সভার নোটিশ পাঠ এবং যথারীতি সভার কার্যক্রম পরিচালনা শুরু করেন। গত এক বছরে দেশে-বিদেশে বিভিন্ন বরেণ্য ব্যক্তিবর্গ যাঁরা ইন্তেকাল করেছেন তাদের মধ্যে ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি জনাব আফতাব-উল ইসলাম ও পরিচালক জনাব কামরুল ইসলাম, এফসিএ-এর ভাই ও প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর প্রাক্তন মহাব্যবস্থাপক জনাব আনোয়ারুল ইসলাম; ঢাকা চেম্বারের প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম-এর স্ত্রী মাফুজা সালাম; ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি জনাব নূরুউদ্দিন আহমেদ-এর ছেলে জনাব আশফাক আহমেদ; প্রাক্তন পরিচালক ও চাঁদ গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব সালেহ আহমেদ; প্রাক্তন পরিচালক জনাব মোহাম্মদ নূরুল আলম; প্রাক্তন পরিচালক জনাব মোঃ ইফতেখারউদ্দিন (নওশাদ)-এর শ্বশুর জনাব জামাল আহমেদ নোমানী; ঢাকা চেম্বারের পরিচালক জনাব মোক্তার হোসেন চৌধুরীর ছোট ভাই জনাব মোশাররফ হোসেন চৌধুরী; নবনির্বাচিত পরিচালক ইঞ্জিনিয়ার আকবর হাকিম-এর মাতা আনোয়ারি বেগম; ঢাকা চেম্বারের নবনির্বাচিত পরিচালক খন্দ. রাশেদুল আহসান-এর মাতা কামরুন নাহার; ঢাকা চেম্বারের রিভিউ এ্যাডভাইজরি বোর্ড-এর চেয়ারম্যান ড. মিজানুর রহমান শেলী-এর স্ত্রী সুফিয়া রহমান; ঢাকা চেম্বারের হিসাব শাখার সিনিয়র

অফিসার জনাব মোহাম্মদ মজিবুর রহমান; ঢাকা চেম্বারের সভাপতি মহোদয়ের একান্ত সচিব জনাব রিয়াজ উদ্দিন খান-এর বাবা জনাব মাফসুর উদ্দিন খান; ঢাকা চেম্বারের প্রাক্তন কর্মচারী জনাব মোঃ মমতাজ আলী; ঢাকা চেম্বারের কর্মচারী জনাব মোঃ হারুন-উর রশিদ-এর বাবা জনাব গোলাম মোস্তফা; ঢাকা চেম্বারের উচ্চমান সহকারী জনাব মোজাহিদুল ইসলাম-এর মাতা ও বোন; ডাচ-বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সভাপতি জনাব হাসান খালেদ; গুলশানের হলি আর্টিজন রেস্টুরেন্টে জঙ্গি হামলার ঘটনায় নিহত ২০জন বিদেশী সহ পুলিশ কর্মকর্তা ও বাংলাদেশী নাগরিক; শোলাকিয়ায় ঈদ-উল ফিতরের নামাজে জঙ্গি হামলায় নিহতগণ; ফ্রান্স, জার্মানী'র মিউনিখ এবং তুরস্কের কামাল আতাতুর্ক বিমানবন্দরে জঙ্গি হামলায় নিহতগণ; কিংবদন্তী মুষ্টিযোদ্ধা মোহাম্মদ আলী; থ্যাইল্যান্ডের রাজা ভূমিবল এবং কিউবার অবিসংবাদিত নেতা ফিদেল ক্যাস্ট্রোসহ সকলের নাম উল্লেখ করেন। অতপর চেম্বারের ইমাম হাফেজ ক্বারী মোঃ আব্দুস সাত্তার মরহুম সকলের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যক্রম পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ ঃ গত ১০ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ;

ঢাকা চেম্বারের মহাসচিব গত ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় পঠিত বলে গণ্য করা হয়। জনাব এম এস সেকিল চৌধুরী, স্বত্বাধিকারী, মেসার্স টিসিবিএল গ্রুপ উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং তা সমর্থন করেন জনাব মোঃ রমজান আলী, স্বত্বাধিকারী, মেসার্স হক প্লাস্টিক সেন্টার। অতঃপর সর্বসম্মতিক্রমে ৫৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্যসূচি-২ ঃ ২০১৫ সালের বার্ষিক প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন;

ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন সভায় উপস্থাপনপূর্বক সকলকে অবহিত করেন যে, বিগত বছরগুলোর মত এবছরও বার্ষিক প্রতিবেদনে ২০১৬ সালের পরিচালকমণ্ডলীর কার্যক্রম উল্লেখ করা হয়েছে। বক্তব্যের শুরুতে তিনি ঢাকা চেম্বারের স্বনামধন্য ব্যবসায়ী ব্যক্তিত্ব এবং দেশ-বিদেশের বরেণ্য ব্যক্তিবর্গ যারা বিগত বছর ইন্তেকাল করেছেন তাঁদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং ডিসিসিআই'র প্রতিষ্ঠাকালীন ১২ জন সদস্যের মঙ্গল কামনা করেন। তিনি গভীর শ্রদ্ধা নিবেদন করে মুরুব্বীদের স্মরণ করেন এবং মুরুব্বীদের মাঝে যারা অসুস্থ আছেন তাঁদের সুস্থতা কামনা করেন। এ সময় তিনি বলেন যে, ডিসিসিআই-এর অন্যতম প্রতিষ্ঠাতা, বিশিষ্ট শিল্পপতি এবং অন্যতম ব্যবসায়ী নেতা ও ডিসিসিআই ফাউন্ডেশন ও আনোয়ার গ্রুপ অফ ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান আলহাজ্ব আনোয়ার হোসেন অদ্যকার সভায় উপস্থিত থাকার যথেষ্ট ইচ্ছা থাকা সত্বেও অসুস্থতা ও শারীরিকভাবে দূর্বল থাকায় তিনি আসতে পারেননি। তারপরও ছেলে হিসেবে তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রীর হাত থেকে সম্মাননা স্মারক গ্রহণ করাতে পেরেছেন, এ কারণে তিনি গর্বিত।

এ পর্যায়ে তিনি জানান, ডিসিসিআই-এর ২৩টি স্ট্যান্ডিং কমিটির প্রতিটি একজন করে পরিচালকের নেতৃত্বে সারা বছর কার্যক্রম পরিচালিত হয়েছে। ২০১৬ সালে স্ট্যান্ডিং কমিটিগুলো প্রায় ৬৭ টি বৈঠক করে এবং এসকল বৈঠকে বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও পরামর্শ গৃহীত হয়। স্ট্যান্ডিং কমিটির নতুন আহবায়ক ও সহ-আহবায়কদের অংশগ্রহণে একটি সমন্বয় সভা ডিসিসিআইতে অনুষ্ঠিত হয়। স্ট্যান্ডিং কমিটিগুলোর বিশদ কার্যাবলী এ প্রতিবেদনের আলাদা এক অধ্যায়ে বর্ণিত আছে। কমিটিগুলোর সমন্বয়কারী পরিচালক, আহবায়ক এবং সহ-আহবায়কগণকে বছরব্যাপি তাঁদের অকৃত্রিম সহযোগিতা প্রদানের জন্য তিনি আন্তরিক ধন্যবাদ জানান। ডিসিসিআইতে এ বছর ৮ (আট)টি পর্ষদ সভা ও ১ (এক)টি জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে যাতে ব্যবস্থাপনা ও আর্থিক বিষয় ছাড়াও ডিসিসিআইকে আরো কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে গৃহীত নীতি বিষয়ক আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত সভাগুলো ডিসিসিআই-এর প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণে ও সুশৃংখল কার্যক্রম পরিচালনায় সহায়তা করেছে।

তিনি আরও জানান, জাতীয় নীতি ও গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে বেসরকারি খাতের প্রতিনিধি হিসেবে সরকারের নিকট গঠনমূলক মতামত/সুপারিশমালা প্রেরণ ডিসিসিআই-এর কার্যক্রমের অন্যতম একটি অংশ। ডিসিসিআই জাতীয় বাজেট ২০১৬-২০১৭ তে অন্তর্ভূক্তির জন্য বেশ কিছু সুপারিশমালা জাতীয় রাজস্ব বোর্ডের নিকট প্রেরণ করে। এছাড়া রপ্তানি নীতি ২০১৭-১৮, আমদানি নীতি ২০১৫-১৬, জাতীয় সিএসআর নীতিমালা, শিল্প নীতি ২০১০-এর খসড়া নীতি, খসড়া টেক্সটাইল আইন-২০১৬ সহ ইত্যাদি বিষয়ে

সুপারিশমালা বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে প্রেরণ করেছে। তিনি সভাকে আরও অবহিত করেন যে, ডিসিসিআই'র গবেষণা শাখার সহযোগিতায় জনসংযোগ শাখা এ বছর বেশ কিছু প্রকাশনা বের করেছে। এছাড়াও ২০১৬ সালে ডিসিসিআই নানাবিধ সামাজিক কল্যাণমূলক কাজের সাথে জড়িত ছিল।

ডিসিসিআই সভাপতি জনাব হোসেন খালেদ বলেন, ২০১৫-২০১৬ সালে গত বছরের তুলনায় চেম্বারের কার্যক্রম কিছুটা বৃদ্ধি পেয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, চেম্বারের আর্থিক খাত বিগত বছরের তুলনায় যথেষ্ট ভাল অবস্থানে রয়েছে। ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্ত অডিট রিপোর্ট হতে দেখা যায়, এ বছর চেম্বারের আয়ের পরিমাণ দাঁড়িয়েছে ১৫,২০,৩৮,১৩৮ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ১২,৫১,৫০,২৪০ টাকা, অর্থ্যাৎ ২০১৬ সালে পূর্ববর্তী বছরের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে ২,৬৮,৮৭,৮৯৮ টাকা বা ২১.৪৮%। এ আয় মূলতঃ সদস্যদের চাঁদা, ভবন ভাড়া, আমানতের উপর সুদ এবং অন্যান্য উৎস থেকে অর্জিত হয়েছে। পক্ষান্তরে, ২০১৬ সালে মোট খরচ হয়েছে ৭,১৮,৮০,৪৪৯ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৬,১৯,৩২,১৯৮ টাকা, অর্থাৎ তুলনামূলক ভাবে ব্যয় বৃদ্ধি পেয়েছে ৯৯,৪৮,২৫১ টাকা বা ১৬.০৬%। তবে ২০১৬ সালে ব্যয়াতিরিক্ত আয় হয়েছে ৮,০১,৫৭,৬৮৯ টাকা, যা পূর্ববর্তী বছরে ছিল ৬,৩২,১৮,০৪২ টাকা অর্থাৎ ব্যয়াতিরিক্ত আয় বৃদ্ধি পেয়েছে ১,৬৯,৩৯,৬৪৭ টাকা বা ২৬.৮০%। চেম্বারের মোট তহবিল বা সঞ্চয় পূর্ববর্তী বছরের ৪৯,৪১,৫৮,৬০৬ টাকা থেকে ৬,৭৩,০৩,৪৯৩ টাকা অর্থাৎ ১৩.৬২% বৃদ্ধি পেয়ে এ বছরে ৫৬,১৪,৬২,০৯৯ টাকায় দাঁড়িয়েছে। এতে প্রতীয়মান হয় যে, ২০১৬ সালে চেম্বারের আর্থিক অবস্থার উল্লেখযোগ্য উন্নতি সাধিত হয়েছে।

এছাড়া "New Economic Thinking: Bangladesh 2030 and Beyond" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্সে স্পন্সরশীপ থেকে প্রাপ্ত অর্থ থেকে ব্যয়াতিরিক্ত আয় থাকবে ৪২,৫১,১৮০/- টাকা যার প্রতিফলন চেম্বারে আগামী অর্থবছরে প্রতীয়মান হবে। কনফারেন্সটির সাকুল্যে ব্যয় হিসেবে ২ কোটি টাকা প্রাক্কলন করা হয়েছিল। আর স্পন্সরসহ এ পর্যন্ত ২ কোটি ৩৫ লাখ টাকার প্রতিশ্রুতি পাওয়া গিয়েছে। পাশাপাশি সুভেনিরে বিজ্ঞাপন বাবদ আরও প্রায় ২০ লক্ষ টাকা প্রাপ্তির আশা করা যাচ্ছে। এ ছাড়া গুলশানে ডিসিসিআই'র শাখা অফিস প্রতিষ্ঠার জন্য স্পেস ক্রয়বাবদ ৮ কোটি টাকা ব্যয় না হলে, এ বছর অর্থনৈতিক সঞ্চয়ের পরিমাণ আরো বৃদ্ধি পেত।

এ পর্যায়ে তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, ডিসিসিআই'র স্ট্যান্ডিং কমিটির দায়িত্বপ্রাপ্ত আহ্বায়ক, সহ-আহ্বায়কসহ সদস্যগণ কমিটির সভাগুলোতে আরও নিয়মিত উপস্থিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য তথা সামগ্রিক অর্থনীতির স্বার্থে মতামত প্রদানে আরও উদ্যোগী হবেন। স্ট্যান্ডিং কমিটিগুলো ডিসিসিআই'র অর্থনীতি সংশ্লিষ্ট সুপারিশ সংগ্রহের অন্যতম বৃহৎ উৎস। তাই স্ট্যান্ডিং কমিটি থেকে যত সুনির্দিষ্ট সুপারিশ আসবে তত বেশি সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের নিকট ব্যবসায়ীদের স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়গুলো গুরুত্বের সাথে তুলে ধরা সম্ভব হবে। একজন সভাপতির কর্মক্ষমতা নির্ভর করে সদস্যদের সমর্থন ও পরামর্শের উপর। অবশেষে তিনি ডিসিসিআই সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে ধন্যবাদ জানান, বিশেষত জনসংযোগ এবং গবেষণা শাখাকে। কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ নিজ নিজ স্থানে দায়িত্বশীলতা ও নিষ্ঠার সাথে কাজ করে ডিসিসিআই-এর ভাবমূর্তি উজ্জ্বল করছেন বলেই ডিসিসিআই এত বড় একটি আন্তর্জাতিক সম্মেলন করতে সমর্থ হয়েছে যেখানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দেশের ব্যবসা-বাণিজ্য পরিচালনায় নানাবিধ সীমাবদ্ধতা এবং রাজনৈতিক অস্থিতিশীলতা থাকা সত্ত্বেও ২০১৬ সালের নভেম্বর মাস পর্যন্ত ৫২৮ জন নতুন সদস্য নিবন্ধিত হয়েছেন, ১৩৫ জন সদস্য তাদের সদস্যপদ পুনরুদ্ধার করেছেন এবং ২৮৮৫ জন সদস্য তাদের সদস্যপদ নবায়ন করেছেন। এ থেকে প্রতীয়মান হয় যে, এবছর সদস্য সংখ্যা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।

আলোচ্যসূচি-৩ ঃ ২০১৫-২০১৬ অর্থবছরের হিসাব এবং নিরীক্ষা প্রতিবেদন (Audit Report) অনুমোদন;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে চেম্বারের মহাসচিব ২০১৫-২০১৬ অর্থবছরের হিসাব নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর মিসেস কাজী মুন্নি, মেসার্স রিফাত এন্টারপ্রাইজ-এর প্রস্তাবে এবং মিসেস সামছুন নাহার, মেসার্স আব্দুর রহমান-এর সমর্থনে ২০১৫-২০১৬ অর্থবছরের নিরীক্ষা প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-৪ ঃ ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের পরিচালক এবং ২০১৭ সালের জন্য সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতি পদে নির্বাচনের ফলাফল ঘোষণা;

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মহাসচিব মহোদয় নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহকে মঞ্চে আসার জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে ডিসিসিআই-এর যে সকল সম্মানিত পরিচালকবৃন্দ তাঁদের মেয়াদ শেষ করেন, মহাসচিব তাঁদের নাম ঘোষণা করেন যথাক্রমে জেনারেল শ্রেণি থেকে জনাব মোহাম্মদ শাহজাহান খান, জনাব মোক্তার হোসেন চৌধুরী, জনাব এস রুমি সাইফুল্লাহ, জনাব সামির সাত্তার এবং এসোসিয়েট শ্রেণি থেকে জনাব এ কে ডি খায়ের মোহাম্মদ খান ও জনাব কে জি করিম।

অতঃপর নির্বাচন বোর্ডের চেয়ারম্যান মহোদয় ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালের জন্য যে প্রার্থীগণ ডিসিসিআই-এর পরিচালক হিসেবে নির্বাচিত হয়েছেন তাদের নাম ঘোষণা করেন। তারা হলেন– জেনারেল শ্রেণি থেকে জনাব আবুল কাসেম খান, জনাব কে এম এন মন্জুরুল হক, খন্দ. রাশেদুল আহসান ও ইঞ্জিঃ আকবর হাকিম পাশাপাশি এসোসিয়েট শ্রেণি থেকে নির্বাচিত জনাব হোসেন এ সিকদার ও জনাব ইমরান আহমেদ। অতঃপর তিনি ২০১৭ সালের জন্য সভাপতি পদে জনাব আবুল কাসেম খান, উর্ধ্বতন সহ-সভাপতি পদে জনাব কামরুল ইসলাম, এফসিএ এবং সহ-সভাপতি পদে জনাব হোসেন এ সিকদার নির্বাচিত হয়েছেন বলে ঘোষণা করেন। অতপর উপস্থিত সম্মানিত সদস্যগণ করতালির মাধ্যমে নবনির্বাচিত পর্ষদ সদস্যবৃন্দ এবং সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি ও সহ-সভাপতিকে অভিনন্দন জানান।

নির্বাচন বোর্ডের চেয়ারম্যান জনাব সালাহ্উদ্দিন আব্দুল্লাহ্ নির্বাচন বিধিমালা ও নির্বাচন তফসিল অনুযায়ী স্বচ্ছ নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনায় আন্তরিক সহযোগিতার জন্য নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের সম্মানিত সদস্যবৃন্দ, পর্ষদের সদস্যবৃন্দ এবং চেম্বারের কর্মকর্তা/কর্মচারীদের একনিষ্ঠ দায়িত্ব পালনের জন্য সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করে বিধি মোতাবেক নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ডের বিলুপ্তি ঘোষণা করেন। সভাপতি মহোদয় নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপীল বোর্ডের চেয়ারম্যান এবং সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। এ পর্যায়ে মহাসচিব মহোদয় নব-নির্বাচিত সভাপতি, উর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালকবৃন্দকে মঞ্চে আসন গ্রহণের জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-৫ ঃ ২০১৫ - ২০১৬ অর্থবছরের জন্য নিরীক্ষক (Auditor) নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ;

মহাসচিব মহোদয় ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ বিষয়ে মেসার্স এ. কাসেম এন্ড কোং, মেসার্স রহমান আনিস অ্যান্ড কোং ও মেসার্স আখতার আমির অ্যান্ড কোং থেকে তিনটি আবেদন পত্র প্রাপ্তির বিষয়টি উল্লেখ করেন। উল্লেখ্য, ২০১৫-১৬ অর্থবছরের জন্য নিরীক্ষক ছিলেন মেসার্স এ. কাসেম অ্যান্ড কোং এবং পারিশ্রমিক ছিল ৬৫,০০০/- টাকা + ১৫% ভ্যাট ৯৭৫০/- টাকা = মোট ৭৪,৭৫০/- টাকা। তিনি আরো উল্লেখ করেন, মেসার্স এ কাসেম এন্ড কোং বিগত দশ বছর যাবৎ ঢাকা চেম্বারের নিরীক্ষক হিসেবে সন্তোষজনকভাবে কাজ করে আসছে। বিস্তারিত আলোচনার পর মেসার্স এ কাসেম অ্যান্ড কোং-কে নিরীক্ষা ফি ৬৫,০০০/- টাকা এবং ১৫% ভ্যাট ৯,৭৫০/- টাকাসহ মোট ৭৪,৭৫০/- টাকা পারিশ্রমিক ধার্য করে ২০১৬-২০১৭ অর্থবছরের নিরীক্ষক হিসেবে নিয়োগের জন্য প্রস্তাব করেন জনাব হায়দার আহমদ খান, এফসিএ ও জনাব এম আবু হোরায়রাহ। অতঃপর সভায় সর্বসম্মতিক্রমে এ প্রস্তাব গৃহীত হয়।

এ পর্যায়ে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর নবনির্বাচিত সভাপতি জনাব আবুল কাসেম খান সদস্যদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি বলেন, সভাপতি হিসেবে তিনি তাঁর উপর অর্পিত সকল দায়িত্ব যথাযথভাবে পালন করবেন এবং চেম্বারের সদস্যদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সর্বোচ্চ আন্তরিকভাবে কাজ করবেন। তিনি আরও বলেন, ঢাকা চেম্বার আজকের এ অবস্থানে এসেছে এর সাবেক সভাপতিবৃন্দ ও পরিচালকবৃন্দের দক্ষ নেতৃত্বেও কারণেই। সভাপতি হিসেবে তিনি সকল পরিচালক ও সদস্যদের সব ধরনের সহায়তা প্রদানে প্রতিজ্ঞাবদ্ধ। ঢাকা চেম্বারের সকল সদস্য তথা ব্যবসায়ী সমাজের স্বার্থে সঠিক পরিকল্পনা বাস্তবায়নের জন্য যথাযথ পলিসি গাইডলাইন দেয়ার পরিকল্পনার কথা জানান নবনির্বাচিত সভাপতি। তিনি বলেন, প্রত্যেকটা ভিশনই নির্ভর করে পরিকল্পনা বাস্তবায়নের উপর। আর এ পরিকল্পনা বাস্তবায়ন ছাড়া এবং ব্যবসায়ীদের সরকারি প্রকল্প বাস্তবায়নে অন্তর্ভূক্ত করা ছাড়া কোনমতেই ব্যবসা ও অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়।

তিনি বলেন, মধ্যম আয়ের দেশ হতে হলে, অবশ্যই কর্মদক্ষতা বা এফিশিয়েনন্সি নিশ্চিত করতে হবে। তবেই প্রকৃতপক্ষে আমরা ডিজিটাল বাংলাদেশ-এর সুফল ভোগ করতে পারবো। এক্ষেত্রে আগামীতে তিনটি বিষয়ের যেমনঃ অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে আত্মনির্ভরশীল জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ করা, দুর্নীতিমুক্ত অর্থব্যবস্থা গড়ে তোলা ও দক্ষ জনবলের মাধ্যমে এফিশিয়েন্সির উপর জোর দেওয়া প্রয়োজন। তিনি স্ট্যান্ডিং কমিটি সংক্রান্ত কয়েকটি পরিকল্পনার কথা জানান যেমনঃ

১. কোন কোন সদস্য নিয়মিত উপস্থিত থাকছেন বা থাকছেন না তাদের র‍্যাংকিং করা
২. শ্রেষ্ঠ কনভেনর (আহবায়ক) পুরস্কার প্রদান
৩. শ্রেষ্ঠ পরিচালক পুরস্কার প্রদান
৪. শ্রেষ্ঠ স্ট্যান্ডিং কমিটি পুরস্কার প্রদান
৫. নির্বাচিত দক্ষ কর্মকর্তা ও কর্মচারিদের প্রেসিডেন্ট'স পুরস্কার প্রদান

পলিসি বা পরিকল্পনা সংক্রান্ত তিনি কয়েকটি বিষয়ে প্রাধান্য দিবেন বলে জানান। যেমন ঢাকা-চট্টগ্রাম যোগাযোগ অবকাঠামো উন্নয়ন, ঢাকার বাইরের বিনিয়োগকে করমুক্ত করা বা বিশেষ প্রণোদনা প্রদান, ব্যবসায়ীদের উপর অতিরিক্ত করের বোঝা না চাপিয়ে সারা দেশে করের আওতা বৃদ্ধির উদ্যোগ ও পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত বিশেষত কীভাবে সরকারের ভিশন ২০৪১ কে বাস্তবায়ন করা যায় ইত্যাদির উপর সরকারের সাথে নিবিড়ভাবে কাজ করা। এছাড়া ঢাকা-চট্টগ্রাম অর্থনৈতিক করিডোরের উপর সেমিনার সংক্রান্ত প্রস্তাব, ইটুকে মেলা আয়োজন, স্ট্যান্ডার্ড অপারেশনাল মেনুয়াল, এইচ আর পলিসি প্রণয়ন, সার্পোটিং স্টাফ নিয়োগ, আইটি সাপোর্ট স্টাফ ও আধুনিকায়ন, পরিস্কার পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিতকরণ, রাজউকের সাথে ভূমি বরাদ্দ চুক্তি, এনবিআর থেকে ডিসিসিআই প্রভিডেন্ট ফান্ড রেজিস্ট্রেশন করা, অলাভজনক বাণিজ্য সংগঠন হিসেবে সরকার থেকে আয়কর রেয়াত সুবিধা গ্রহণ, ডিসিসিআই ভবনের খালি স্পেসসমূহ ভাড়ার ব্যবস্থা ও বাজেট সুপারিশ বাস্তবায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণের বিষয়ে জোর প্রদান ইত্যাদি।

তিনি ডিসিসিআই'র সভাপতি হিসেবে ২০১৭ সালের জন্য তাকে নির্বাচিত করায় সবাইকে বিশেষ কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান এবং তিনি ডিসিসিআই এবং বেসরকারী খাতের উন্নয়নের জন্য সকল প্রয়োজনীয় কার্যক্রম দায়িত্ব ও নিষ্ঠার সাথে পরিচালনা করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। এ ব্যাপারে পূর্বের ন্যায় সকল সম্মানিত পরিচালক ও সদস্যবৃন্দের নিকট সহযোগিতা ও দোয়া কামনা করেন তিনি। সকলকে ধৈর্য সহকারে বক্তৃতা শোনার জন্য আবারও ধন্যবাদ জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

পরিশেষে সদ্য বিদায়ী সভাপতি চেম্বারের সার্বিক উন্নতি কামনা করে ও ইংরেজী নববর্ষের শুভেচ্ছা জানিয়ে সকলকে আপ্যায়নে আমন্ত্রণ জানান এবং ৫৫তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এএইচএম রেজাউল কবির)
মহাসচিব

(হোসেন খালেদ)
সভাপতি

ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে স্মরণীয় ও বরণীয় ব্যক্তিদের সংক্ষিপ্ত জীবনী

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র পরিচালনা পর্ষদ-এর সিদ্ধান্ত অনুযায়ী ৫৬তম বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদনে ঢাকা চেম্বারের সেবা প্রদানের অগ্রদূত হিসেবে যাদের নাম স্মরণীয় এবং বরণীয় তাদের সম্মানার্থে সংক্ষিপ্ত জীবনী উপস্থাপন করা হলো। এতে যদি কোনো তথ্য বা উপাত্ত বাদ পড়ে থাকে তা আগামী বার্ষিক প্রতিবেদনে সংশোধিত আকারে প্রকাশ করা হবে।

মরহুম আলহাজ্ব হাফেজ মনির হোসেন

আলহাজ্ব হাফেজ মনির হোসেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। তিনি চেম্বারের প্রতিষ্ঠালগ্ন থেকে তাঁর ইন্তেকাল পর্যন্ত চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প, বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেছেন। তিনি ছিলেন ধর্মপরায়ণ, দেশদরদী, সমাজসেবক ও গরীবের বন্ধু। তিনি বিভিন্ন সময়ে চেম্বারের পরিচালক পদে অধিষ্ঠিত থেকে দেশের ব্যবসা-বাণিজ্য, শিল্পের উন্নয়নে আজীবন কাজ করেছেন। তিনি বাংলাদেশের প্রথম উদ্যোক্তা, যিনি চীনের সঙ্গে যৌথ উদ্যোগে শিল্প স্থাপন করেন। ১৩ এপ্রিল, ১৯৯১ সালে ৭৮ বৎসর বয়সে বার্ধক্যজনিত কারণে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম আলহাজ্ব নাজির হোসেন

আলহাজ্ব নাজির হোসেন পুরাতন ঢাকার লালবাগে ১৯৩০ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি বিভিন্ন সমাজসেবামূলক কাজে ওতোপ্রোতভাবে সম্পৃক্ত ছিলেন। লালবাগ বস্ত্র বিতান, লালবাগ ক্ষুদ্র ও কুটির শিল্প ইত্যাদি ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে তিনি ১৯৭৩ সাল থেকে ঢাকা চেম্বারের বিভিন্ন কর্মকাণ্ডে জড়িত থেকে দেশের শিল্প-বাণিজ্য ও অর্থনৈতিক উন্নয়নে বিশেষ ভূমিকা রেখেছেন। তিনি ১৯৯১-৯২ এবং ১৯৯৬ সালে ঢাকা চেম্বারের পরিচালক ছিলেন। জনাব নাজির হোসেন ছিলেন একজন নিবেদিতপ্রাণ সমাজ সেবক। তিনি আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর প্রতিষ্ঠাতা সভাপতি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট-এর আজীবন সদস্য, ফিরোজা বারী পঙ্গু ও শিশু হাসপাতালের চেয়ারম্যানসহ বাংলাদেশ শিশু ওয়েলফেয়ার পরিষদ, সরকারি শিশু সনদ ইত্যাদি সমাজকল্যাণ প্রতিষ্ঠানে একনিষ্ঠভাবে নিবেদিত প্রাণ হিসেবে কাজ করেছেন। তিনি শুধু সমাজ সেবকই নন, একজন সু-সাহিত্যিক হিসেবেও সুপরিচিত ছিলেন। তাঁর বইগুলোর মধ্যে কিংবদন্তির ঢাকা, দেশ দেশান্তর, সমবায় সংগ্রাম সাধনা ইত্যাদি উল্লেখযোগ্য।

মরহুম ফজলুল করিম চৌধুরী

জনাব ফজলুল করিম চৌধুরী ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। তিনি পুরোনো ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ছিলেন একজন বিশিষ্ট ব্যবসায়ী ও শিল্পপতি। বিভিন্ন সময় তিনি ডিসিসিআই'র পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মরহুম ফজলুল করিম চৌধুরী দেশের ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে ও শিল্পোন্নয়নে বিশেষ অবদান রেখেছেন। ঢাকা চেম্বারের অগ্রযাত্রায় এবং সার্বিক কর্মকাণ্ডে মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্ম প্রচেষ্টা ব্যবসায়ী ও শিল্পপতিবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। জনাব ফজলুল করিম চৌধুরী ২১ মে, ১৯৯৮ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বৎসর।

মরহুম নুরউদ্দিন আহমেদ

জনাব নুরউদ্দিন আহমেদ ডিসিসিআই, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই) এবং ঢাকা ক্লাবের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। দেশের শীর্ষস্থানীয় বেসরকারি সংগঠনসমূহের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে তিনি দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। তিনি আন্তর্জাতিক পরিমণ্ডলে দেশের ভাবমূর্তি উজ্জ্বল ও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণসহ দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণে অবদান রেখে গেছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ছিলেন একাধারে একজন সাংবাদিক, চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজসেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি তিনি সামাজিক, সাংস্কৃতিক কর্মকাণ্ড, শিক্ষা বিস্তারে অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম, ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও সংরক্ষণে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি অক্লান্ত পরিশ্রম করে গেছেন। বর্তমান সময়ের বিশ্বায়নের নিত্য নব-প্রযুক্তি উদ্ভাবনের নতুন প্রজন্মের মেধা, ধীশক্তি ও প্রজ্ঞার প্রয়োজন তিনি অনুধাবন করেছিলেন এবং ঢাকা চেম্বারের নেতৃত্বে বিভিন্ন স্রোতধারা থেকে প্রতিশ্রুতিশীল এবং সম্ভাবনাময় নতুন নেতৃত্ব শ্রেণি তৈরি করে তিনি স্মরণীয় হয়ে আছেন। মরহুম নুরউদ্দিন আহমেদ ঢাকা চেম্বারের মাসিক প্রকাশনা ডিসিসিআই রিভিউ এ্যাডভাইজরী বোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত তিনি এ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেন। মরহুমের বলিষ্ঠ নেতৃত্ব ও কর্মপ্রচেষ্টা সকলেই শ্রদ্ধাভরে স্মরণ করবে। নুরউদ্দিন আহমেদ ২৩ মে, ২০০০ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

মরহুম আবু নাসের আহম্মদ

জনাব আবু নাসের আহম্মদ ঢাকা চেম্বারের প্রতিষ্ঠাতা সদস্যগণের মধ্যে অন্যতম। তিনি ঢাকা শহরের এক আদি ও মুসলিম (সরদার) পরিবারে জন্মগ্রহণ করেন। বাল্যকাল থেকেই তিনি উন্নয়নমূলক কর্মকাণ্ড ও পরবর্তীকালে শিল্প-বাণিজ্যে বিশেষভাবে জড়িত হয়ে পড়েন। তিনি ১৯৬০-৬১ কার্যকালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি নির্বাচিত হন এবং ঢাকা চেম্বারের নেতৃবৃন্দের অনুরোধে দেশের ব্যবসা-বাণিজ্যে বিশেষ অবদান রাখার জন্য আশির দশকে আবারো ঢাকা চেম্বারের পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি মেসার্স ক্রীন ফিল্ম ডিস্ট্রিবিউটর লিঃ-এর চেয়ারম্যান ছিলেন এবং চলচ্চিত্র প্রযোজনা পরিবেশনা ও প্রদর্শক হিসেবে বিশেষ খ্যাতি লাভ করেন। মরহুম আবু নাসের আহম্মদ ব্যক্তিগত জীবনে ধর্মপরায়ণ ছিলেন। তিনি বহুবিধ জনহিতকর সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় ও শিক্ষামূলক প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষভাবে জড়িত ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি চেম্বারের নানাবিধ কর্মকাণ্ডের সঙ্গে ওতোপ্রোতভাবে জড়িত থেকে দেশের শিল্প ও বাণিজ্যিক উন্নয়নে সক্রিয় ভূমিকা পালন করেন। জনাব আবু নাসের আহম্মদ ১৫ জুন, ১৯৮৬ সালে ঢাকার সোহরাওয়ার্দী হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৯ বৎসর।

মরহুম এম ইউনুস, এফসিএ

জনাব এম ইউনুস, এফসিএ ১৯৩৮ সালের ১৪ মে, কুমিল্লা জেলার মুরাদনগর থানার পাহাড়পুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৪ ও ১৯৯৩ সালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি এফবিসিসিআই-এর পরিচালকের দায়িত্ব পালনসহ বিভিন্ন কর্মকাণ্ডে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। তিনি দেশের একজন বিশিষ্ট চার্টার্ড একাউন্ট্যান্টস এবং ইউনুস অ্যান্ড কোম্পানীর ফাউন্ডার পার্টনার ছিলেন। তিনি দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্ট অব বাংলাদেশ (আই সি এ বি) এবং দি সাউথ এশিয়ান ফেডারেশন অব একউন্ট্যান্টস (সাফা)-এর সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রাখেন। মরহুম এম ইউনুস, এফসিএ ছিলেন একজন চিন্তাবিদ, ব্যবসায়ী ও সমাজ সেবক। ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক কর্মকাণ্ডে ও শিক্ষা বিস্তারে বিভিন্ন অবদানসহ দুঃস্থ মানবতার সেবায় তিনি সর্বদা নিয়োজিত ছিলেন। ঢাকা চেম্বারের বর্তমান ব্যাপ্তি, বহুমুখী কার্যক্রম ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সেবা প্রদানের নতুন নতুন দিগন্ত উন্মোচন এবং সর্বোপরি চেম্বারের ভাবমূর্তি বৃদ্ধি ও রক্ষায় মরহুম এম ইউনুস, এফসিএ আন্তরিকভাবে সচেষ্ট ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এম ইউনুস, এফসিএ ৩০ ডিসেম্বর, ২০০৮ সালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী

জনাব ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯২৫ সালের ১৬ জুলাই বর্তমান মিয়ানমারের (পূর্বনাম বার্মা) রেঙ্গুনে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১৯৬১-৬২ সাল মেয়াদে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সংগঠনের প্রধান হিসেবে দায়িত্ব পালনকালে দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পের উন্নয়নে অনবদ্য অবদান রেখেছেন। একজন সফল ব্যবসায়ী হওয়া সত্ত্বেও তিনি ব্যবসা-বাণিজ্যের পাশাপাশি সামাজিক ও শিক্ষা বিস্তারে অবদান রেখেছেন। তিনি আল বাওয়ানী ফাউন্ডেশন, ঢাকা রিফিউজি রিহ্যাবিলিটেশন অ্যান্ড ফিন্যান্স করপোরেশন এবং লালবাগ মাদ্রাসা-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। মরহুম ওয়াই এ বাওয়ানী লতিফ বাওয়ানী জুট মিল, আহমেদ বাওয়ানী টেক্সটাইল মিলসহ অনেক ব্যবসা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা। তিনি জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের প্রতিষ্ঠাতা সংগঠক। আহমেদ বাওয়ানী একাডেমী এবং ঢাকায় বাওয়ানী উচ্চ বিদ্যালয় তিনি স্থাপন করেন। মরহুমের এই অবদান ঢাকা চেম্বারের সকল সদস্যবৃন্দ শ্রদ্ধাভরে স্মরণ করবে। মরহুম ইয়াহিয়া আহমেদ বাওয়ানী ১২ জানুয়ারি, ২০০৯ সালে পাকিস্তানের করাচিতে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

মরহুম আলহাজ্ব মুখলেছুর রহমান

জনাব মুখলেছুর রহমান ১৯২৮ সালে ১৮ এপ্রিল নরসিংদীর এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মৌলভী আশরাফ আলী ১৯১৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রিধারী এবং পরবর্তীতে তৎকালীন সরকারের শিক্ষা বিভাগের উচ্চ পদে আসীন ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে ১৯৫২ সালে তিনি ভাষা আন্দোলনে সক্রিয় ভূমিকা পালন করেন। বাগেরহাট কলেজে অধ্যাপনা দিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। অতঃপর দীর্ঘদিন চট্টগ্রাম চেম্বারে সেক্রেটারি হিসেবে কর্মরত থেকে চেম্বারের প্রভূত উন্নয়ন সাধনে ভূমিকা রাখেন। ১৯৬৭-৬৮ সালে ব্যবসার জগতে প্রবেশ করেন। তিনি দেশের ব্যবসা-বাণিজ্য খাতের উন্নয়নের জন্য ব্যাপক ভূমিকা রাখতে শুরু করেন।

জনাব মুখলেছুর রহমান ১৯৭০ হতে ১৯৭৪ পর্যন্ত ঢাকা চেম্বারের সহ-সভাপতি এবং ভারপ্রাপ্ত সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ঢাকা চেম্বারের অন্যতম কনসালটেন্ট বা পরামর্শক হিসেবে পরিচিত ছিলেন। চেম্বারের দিক-নির্দেশনামূলক কর্মকাণ্ডে ও যোগ্য নেতৃত্ব তৈরিতে বলিষ্ঠ ভূমিকার জন্য তিনি Leader হিসেবে বিবেচিত হতেন। ঢাকা চেম্বারের প্রথম প্রকল্প "সার্ভিস ডেভেলপমেন্ট প্রোগ্রাম" তিনিই চালু করেন, যা গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে দিক নির্দেশনা দিয়েছে। জনাব মুখলেছুর রহমান ছিলেন একজন সৎ, নির্ভীক ও বিশিষ্ট সংগঠক। পাশাপাশি তিনি ছিলেন একজন সু-সাহিত্যিক, সমাজসেবী ও জ্ঞানপিপাসু দার্শনিক। তিনি একাধিক সামাজিক ও মানবকল্যাণমূলক সংগঠনের সফল প্রতিষ্ঠাতা। শ্রদ্ধেয় জনাব মুখলেছুর রহমান ১৬ এপ্রিল, ২০১০ সালে ৮৬ বৎসর বয়সে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম আবুল কাশেম, এফসিএ



মরহুম আবুল কাশেম এ দেশের দ্বিতীয় মুসলিম চার্টার্ড একাউন্টেন্ট ছিলেন। ১৯৫৩ সালে তিনি তাঁর ফার্ম এ কাশেম এ্যান্ড কোং প্রতিষ্ঠা করেন, যা বাংলাদেশের সবচেয়ে পুরাতন এবং স্বনামধন্য চার্টার্ড একাউন্টেটস্ ফার্ম। তিনি তাঁর দীর্ঘ ও অসাধারণ কৃতিত্বপূর্ণ কর্মময় জীবনে দি ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস্ অব বাংলাদেশ (আইসিএবি)-এর প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র প্রাক্তন সভাপতি ছিলেন। তিনি বিভিন্ন ধরনের শিক্ষা কার্যক্রম, সমাজ কল্যাণমূলক এবং মানব সেবার ন্যায় মহৎ কাজে নিজেকে নিয়োজিত রেখেছিলেন। তিনি বাংলাদেশের লায়ন আন্দোলনের সাথে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট এবং সিনেটের ফাইন্যান্স কমিটির সদস্য ছিলেন। তিনি ভিকারুননেসা নূন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি-এর সদস্য ছিলেন।

মরহুম মোহাম্মদ সিরাজউদ্দিন

জনাব মোহাম্মদ সিরাজউদ্দিন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র একজন প্রতিষ্ঠাতা সদস্য। ডিসিসিআই প্রতিষ্ঠার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি ১৯২৩ সালের ২১ জুলাই ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি মধুমিতা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক ছিলেন। ১৯৫০ সালে তিনি প্রথম সিরকো সোপ অ্যান্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রি প্রতিষ্ঠা করেন, যেটি তৎকালীন সময়ের প্রথম সাবান ফ্যাক্টরি। এটি ব্রিটিশ কোম্পানী জেমস ফিনলে অ্যান্ড কোম্পানীর ডিস্ট্রিবিউটর হিসেবে কাজ করতো। ১৯৬৬ সালে তিনি কোহিনূর জুট মিলস্ স্থাপন করেন এবং স্বাধীনতার পূর্ব পর্যন্ত প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি স্ট্যান্ডার্ড ব্যাংক অব পাকিস্তান এবং স্ট্যান্ডার্ড ইন্স্যুরেন্স লিমিটেড-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর ৫৩ বছর কর্মজীবনে দেশের ব্যবসা-বাণিজ্যের উন্নয়নের স্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রেখে গিয়েছেন। ১৯৭৬ সালের ৮ জানুয়ারি তিনি মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম এ রব চৌধুরী

জনাব এ রব চৌধুরী বাংলাদেশের একজন বিশিষ্ট ব্যবসায়ী এবং ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রাক্তন সভাপতি। তিনি আরকো কোল্ড স্টোরেজ লিমিটেড'র চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক ছিলেন। এছাড়াও তিনি বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন'র চেয়ারম্যান এবং এফবিসিসিআই'র নির্বাহী কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। ব্যবসায়িক কার্যক্রমের পাশাপাশি তিনি নানাবিধ সামাজিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত ছিলেন। তিনি ধানমন্ডি ও উত্তরা রোটারি ক্লাব'র প্রাক্তন সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৪ সালে ঢাকা চেম্বারের সভাপতির দায়িত্ব পালন করেন। ২০১৭ সালের ১৯ অক্টোবর তারিখে তিনি ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম মোহাম্মদ সাখী মিঞা

জনাব মোহাম্মদ সাখী মিঞা পুরাতন ঢাকার প্রবীণ ব্যক্তিত্ব, সাহিত্যিক, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক। জনাব মোহাম্মদ সাখী মিঞা ১৯২১ সালে ঢাকার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ইস্ট বেঙ্গল ইনস্টিটিউশন থেকে কৃতিত্বের সাথে এনট্রান্স এবং ঢাকা কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাশ করেন ও পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। তিনি পাকিস্তান আমলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের চাকুরীর মাধ্যমে কর্মজীবন শুরু করেন। অতঃপর চাকুরী ছেড়ে তিনি লুব্রিকেন্ট-এর ব্যবসায় নিয়োজিত হন। তিনি লুব্রিকেন্ট ব্যবসায় বাঙ্গালীদের মধ্যে অগ্রগণ্য এবং তাঁর প্রতিষ্ঠান নিশাত ট্রেডিং এ ব্যবসায় এখনও নিয়োজিত। তিনি ছিলেন বিনয়ী, দানশীল, ধর্মপ্রাণ ও মানবদরদী। তিনি ঢাকা মিউনিসিপ্যাল কমিটির (বর্তমান ঢাকা সিটি কর্পোরেশন) কমিশনার এবং পরবর্তীতে চেয়ারম্যানের দায়িত্বও পালন করেন। তিনি ডিসিসিআই'র প্রতিষ্ঠালগ্ন থেকেই এর সাথে জড়িত ছিলেন। তিনি বাংলাদেশ পাবলিকেশনস লিমিটেডের অন্যতম পরিচালক ছিলেন। তিনি ঢাকার ইতিহাস ও ইসলামী মূল্যবোধের উপর বেশ কয়েকটি অনুবাদও প্রকাশ করেছেন। এছাড়াও তিনি বিভিন্ন পত্রিকায় ঐতিহাসিক ও সমসাময়িক বিষয়ে লেখালেখি করতেন। তিনি তৎকালীন সময়ে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন। তিনি বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ধারার প্রবর্তনের প্রথম সারির একজন দিকনির্দেশক। তিনি বর্তমান ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর প্রতিষ্ঠালগ্ন থেকে জড়িত ছিলেন। সর্বজন শ্রদ্ধেয় এই ব্যক্তিত্ব ৮৭ বছর বয়সে ২০০৮ সালের ১লা জুলাই ঢাকার বারডেম হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

আলহাজ্ব আনোয়ার হোসেন

আলহাজ্ব আনোয়ার হোসেন ১৯৭৬-৭৮ মেয়াদকালে প্রথমবারের মত ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে নির্বাচিত হন। পরবর্তীতে তিনি ১৯৮২-৮৩, ১৯৮৫ এবং ১৯৮৯-৯০ মেয়াদকালে ঢাকা চেম্বারের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বর্তমানে ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর চেয়ারম্যান। তিনি আনোয়ার গ্রুপের বিভিন্ন কোম্পানীর চেয়ারম্যান ছাড়াও নির্বাহী পরিচালক, দি সিটি ব্যাংক লিমিটেড-এর প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের পরিচালক এবং প্রাক্তন ডিআইটির ট্রাস্টি ছিলেন।

একজন সফল উদ্যোক্তা আলহাজ্ব আনোয়ার হোসেন তাঁর প্রচন্ড ধী-শক্তি, মেধা, সুদূর প্রসারী ভবিষ্যৎ দৃষ্টির ক্ষমতাবলে বাংলাদেশের শিল্পায়নে খাতওয়ারী অসামঞ্জস্যতা দূর করার জন্য এবং দেশকে স্বয়ংসম্পূর্ণ করার জন্য নিজে উদ্যোগী হয়ে বিভিন্ন ক্ষেত্র যেমনঃ গৃহায়ন, শিক্ষা, বয়ন, নির্মাণ এবং প্রযুক্তি (আইটি) খাতে বিনিয়োগ করেছেন এবং আগামী প্রজন্মের জন্য দিক দিশারীর ভূমিকা পালন করছেন।

তিনি বহু সমাজকল্যাণ কাজের অগ্রদূত এবং প্রতিষ্ঠাতা হিসেবে বিবেচিত। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো- উদয়ন বিদ্যালয়, জমিলা খাতুন বালিকা বিদ্যালয়, রহিম বক্স মেমোরিয়াল আই ক্লিনিকস, জমিলা খাতুন রেড ক্রিসেন্ট প্রসূতি এবং শিশু সেবা কেন্দ্র, আনোয়ার হোসেন ফ্রি মেডিকেল সেন্টার, আলহাজ্ব আনোয়ার হোসেন শহিদ নগর ফ্রি প্রাইমারী বিদ্যালয় প্রভৃতি তাঁরই উদ্যোগে প্রতিষ্ঠিত।

তিনি ঢাকা চেম্বারের বহুমুখী কার্যক্রমের অন্যতম উপদেষ্টা এবং ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে নেতৃস্থানীয় আন্দোলনের অন্যতম অগ্রদূত। তিনি সামাজিক ও রাজনীতির ক্ষেত্রে সমভাবে অগ্রগণ্য। সময়ের প্রয়োজনে এবং এলাকার উন্নয়নকল্পে তিনি নব্বই-এর দশকে জাতীয় সংসদের সদস্য হিসেবে অমূল্য অবদান রাখেন এবং ঢাকাবাসীর প্রভূত উন্নয়ন সাধন করেন। এছাড়াও আলহাজ্ব আনোয়ার হোসেন লালবাগ ক্রিকেট ক্লাব, আজাদ মুসলিম ওয়েলফেয়ার কমপ্লেক্স-এর আজীবন সদস্য।

জনাব এম এ সাত্তার

জনাব এম এ সাত্তার ১৫ই ডিসেম্বর, ১৯৩৯ সালে জামালপুর জেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা মরহুম ইঞ্জিনিয়ার এম এ জব্বার তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের প্রধান প্রকৌশলী ছিলেন। জনাব সাত্তার সেন্ট ফ্রান্সিস মিশনারী শিক্ষা প্রতিষ্ঠান, লন্ডন, ইউ কে থেকে ১৯৫৬ সালে সিনিয়র ক্যামব্রিজ কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হন। ১৯৫৮ সালে তিনি ঢাকা নটরডেম কলেজ হতে আই. এ পাশ করেন। ১৯৬৪ সালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। ১৯৬৫ সালে স্বতন্ত্র প্রার্থী হিসেবে তদানিন্তন পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের সর্বকনিষ্ঠ (এম.পি.এ) হিসেবে নির্বাচিত হয়ে পার্লামেন্টে তিনি শিল্পায়ন, বেকারত্ব দূরীকরণে ও সকল মৌলিক অধিকার আদায়ে সুবক্তা হিসেবে পরিচিতি লাভ করেন।

পরবর্তীতে তিনি নিজস্ব ব্যবসাসহ পৈতৃক ব্যবসাতে আত্তনিয়োগ করেন। ১৯৮০ সালে ঐতিহাসকি ঢাকা ক্লাবের সভাপতি নির্বাচিত হয়ে দক্ষতার পরিচয় দেন। ১৯৮২ সালে ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী সমন্বয়ে বৃহত্তর ঢাকা, ফরিদপুর ও টাঙ্গাইল জেলায় অবস্থিত ঢাকা চেম্বারের সদস্যদের ভোটে প্রতিদ্বন্দ্বীতামূলক নির্বাচনে জয় লাভ করে ঢাকা চেম্বারের সভাপতি নির্বাচিত হন। চেম্বারের সভাপতি থাকাকালীন সময় তিনি বেসরকারিখাতে ব্যাংক-বীমা এবং শিল্প প্রতিষ্ঠানের বি-রাষ্ট্রীকরণে সরকারকে নীতিমালা গ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন।

ব্যবসায়ী মহলের যে কোনো জটিল মুহূর্তে অত্যন্ত ঠান্ডা মাথায় সিদ্ধান্ত নিতে তাঁর জুড়ি নেই। আর এ কারণেই ব্যবসায়ী মহলে যে কোন কঠিন বাস্তবতায় সঠিক পথ-প্রদর্শক হিসেবে আজও দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন।

তিনি ১৯৮৬-৯০ সালে বাংলাদেশ সরকারের বিমান ও পর্যটন এবং বাণিজ্য মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর বর্ণাঢ্য জীবনে তিনি আর্থ-সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডে দক্ষতার পরিচয় রাখেন।

জনাব মাহবুবুর রহমান



জনাব মাহবুবুর রহমান ১০ জুলাই, ১৯৪২ সালে কুমিল্লার প্রসিদ্ধ চৌদ্দগ্রাম থানার অন্তর্গত জগন্নাথদীঘি ইউনিয়নে জন্মগ্রহণ করেন। কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়াশোনা শেষ করে ৬০-এর দশকে একজন সফল ব্যাংকার হিসেবে তিনি তাঁর কর্মজীবন শুরু করেন। অতঃপর ১৯৭৪-৭৯ সালে প্রতিষ্ঠিত ব্যবসায়ী হিসেবে শ্রীলংকার কান্ট্রি প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করেন। একজন সফল ব্যবসায়ী হিসেবে তিনি মেসার্স ইস্টার্ন ট্রেডিং (বাংলাদেশ) লিমিটেড সহ বহু ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করেন।

তিনি বর্তমানে ইটিবিএল হোল্ডিং-এর চেয়ারম্যান, যার অনেকগুলো অঙ্গ প্রতিষ্ঠান রয়েছে। ১৯৮০ সালে জুনিয়র চেম্বার ইন্টারন্যাশাল-এর ন্যাশনাল সভাপতি অব বাংলাদেশ নির্বাচিত হন। ১৯৮৫-৮৬ সালে ঢাকা চেম্বারের সভাপতি, ১৯৯২-৯৪ সালে এফবিসিসিআই-এর প্রেসিডেন্ট এবং ১৯৯৪ সাল থেকে বর্তমান সময় অবধি আইসিসি-বাংলাদেশের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছেন। ১৯৯৩-৯৫ সালে ইসলামিক চেম্বার অব কমার্স-এর ভাইস প্রেসিডেন্ট, ১৯৮৭-১৯৮৮ সালে লায়ন্স ক্লাব অব ঢাকা-এর সভাপতি এবং এ ছাড়া তিনি বিভিন্ন ব্যাংক, আর্থিক ও শিল্প প্রতিষ্ঠানের পরিচালক/চেয়ারম্যান হিসেবে কাজ করে যাচ্ছেন।

জনাব মাহবুবুর রহমান আঞ্চলিক, আন্তর্জাতিক এবং বিশ্বায়ন সম্পর্কিত বহু প্রতিষ্ঠানে সক্রিয়ভাবে সুনাম ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি তাঁর অভিজ্ঞতার আলোকে ব্যবসায়ীদের বর্তমান প্রয়োজন, ব্যবসা-বাণিজ্যের বাধা-বিপত্তি এবং সর্বোপরি অন্তরায় দূর করার জন্য একনিষ্ঠভাবে সরকারি ও ব্যবসায়ী মহলে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলে দিক-নির্দেশনা দিয়ে যাচ্ছেন। সময়োপযোগী একটি ট্রেড অর্গানাইজেশন রুলস্ প্রণয়নে তিনি সরকারকে সক্রিয় সাহায্য করে ব্যবসায়ী ও সরকারি মহলে অভিনন্দিত হয়েছেন।

ডিসিসিআই ফাউন্ডেশনের কার্যক্রম

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) দেশের শিল্প, ব্যবসা-বাণিজ্যে ও উন্নয়ন ও সম্প্রসারণের পাশাপাশি সামাজিক উন্নয়নে বেসরকারি খাতের অন্যতম সংগঠন হিসেবে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সরকারি প্রচেষ্টার পাশাপাশি বেসরকারি উদ্যোগের মাধ্যমে সামাজিক উন্নয়নকে আরো গতিশীল করতে ডিসিসিআই কর্তৃপক্ষ গড়ে তুলেন ডিসিসিআই ফাউন্ডেশন। ডিসিসিআই ফাউন্ডেশন রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস-এ ৩০ সেপ্টেম্বর, ২০০৯ তারিখে The Societies Registration Act XXI of ১৮৬০-এর অধীনে নিবন্ধিত হয়, যা ৪টি গ্রুপের সমন্বয়ে গঠিত ৯ সদস্যের একটি Executive Committee দ্বারা পরিচালিত হচ্ছে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর সভাপতি ফাউন্ডেশনের জেনারেল সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।

আলহাজ্ব আনোয়ার হোসেন ডিসিসিআই ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

ডিসিসিআই ফাউন্ডেশন-এর উদ্দেশ্যঃ

১. ডিসিসিআইএর সেবামূলক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ততা এবং এর ঐতিহ্য ও উন্নয়নের ধারা বজায় রাখা;

২. স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়, প্রশিক্ষণ/শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করা এবং শিক্ষা ও স্বাস্থ্যবিজ্ঞান সম্পর্কে সামাজিক সচেতনতা গড়ে তোলা;

৩. গরীব ও সুবিধা বঞ্চিত মানুষের জন্য অলাভজনক প্রতিষ্ঠান গড়ে তোলা ও উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণ করা;

৪. সাহিত্য, চারুকলা, বিজ্ঞান ও শিক্ষা ক্ষেত্রে অবদানের জন্য উৎসাহমূলক পুরস্কার ও মেধাবীদেরকে বৃত্তি প্রদান করা;

৫. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের জন্য সাহায্য সংগ্রহ ও বন্টন এবং পুনর্বাসনের জন্য কর্মসূচি গ্রহণ করা;

৬. ডিসিসিআই-এর সদস্য এবং অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে ব্যবসায়িক শিষ্ঠাচার বা নীতি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা;

৭. পাবলিক-প্রাইভেট ও সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সাথে সংযোগ স্থাপন ও যোগাযোগের ভারসাম্য রক্ষা করা।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক ক্ষমতা প্রাপ্ত নিম্নোক্ত ব্যক্তি মহোদয়গণের স্বাক্ষরক্রমে ডিসিসিআই ফাউন্ডেশন নিবন্ধিত হয় ঃ

১) আলহাজ্ব আনোয়ার হোসেন, চেয়ারম্যান, ডিসিসিআই ফাউন্ডেশন এবং আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ
২) জনাব এম এ সাত্তার, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৩) জনাব মাহবুবুর রহমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৪) জনাব এ টি এম ওয়াজিউল্লাহ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৫) জনাব এ রব চৌধুরী (মরহুম), প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৬) জনাব রাশেদ মাকসুদ খান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৭) জনাব এ এস এম কাশেম, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৮) জনাব এম এইচ রহমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
৯) জনাব আফতাব-উল ইসলাম, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১০) জনাব বেনজির আহমেদ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১১) জনাব মতিউর রহমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১২) জনাব ফজলে আর এম হাসান এফসিএ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৩) জনাব সাইফুল ইসলাম, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৪) জনাব এম এ মোমেন, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৫) জনাব জাফর ওসমান, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই
১৬) জনাব হোসেন খালেদ, প্রাক্তন সভাপতি, ডিসিসিআই এবং সদস্য সচিব, ডিসিসিআই ফাউন্ডেশন

ঢাকা চেম্বারের সভাপতি জনাব আবুল কাসেম খান, ডিসিসিআই ফাউন্ডেশন-এর মহাসচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

ডিসিসিআই ফাউন্ডেশনের উল্লেখযোগ্য কর্মকাণ্ড সমূহ ঃ

১) সামাজিক সেবামূলক কার্যকলাপের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদ কর্তৃক পরিচালিত ফিরোজাবাড়ি পঙ্গু ও শিশু হাসপাতালে ঢাকা চেম্বারের ওয়ার্ড উন্নয়ন ও রোগীদের চিকিৎসার জন্য নিয়মিতভাবে দীর্ঘদিন ধরে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

২) ডিসিসিআই কর্তৃক আয়োজিত DCCI Young Visionaries প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী দুইজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আমেরিকার ক্যালিফোর্নিয়ায় অনুষ্ঠিত (১৮-২০ এপ্রিল, ২০১২) The Global Social Venture Competition (GSVC)-তে অংশগ্রহণ করে প্রথম স্থান অধিকার করে বাংলাদেশের সুনাম অর্জন করেন। ডিসিসিআই ফাউন্ডেশন তাঁদের যুক্তরাষ্ট্রে আসা-যাওয়ার ব্যয় ভার বহন করে।

৩) সামাজিক কর্মকাণ্ডের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে কিডনী ফাউন্ডেশনকে ডায়ালাইসিস মেশিন ক্রয় বাবদ ২০,০০,০০০/- টাকা CSR কর্মকাণ্ডের অংশ হিসেবে অনুদানপ্রদানকরে।

৪) ২০১৫ ও ২০১৬ সালে পবিত্র রমজান মাসে ঢাকার দুঃস্থ ও দরিদ্র স্থানীয়দের মধ্যে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণের জন্য ঢাকা মহানগরী সমিতি (ঢাকা সমিতি) কে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে ২,০০,০০০/- টাকা করে মোট ৪,০০,০০০/- টাকা অনুদান দেওয়া হয়।

৫) ২০১২ সালে পবিত্র রমজান মাসে ঢাকার দুঃস্থ ও দরিদ্র স্থানীয়দের মধ্যে নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণের জন্য ঢাকা মহানগরী সমিতি (ঢাকা সমিতি) কে ডিসিসিআই ফাউন্ডেশনের পক্ষ থেকে ১,৫০,০০০/- টাকা অনুদান দেওয়া হয়।

৬) পুরাতন ঢাকায় আজাদ মুসলিম ক্লাবের সাথে ডিসিসিআই ফাউন্ডেশন এবং বাংলাদেশ ডায়াবেটিস এসোসিয়েশন-এর যৌথ উদ্যোগে একটি ডায়াবেটিস সেবা কেন্দ্র প্রতিষ্ঠিত করার পরিকল্পনা রয়েছে।

৭) ২০১৫ সালে ভূমিকম্পে ক্ষতিগ্রস্থ নেপাল কে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে তাৎক্ষণিকভাবে ৫,০০,০০০/-টাকার আর্থিক সহায়তা প্রদান।

৮) ২০১৫ সালে পবিত্র রমজান মাসে ঢাকার দুঃস্থ ও দারিদ্র স্থানীয়দের মাঝে নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী বিতরণের জন্য ঢাকা মহানগরী সমিতিকে ২,০০,০০০/- টাকার অনুদান প্রদান করা হয়।

৯) সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) কে আর্থিক অনুদান হিসেবে ২০১৫ সালে ২০,০০,০০০/-টাকা প্রদান করা হয়।

১০) ২০১৫ ও ২০১৬ সালে সামাজিক সেবামূলক কার্যক্রমের অংশ হিসেবে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে মোট ৪,০০,০০০/- টাকা বাংলাদেশ শিশু কল্যাণ পরিষদ কর্তৃক পরিচালিত ফিরোজাবাড়ি পঙ্গু হাসপাতাল কে আর্থিক সহায়তা প্রদান করা হয়।

১১) ২০১৭ সালে পবিত্র রমজান উপলক্ষে ঢাকা মহানগরী সমিতিকে ২,০০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়।

১২) ২০১৭ সালে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) কে ডিসিসিআই ফাউন্ডেশন থেকে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়।

১৩) ২০১৭ সালে বন্যা দূর্গতদের সাহায্যার্থে ৬ (ছয়) লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি উল্লেখযোগ্য ঘটনাপুঞ্জী ২০১৬-১৭

২২ ডিসেম্বর ২০১৬	ঃ	ডিসিসিআই'র ৫৫তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত।
২৬ ডিসেম্বর ২০১৬	ঃ	ডিসিসিআই'র সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সভাপতিত্বে পরিচালনা পর্ষদের বিশেষ সভা অনুষ্ঠিত।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান, ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব হোসেন এ সিকদার এবং ঢাকা চেম্বারের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের মধ্যকার সমন্বয় সভা অনুষ্ঠিত।
২৭ ডিসেম্বর ২০১৬	ঃ	ডিসিসিআই সহ-সভাপতি জনাব হোসেন এ সিকদার এফবিসিসিআই'র মেম্বারশীপ অ্যান্ড লিগ্যাল অ্যাফেয়ার্স বিষয়ক বিশেষ কমিটির সভায় যোগদান করেন।
২৮ ডিসেম্বর ২০১৬	ঃ	ডিসিসিআই'র মেটাবিল্ড প্রকল্পের সমন্বয় সভা অনুষ্ঠিত।
২৯ ডিসেম্বর ২০১৬	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) আয়োজিত জাপান-বাংলাদেশ দ্বিপাক্ষিক আলোচনা সভায় যোগদান করেন।
৩ জানুয়ারি ২০১৭	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে মিউচুয়্যাল ট্রাষ্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব আনিস এ খান সাক্ষাৎ করেন।
	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান "ডিসিসিআই এ্যাডমিনিস্ট্রেটিভ, কন্সটিটিউশন, মেম্বারশীপ অ্যান্ড এইচআর" বিষয়ক বিশেষ কমিটির ১ম সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ, সহ-সভাপতি জনাব হোসেন এ সিকদার, মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির এবং মিউচুয়্যাল ট্রাষ্ট ব্যাংক-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আনিস এ খানের মধ্যকার সভা অনুষ্ঠিত।
৪ জানুয়ারি ২০১৭	ঃ	বাংলাদেশে নিযুক্ত শ্রীলংকার হাইকমিশনার মান্যবর ইয়াসোজা গুনাসেকারা-এর সাথে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান সাক্ষাৎ করেন।
৭ জানুয়ারি ২০১৭	ঃ	ডিসিসিআই পরিচালনা পর্ষদের ১ম সভায় সভাপতিত্ব করেন ঢাকা চেম্বারের সভাপতি জনাব আবুল কাসেম খান। পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।
	ঃ	ডিসিসিআই পরিচালক, আহবায়ক ও যুগ্ম-আহবায়কবৃন্দের সমন্বয় সভা অনুষ্ঠিত।
৮ জানুয়ারি ২০১৭	ঃ	ডিসিসিআই'র মেটাবিল্ড প্রকল্পের ভারতীয় কর্মকর্তাবৃন্দের সাথে ঢাকা চেম্বারের গবেষণা শাখার কর্মকর্তাবৃন্দের সভা অনুষ্ঠিত।
৯ জানুয়ারি ২০১৭	ঃ	ডিসিসিআই মহাসচিব জনাব এএইচএম রেজাউল কবির শিল্প মন্ত্রণালয় আয়োজিত সভায় যোগদান করেন।
	ঃ	ডিসিসিআই যুগ্ম-সচিব (গবেষণা) ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অগ্রাধিকার নির্ধারণ বিষয়ক সভায় যোগদান করেন।
১১ জানুয়ারি ২০১৭	ঃ	ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে যুক্তরাজ্যের বেন্ট অঞ্চলের কাউন্সিলর জনাব পারভেজ আহমেদ সাক্ষাৎ করেন।
	ঃ	ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ পর্যটন বোর্ড-এর মধ্যকার সমঝোতা চুক্তি স্বাক্ষর।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান-এর সাথে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)'র ডিজি (অডিট) মাসুদুর রহমান সাক্ষাৎ করেন।

১২ জানুয়ারি ২০১৭ ঃ এগ্রি বিজনেস বুস্টার বাংলাদেশ-এর সহায়তায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি এগ্রিকালচারাল ভ্যালু চেইন্স প্রোগ্রাম (ডাই) যৌথভাবে আয়োজিত "কৃষি খাতের ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তা উন্নয়নে ঋণ সহায়তা প্রদানে প্রতিবন্ধকতা ও সমাধান" শীর্ষক ওয়ার্কশপ ডিসিসিআই অডিটোরিয়ামে অনুষ্ঠিত। ডিসিসিআই সহ-সভাপতি জনাব হোসেন এ সিকদার ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

১৩ জানুয়ারি ২০১৭ ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব হোসেন এ সিকদার ডিবিআই আয়োজিত "সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট" ট্রেনিং কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

১৪ জানুয়ারি ২০১৭ ঃ ডিসিসিআই সহ-সভাপতি জনাব হোসেন এ সিকদার ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৭-এর নির্বাচন কমিটির ২২তম সভায় যোগদান করেন।

১৫ জানুয়ারি ২০১৭ ঃ ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি জনাব কামরুল ইসলাম, এফসিএ বাংলাদেশ ব্যাংক আয়োজিত মুদ্রানীতি পর্যালোচনা বিষয়ক সভায় যোগদান করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান দৈনিক সমকাল পত্রিকায় সাক্ষাৎকার প্রদান করেন।

ঃ ডিসিসিআই পরিচালক জনাব রিয়াদ হোসেন বিডা'য় আয়োজিত "জাপান আইটি সপ্তাহ ২০১৭"-তে যোগদান বিষয়ে প্রস্তুতিমূলক সভায় যোগদান করেন।

ঃ ট্রেড ডেলিগেশন, ট্যুরিজম সার্ভিস সেক্টর ডেভেলপমেন্ট, ট্রেড ফেয়ার স্ট্যান্ডিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

১৬ জানুয়ারি ২০১৭ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান এবং পরিচালনা পর্ষদের সাথে ইন্ডিয়া মুসলিম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর প্রতিনিধিদলের মধ্যকার বাণিজ্য আলোচনা সভা অনুষ্ঠিত।

১৭ জানুয়ারি ২০১৭ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচালনা পর্ষদ মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব তোফায়েল আহমেদ, এমপি-এর সাথে সচিবালয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়োজিত "ভ্যালু এ্যাডেড ট্যাক্স" বিষয়ক ওয়ার্কশপে ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খান বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

১৮ জানুয়ারি ২০১৭ ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের নেতৃত্বে পরিচলনা পর্ষদের সদস্যবৃন্দ মাননীয় শিল্পমন্ত্রী জনাব আমির হোসেন আমু, এমপি'র সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ঃ ডিসিসিআই সভাপতি জনাব আবুল কাসেম খানের সাথে গ্রামীণ ফোন লিমিটেড'র কর্পোরেট অ্যাফেয়ার্স বিভাগের প্রধান জনাব আজিজুল আবেদীন সাক্ষাৎ করেন।

ঃ এইচআর ওয়ার্কিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত।

a. **Governing Body**: Regular Governing Body has been constituted and its meeting is being arranged for dealing necessary and important college related issues. With joint Collaboration since its inception, DCCI Business Institute (DBI) College has been relentlessly pursuing its mission and goals as stipulated by Governing Body, Standing Committee, Working Committee and DCCI Board of Directors.

b. **Principal**: Ms. Khodeza Begum is the Principal of DBI College. She has been running the College satisfactorily consistent with its goals, mission and vision. She is putting every possible effort to reach the vision.

c. **Teaching and Supporting Staff**: Work where the world comes to think, discover and learn. There are faculty and staff members across our campus supporting our mission of research, teaching and scholarship. Recruitment of new Faculty member is under process. Necessary documents have been submitted to the National University for this purpose.

d. **New Admission:** Steps are underway to attract and retain more good students for 7th Batch in 2018.

Facilities/Logistics

DCCI has been fully supportive in providing all sorts of facilities including accommodation, furniture, security and maintenance. College has been committed to provide state of art classroom. Provision of appropriate facilities is an important component for maintaining environment conducive to effective learning and growth.

Extra- Curricular Activities

There are timely initiatives in place to explore latent aptitude, improvise mental development, rejoice of students and excel in real-life skills alongside academic learning development. Following clubs are in place to cater those needs: Debating club, Reciting club, Cultural club, Career club.

Students' Affairs

Besides class lectures-individual and group presentation, class study, assignments, group discussion, exercise and other interactive methods of learning are being practiced to explore and expose students potential. Accordingly, class Monitoring Committee, Exam Committee, Debate Committee, Counseling Committee; Media & Communication Committee etc have been developed. A BBA college like DBI deserves considerable attention and resources because students here are mature and divergent having multifarious requirements. These matters should be reflected in code of conduct, safety, and discipline and job placement assistance etc for the students.

Conclusion

DBI College has been unique of its kind with versatile possibilities. All of its patrons have been proactive toward the attainment of desired goals. The National University has shown confidence in the ability of DCCI for running the BBA (Professional) Programme in DBI. We are confident that with the able guidance and cooperation of DCCI and National University, DBI College will reach a glorious phase and upgrade itself into a University College. Much effort has been taken to enhance students' standard of assimilation, analysis and creativity day by day.

সংবাদপত্রে ডিসিসিআই

দৈনিক ইত্তেফাক
শুক্রবার, ৯ পৌষ ১৪২৩
২৩ ডিসেম্বর ২০১৬

সভাপতি | ঊর্ধ্বতন সহ-সভাপতি | সহ-সভাপতি

ডিসিসিআই'র ৫৫তম এজিএম অনুষ্ঠিত

আবুল কাসেম খান ঢাকা চেম্বারের সভাপতি নির্বাচিত

আবুল কাসেম খান ২০১৭ সালের জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)'র সভাপতি নির্বাচিত হয়েছেন। কামরুল ইসলাম ঊর্ধ্বতন সহ-সভাপতি ও হোসেন এ সিকদার সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন। নবনির্বাচিত সভাপতি, ঊর্ধ্বতন সহ-সভাপতি, সহ-সভাপতি ও অন্যান্য পরিচালকবৃন্দ ২২ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত ডিসিসিআই'র ৫৫তম বার্ষিক সাধারণ সভায় তাদের দায়িত্ব গ্রহণ করেন। ঢাকা চেম্বারের ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালের নবনির্বাচিত পরিচালকবৃন্দ হলেন, কে এম এন মঞ্জুরুল হক, খন্দকার রাশেদুল আহসান, ইঞ্জিঃ আকবর হাকিম এবং ইমরান আহমেদ। নবনির্বাচিত সভাপতি আবুল কাসেম খান বর্তমানে এ কে খান অ্যান্ড কোম্পানী লিমিটেড-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

নবনির্বাচিত ঊর্ধ্বতন সহ-সভাপতি কামরুল ইসলাম, এফসিএ মাসনুনস লিমিটেড-এর চেয়ারম্যান এবং ইসলাম আফতাব কামরুল অ্যান্ড কোং চার্টার্ড এ্যাকাউনটেন্টস্-এর পার্টনার। হোসেন এ সিকদার ঢাকা শিল্প মালিক সমিতি (বিসিক কেরানীগঞ্জ) এবং বাংলাদেশ হ্যান্ডিক্রাফটস ম্যানুফেকচার্স এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর সভাপতি দায়িত্ব পালন করেন। তিনি কোহিনূর লেদার প্রডাক্টস লিমিটেড এবং হোমটেক ডেভেলপমেন্ট অ্যান্ড হোল্ডিংস লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। - সংবাদ বিজ্ঞপ্তি

কালের কণ্ঠ
শুক্রবার। ৩ ফেব্রুয়ারি ২০১৭। ২১ মাঘ ১৪২৩

বিনিয়োগ বাড়াতে পরিকল্পিত অবকাঠামো উন্নয়ন জরুরি

সকালের খবর
ঢাকা : রোববার ৩০ এপ্রিল ২০১৭

সাক্ষাৎকারে ডিসিসিআই সভাপতি

বাজেটে জ্বালানি ও বিদ্যুৎ খাতকে অগ্রাধিকার দিতে হবে

the dailyobserver
22-05-17

DCCI wants Tk 350,000 as individual tax-free income

Staff Correspondent

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) on Sunday proposed Tk 3,50,000 as individual tax-free income limit in the next budget.

For publicly traded company it proposed 25 per cent corporate tax instead of 30 per cent. The DCCI members also urged to re-introduce the tax-free facility on the profit component retained by the companies for re-investment.

The proposal was placed when the DCCI members led by its President Abul Kasem Khan called on Finance Minister Abul Maal Abdul Muhith, MP at the Ministry of Finance on Sunday.

A DCCI team led by its President Abul Kasem Khan meets Finance Minister AMA Muhith at the latter's office at the Secretariat in Dhaka on Sunday.

DCCI President Abul Kasem Khan said private investment needs to be scaled-up to 29 per cent from the current level of 22 per cent. In order to boost private investment Bangladesh needs to improve its position in business competitiveness.

In order to improve the ranking of Bangladesh with the view to attract private investment and facilitate industrialization, we need to improve our infrastructure, energy situation, efficiency in the institutional framework and human resources.

For infrastructure development Bangladesh spends 2.8per cent of its GDP on the other hand Vietnam is spending 10per cent, China 9per cent, India 5per cent, Sri Lanka 5per cent and Philippines 5per cent of their GDP.

He proposes to keep the VAT rate at a certain level so that the rate does not fuel any price escalation. NBR has given assurance that the introduction will not cause any price increase of common products. All necessary efforts can be brought under consideration so that this assurance by NBR is maintained, he said.

Distribution of ECR machines across the country will not be feasible rather VAT collection could be brought under a new payment E-ecosystem whereby all VAT collectors can use mobile network gateway. He also proposes for VAT free annual turnover up to Tk. 80 lakh and 3per cent turnover tax on annual turnover from Tk. 50 lakh to Tk. 1.2 crore.

He said investment in infrastructure development requires 5per cent of GDP and by the year 2030 Bangladesh will need $320 billion investment only in infrastructure.

Abul Kasem Khan urged for finalizing coal policy, more budgetary allocation on power and energy, railway. He said public and privately owned Economic Zone development with all utility services needs to be expedited. He sought more allocation in the ADP for power and energy so that we could produce 75per cent of our electricity using our own coal.

He urged for 50per cent cut down the rate of import registration license, trade license fee, export registration fee and indenting license fee to ease cost of doing business.

Senior Vice President of DCCI Kamrul Islam, Hossain A Sikder, Riyadh

কালের কণ্ঠ
শুক্রবার। ২১ এপ্রিল ২০১৭। ৮ বৈশাখ ১৪২৪

ডিসিসিআইয়ের গোলটেবিল বৈঠকে বক্তারা

বিনিয়োগ বাড়াতে অবকাঠামো উন্নয়নে জোর দিতে হবে

THE News Today
Sunday, January 8, 2017

Indian anti-dumping duty hurts jute industry: DCCI

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has urged the authorities concerned in Bangladesh to immediately take up the issue to dismantle India's anti-dumping duty imposition that hurts Bangladesh's jute industry, reports UNB.

In a bid to discourage the imports of jute goods from Bangladesh to India, the Directorate General of Anti-Dumping and Allied Duties (DGAD) proposed imposition of anti-dumping duty on jute items imported from Bangladesh against accusation of lowered price and injury to domestic

Ministry of Finance, Tariff Commission and other agencies concerned of Bangladesh to negotiate the issue with Indian authorities.

Bangladesh, despite being the largest export destination of India in South Asia, is working hard to improve and maintain a justified cross-border bilateral trade relation with India and this sort of decision is likely to work as a blow to the endeavour, the DCCI claimed.

The chamber body sought steps so that the Indian Ministry of Finance refrain from this sort of 'trade

The Ministry of Finance, the government of India has imposed anti-dumping duty ranging $8 to $350 per tonne, originating in Bangladesh and Nepal based on the investigation outcome though there is no clear finding of injury caused by Bangladesh's exported price and volume on Indian local finished producers, the DCCI said.

Bangladesh usually exports processed jute made goods i.e. yarn, twine, sacks and bags worth around $700 million to many world destinations of which Indian market accounts for 20 percent equivalent to 8

Indian

From Page-16 Col. 4

cannot anyway dump their local jute market.

Even though, the average industry injury margin assessed by DGAD was 25 percent less than required, said the DCCI.

It said this proposed anti-dumping duty imposition could result adverse multiplier impacts on our local growers, producers, exporters and spur further trade imbalance of Bangladesh with India.

DCCI is concerned about the iniquitous treatment of Ministry of Finance, government of India on our jute which will have negative cascading impacts on parties involved in our local jute supply chain process, export market and dampen glorious heritage golden fibre of Bangladesh as whole our $6.5 Billion bilateral trade, the statement read.

আমাদের অর্থনীতি
বুধবার
১ চৈত্র ১৪২৩
১৫ মার্চ ২০১৭

গভর্নরের সাথে ডিসিসিআই প্রতিনিধিদলের সাক্ষাৎ

দেশের অবকাঠামো উন্নয়নে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ব্যবহার করুন

জাফর আহমদ: দেশের অবকাঠামোর উন্নয়নে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ব্যবহারের প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল বিকেলে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবিরের সঙ্গে সাক্ষাৎকালে ডিসিসিআই এর সভাপতি আবুল কাশেম খান এ প্রস্তাব দেন। এ সময় বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গর্ভনর এসকে সুর চৌধুরী ও ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি কামরুল ইসলাম, সহ-সভাপতি হোসেন এ সিকদার, পরিচালক ইমরান আহমেদ, খ. রাশেদুল আহসান, মো. আলাউদ্দিন মালিক প্রমুখ।

আবুল কাসেম খান বলেন, বৈদেশিক বিনিয়োগকে আকৃষ্ট করার পাশাপাশি দেশীয় বিনিয়োগকে উৎসাহিত করার লক্ষ্যে অবকাঠামো খাতের উন্নয়ন এখন সময়ে দাবী। বর্তমানে অবকাঠামো খাতে বিনিয়োগের পরিমান ৬ দশমিক ৩২ বিলিয়ন মার্কিন ডলার এবং এটাকে ২০-২২ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত করা আবশ্যক এবং এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বৈদেশিক মুদ্রার রিজার্ভকে ব্যবহার করতে পারে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ এবং ২০৩০ সালের মধ্যে ৩০তম বৃহত্তম অর্থনীতির দেশে পরিণত হতে হলে বেসরকারি বিনিয়োগ ও জিডিপি-এর অনুপাত ৩৫ শতাংশে উন্নিত করতে হবে।

সম্প্রতি খেলাপি ঋণের পরিমাণ বাড়ছে এবং বিষয়টি দেশের সামগ্রিক অর্থনীতির জন্য উদ্বেগজনক উল্লেখ করে তিনি বলেন, ২০১৬ সালের ডিসেম্বর পর্যন্ত খেলাপি ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৬২,১৭২ কোটি টাকা। এটা আর্থিক খাতের জন্য একটি দু:সংবাদ। ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের ঋণ সহায়তা নিশ্চিতকরার লক্ষ্যে খেলাপি ঋণ নিয়ন্ত্রন এবং কার্যকর আর্থিক ব্যবস্থা প্রবর্তনের উপর জোরারোপ করেন।

ঢাকা চেম্বারের সভাপতি বলেন, বাংলাদেশী রপ্তানি পণ্যের বহুমুখীকরন ও বাজার সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংকের "রপ্তানী উন্নয়ন ফান্ড (ইডিএফ)"-এর কার্যক্রম আরোও সম্প্রসারিত করা প্রয়োজন। তিনি বেসরকারীখাতের এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জনের জন্য স্বল্প সুদে "শিল্প বিনিয়োগ ফান্ড" এবং "এসডিজি বাস্তবায়ন ফান্ড" চালু করার প্রস্তাব করেন। পাশপাশি তিনি বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা বিনিময় নীতিমালা যুগোপোযোগী করার আহবান জানান। তিনি জানান, ২০১৬ সালের ডিসেম্বরে ব্যাংকে জমাকৃত এফডিআর'র ক্ষেত্রে সুদের হার ছিল গড়ে ৫ দশমিক ২২ শতাংশ। কিন্তু ব্যাংক থেকে ঋণের সুদের হার প্রায় ৯ দশমিক ৯৩ শতাংশ এবং এসএমই উদ্যোক্তাদের ক্ষেত্রে যেটি প্রায় ১২ থেকে ১৪ শতাংশ। এ অবস্থায় ব্যাংক ঋণ এবং এফডিআর-এর সুদের হারের মধ্যে সামঞ্জস্য করার প্রয়োজন।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির ঢাকা চেম্বারের প্রতিনিধিদলের প্রস্তাবের জবাবে বলেন, বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে পরিণত হতে হলে ৮ শতাংশ হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জন করতে হবে এবং এ ক্ষেত্রে শিল্পায়ন ও বিনিয়োগের কোন বিকল্প নেই। তিনি বলেন, সাম্প্রতিক সময়ের রেমিটেন্স প্রবাহ কমা প্রসঙ্গে তিনি বলেন, গত বছর রেমিটেন্স প্রবাহ প্রায় ১৬ শতাংশ কমেছে। তিনি ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে রেমিটেন্স আসার ক্ষেত্রে রেমিটেন্স পাঠানোর প্রক্রিয়া সহজিকরন করা ও এ বিষয়ে জনসচেতনতা বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এসএমই উৎপাদন খাতের তরুণ উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের বিকল্প নেই।

সংবাদপত্রে ডিসিসিআই

সমকাল
বৃহস্পতিবার
২ মার্চ ২০১৭ ১৮ ফাল্গুন ১৪২৩

ঢাকা চেম্বার সম্মেলন কক্ষে বুধবার এসডিজি বিষয়ক এক সেমিনারে উপস্থিত আলোচকরা ■ সংগৃহীত

এসডিজি অর্জনে বৈষম্য দূর করতে হবে

ডিসিসিআইর সেমিনারে বক্তারা

■ সমকাল প্রতিবেদক

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জন করতে হলে প্রথমে বৈষম্য দূর করার উদ্যোগ নিতে হবে। পাশাপাশি সামাজিক উন্নয়ন বিশেষ করে সার্বজনীন শিক্ষার মানোন্নয়ন এবং কৃষি ও এসএমই খাতের উন্নয়নে পদক্ষেপ নিতে হবে। এসব ক্ষেত্রে বেসরকারি খাতকে অন্তর্ভুক্ত করে পরিকল্পনা প্রণয়ন করতে হবে সরকারকে।

গতকাল বুধবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'এসডিজি থেকে বেসরকারি খাতের ব্যবসায়িক সম্ভাবনার কৌশল নির্ধারণ' বিষয়ক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। ডিসিসিআইর সম্মেলন কক্ষে এ সেমিনারে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক প্রধান সমন্বয়কারী আবুল কালাম আজাদ বলেন, এসডিজির লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশগ্রহণ অপরিহার্য। এ লক্ষ্য বাস্তবায়নে মন্ত্রণালয়, অধিদপ্তর ও অন্যান্য সংস্থার অংশগ্রহণে কৌশলপত্র প্রণয়নের কাজ এপ্রিলের শেষ হবে। তিনি এ লক্ষ্য অর্জনে ব্যবসার খাতভিত্তিক টাস্কফোর্স গঠনের আহ্বান জানান।

সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ও পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান হোসেন জিল্লুর রহমান বলেন, সার্বজনীন শিক্ষার মানোন্নয়ন না হলে এসডিজি অর্জন সম্ভব হবে না- তা কাগজেই থেকে যাবে। এসডিজির জন্য শিক্ষার মান বাড়ানো বড় চ্যালেঞ্জ উল্লেখ করে তিনি বলেন, সরকারকে এ বিষয়ে এখনই পদক্ষেপ নিতে হবে। সরকার বড় চিন্তা করছে অবকাঠামো নিয়ে। এর পাশাপাশি সামাজিক উন্নয়নে সরকারি বিনিয়োগ বাড়াতে হবে। সার্বজনীন শিক্ষার মানোন্নয়নে তিনি

সেতুর চেয়ে বেশি হবে বলে মনে করেন তিনি।

হোসেন জিল্লুর বলেন, দেশে দারিদ্র্য কমলেও বৈষম্য বাড়ছে। দেশে যে মডেলে উন্নয়ন হচ্ছে, সেখানে বৈষম্য সৃষ্টির সুযোগ রয়েছে। এজন্য এসডিজিতে সরকারি-বেসরকারি খাত ও এনজিওগুলোকে একসঙ্গে কাজ করার পরিবেশ সৃষ্টি করতে হবে।

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. শামসুল আলম বলেন, এসডিজি অর্জনে পুরো সমাজের দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে। একই সঙ্গে দরকার দেশের ব্র্যান্ডিং। সরকার চায় বেসরকারি খাত মানসম্পন্ন পণ্য উৎপাদনের মাধ্যমে দেশের ব্র্যান্ডিং করবে।

ডিসিসিআই সভাপতি আবুল কাসেম খান বলেন, এসডিজি বাস্তবায়নের চ্যালেঞ্জগুলো ব্যবসায় নতুন নতুন খাত তৈরির সম্ভাবনা জাগিয়েছে। তিনি বলেন, নির্ধারিত সময়ে এসডিজির লক্ষ্য অর্জনে এফডিআইর পরিমাণ এবং কর-জিডিপির অনুপাত বাড়াতে হবে। গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা জাফরুল্লাহ চৌধুরী বলেন, সবার আগে সুশাসন নিশ্চিত করা দরকার। তিনি সরকারকে জনগণকে সেবা প্রদান এবং ব্যবসায়ীদের রাজনীতির বদলে ব্যবসা করার আহ্বান জানান।

এসডিজিবিষয়ক কমিটির উপদেষ্টা আসিফ ইব্রাহীম মূল প্রবন্ধে বলেন, অনেক ব্যবসা প্রতিষ্ঠান এসডিজিতে সম্পৃক্ত হতে এবং এর প্রভাব নির্ধারণে কৌশলপত্র তৈরি করেছে। তিনি বলেন, এসডিজির ফলে পুনঃপ্রক্রিয়াজাতকরণ, কাগজ ও পাল্প, পানি সংশোধন, খাদ্য বর্জ্য ব্যবস্থাপনা, ই-বর্জ্য ব্যবস্থাপনা এবং নবায়নযোগ্য জ্বালানি খাতের প্রচুর সম্ভাবনা রয়েছে।

দৈনিক ইত্তেফাক
সোমবার, ২৩ শ্রাবণ ১৪২৪
৭ আগস্ট ২০১৭

উন্নত যাতায়াত ও সংরক্ষণের অভাবে কৃষি পণ্যের ৩৫% নষ্ট হচ্ছে

ডিসিসিআইর আলোচনা সভায় বক্তারা

■ ইত্তেফাক রিপোর্ট

উন্নত যাতায়াত ও সংরক্ষণ ব্যবস্থার অভাবে উৎপাদিত কৃষি পণ্যের ৩৫% নষ্ট হচ্ছে। কৃষি বিষয়ক উদ্ভাবিত নতুন নতুন প্রযুক্তিসমূহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল সমূহে পৌঁছে দেওয়ার আহবান জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত আলোচনা সভায় বক্তারা।

গতকাল ডিসিসিআই এবং ইউএসএআইডি'র এগ্রিকালচারাল ভ্যালু চেইনস (এভিসি) প্রজেক্ট যৌথভাবে আয়োজিত 'নিরাপদ খাদ্য নিশ্চিতকরন ও নীতিমালা কার্যকর' বিষয়ক গোলটেবিল আলোচনা সভা ঢাকা চেম্বার মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

গোলটেবিল আলোচনা সভার প্রধান অতিথি ও ডিসিসিআই পরিচালক ইঞ্জি. আকবর হাকিম বলেন, শত প্রতিকূলতার মধ্যেও দেশের কৃষি খাত ক্রমশ উন্নতি লাভ করছে, যদিও নিরাপদ এবং ভেজাল মুক্ত শাক-সবজি, ফলমূল ও অন্যান্য খাদ্যদ্রব্য প্রাপ্তির বিষয়টি বর্তমান সময়ে একটি উৎকণ্ঠার বিষয় হয়ে দাঁড়িয়েছে। তিনি আরোও জানান, সরকার কর্তৃক পরিচালিত একটি জরিপে প্রতীয়মান হয় যে, ২০১৬ সালের জুন মাসে ৫২৪টি খাদ্য পণ্যের মধ্যে ১৩২টিতে অতিরিক্ত মাত্রায় কেমিক্যাল ব্যবহার করা হয়েছে।

প্রযুক্তিসমূহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চল সমূহে পৌঁছে দেওয়ার আহবান জানান।

গোলটেবিল আলোচনা সভায় সলিডারিডেড নেটওয়ার্ক এশিয়া'র সাপ্লাই চেইন অ্যান্ড মার্কেট ডেভেলপমেন্ট স্পেশালিষ্ট মো. মজিবুল হক মূল প্রবন্ধ উপস্থাপন করেন। নির্ধারিত আলোচনায় বাংলাদেশ সুপার মার্কেট ওনার্স এসোসিয়েশনের সভাপতি নিয়াজ রহিম, কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব ড. মো. আব্দুর রউফ, বাংলাদেশ কনজুমার এসোসিয়েশনের প্রগ্রাম কো-অর্ডিনেটর আহমেদ একরাম উল্ল্যাহ অংশগ্রহণ করেন। নিয়াজ রহিম বলেন, উন্নত যাতায়ত ও সংরক্ষন ব্যবস্থার অভাবে উৎপাদিত কৃষি পণ্যের প্রায় ৩৫% নষ্ট হচ্ছে। তিনি আরোও বলেন, নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও প্রাপ্তির নিশ্চিতকরনের জন্য কৃষকদের সচেতনের পাশাপাশি সরকারি ও বেসরকারিখাত কে যৌথভাবে

সকালের খবর
ঢাকা : মঙ্গলবার ৭ ফেব্রুয়ারি ২০১৭

ভ্যাট স্মার্ট কার্ড প্রচলনের প্রস্তাব ডিসিসিআইর

নিজস্ব প্রতিবেদক ■

প্রথম আলো
১৮ মে ২০১৭

অবকাঠামো ব্যয় এত বেশি কেন?

ঢাকা চেম্বারের গোলটেবিল বৈঠকে প্রশ্ন

নিজস্ব প্রতিবেদক ●

বাংলাদেশে অবকাঠামো নির্মাণের ব্যয় এত বেশি কেন—এই প্রশ্ন উঠেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এক গোলটেবিল বৈঠকে। এতে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামালের উপস্থিতিতে আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশের (অ্যামচেম) সাবেক সভাপতি আফতাব-উল ইসলাম বলেন, এক কিলোমিটার উড়ালসড়ক বা ফ্লাইওভার নির্মাণে বাংলাদেশে যে ব্যয় হয়, তা সম্ভবত বিশ্বের সর্বোচ্চ খরচের মধ্যে একটি হবে।

আফতাব-উল ইসলাম আরও বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ব্যয় ৫০০ থেকে ৬০০ কোটি ডলার হওয়ার কথা শোনা যাচ্ছিল। পরে দেখা গেল, তা ১ হাজার ২০০ কোটি ডলারের কাছাকাছি হয়েছে। মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, 'এত ব্যয়ের পেছনে নিশ্চয়ই কারণ আছে। তা পরিকল্পনামন্ত্রী আমাদের বলবেন।'

অবশ্য পরিকল্পনামন্ত্রীর দীর্ঘ সময়ের বক্তব্যে এ বিষয়ে কোনো জবাব পাওয়া যায়নি। যদিও মুস্তফা কামাল মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধির হার নিয়ে বিতর্কের একটি ব্যাখ্যা দিয়েছেন। তিনি বলেন, প্রবৃদ্ধির হারের ক্ষেত্রে কোনো কারসাজি করা হয়নি।

'বাংলাদেশের অবকাঠামো' শীর্ষক ঢাকা চেম্বারের এই গোলটেবিল বৈঠকটি গতকাল বুধবার রাজধানীর সোনারগাঁও হোটেলে অনুষ্ঠিত হয়। তিনটি অধিবেশনের এই আলোচনা সভায় সরকারি সংস্থার প্রধান, কূটনীতিক, বেসরকারি সংস্থা, ব্যবসায়ী সংগঠন ও উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে ডিসিসিআইয়ের সভাপতি আবুল কাসেম খান দেশের জিডিপি প্রবৃদ্ধির হার একটি নির্দিষ্ট অঙ্কে আটকে থাকার কারণ হিসেবে অবকাঠামোর ঘাটতিকে দায়ী করেন। তিনি বলেন, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনামের মতো

রাজধানীর একটি হোটেলে গতকাল ঢাকা চেম্বার আয়োজিত 'বাংলাদেশের অবকাঠামো' শীর্ষক গোলটেবিল বৈঠকে অতিথি ও বক্তারা ● ছবি : ঢাকা চেম্বারের সৌজন্যে

সাল পর্যন্ত ৩০ হাজার কোটি ডলারের বিনিয়োগ লাগবে।

ডিসিসিআইয়ের সভাপতি রেল ও নৌপথের অবকাঠামো উন্নয়নের তাগিদ দিয়ে বলেন, ৮৮ শতাংশ যাত্রী ও পণ্য পরিবহন হয় সড়কপথে। দেশের পরিবহন খাতের এই একপেশে উন্নয়ন বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে।

বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান কাজী এম আমিনুল ইসলাম বলেন, বর্তমান অবকাঠামো দিয়ে বাংলাদেশ প্রবৃদ্ধি অর্জনের সর্বোচ্চ সীমায় চলে এসেছে। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হতে হলে অবকাঠামোর ধাঁচ পাল্টে ফেলতে হবে। তিনি বলেন, 'হাতে মাত্র ২৪ বছর সময় আছে। আমাদের বহুদূর যেতে হবে, দ্রুত যেতে হবে।'

অনুষ্ঠানের প্রথম অধিবেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশনের (আইএফসি)

সেটি এখন তাদের অর্থনীতিতে ২৭ হাজার কোটি ডলারের অবদান রাখছে।

নির্ধারিত আলোচক হিসেবে অ্যালায়েন্স পোর্টের উপব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ইয়াসির হায়দার রিজভী বলেন, 'অবকাঠামো উন্নয়নে সরকারি খাতের উচিত না বেসরকারি খাতকে প্রতিযোগী হিসেবে দেখা। আমরা কাজ করতে গিয়ে দেখেছি, আমাদের প্রতিযোগী মনে করা হয়। আমরা প্রতিযোগিতা নই, অবকাঠামো খাতে অবদান রাখছি।'

অবকাঠামোর ব্যয় নিয়ে দুটি অধিবেশনে কথা বলেন আফতাব-উল ইসলাম। তিনি বলেন, প্রতিটি প্রকল্প বাস্তবায়নে সময় বেশি লাগছে। এ কারণে ব্যয় তিন-চার গুণ বেড়ে যাচ্ছে। তিনি গভীর সমুদ্রবন্দর নির্মাণে আর দেরি না করার পরামর্শ দেন।

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেন, সরকার চট্টগ্রাম ও মংলা বন্দরের সক্ষমতা অনেক বাড়াবে। পাশাপাশি দুটি গভীর সমুদ্রবন্দর নির্মাণ করা হবে। এর একটি চট্টগ্রামে, অন্যটি পটুয়াখালীর পায়রায় হবে। তিনি মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধির হারের ক্ষেত্রে কোনো কারসাজি করা হয়নি দাবি করে বলেন, প্রবাসী আয় বা রেমিট্যান্স কমে গেছে বলে প্রবৃদ্ধি কম হবে, এটা ঠিক না। ব্যাংকিং চ্যানেলের বাইরে বিদেশ থেকে প্রবাসী আয় আসছে উল্লেখ করে মন্ত্রী বলেন, টাকার রং সাদা, কালো, হলুদ যা-ই হোক, তা বাংলাদেশে আসছে এবং অবদান রাখছে।

দিনের দ্বিতীয় ভাগে 'অবকাঠামো উন্নয়নে অন্যকে অনুকরণ?' শীর্ষক এক অধিবেশনে বেসরকারি সংস্থা পিপিআরসির নির্বাহী চেয়ারম্যান হোসেন জিল্লুর রহমান বলেন, বাংলাদেশ যে আর গরিব দেশ নেই, সেটা প্রমাণিত। নতুন করে প্রমাণ করার কিছু নেই। বরং ভবিষ্যতে সামনে এগোতে কী কী সমস্যা আছে তা সমাধানে নজর দিতে হবে।

অনুষ্ঠানে বিডার সচিব অজিত কুমার পাল, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এম খালেদ ইকবাল, ডিসিসিআইয়ের সাবেক সভাপতি আসিফ ইব্রাহিম, পিপিপি কর্তৃপক্ষের প্রধান নির্বাহী সৈয়দ আফসর এইচ উদ্দিন, আবদুল মোনেমের উপব্যবস্থাপনা পরিচালক এ এস এম মইনুদ্দিন মোনেম প্রমুখ বক্তব্য দেন।

daily sun
DHAKA | WEDNESDAY | 9 AUGUST 2017

UNDP, DCCI to create platform for data collection

The United Nations Development Programme (UNDP) and the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) will jointly create a platform under a project to collect data on the current impact of private sector on sustainable development.

Both the UNDP and DCCI will use the data to design new initiatives that simultaneously meet Bangladesh's development priorities and corporate goals, reports BSS. Country Director of UNDP Bangladesh Sudipto Mukerjee and President of DCCI Abul Kasem Khan signed a Memorandum of Understanding (MOU) in Dhaka on Tuesday to launch the project, said a press release. The signing of this agreement signals a new era of cooperation between UNDP and private sector companies. This new direction is already producing tangible results through the work of the Innovation Hub, an alternative partnership model for private sector engagement launched in 2017 by UNDP and the United Nations Volunteers (UNV) Programme.

The project of Public Private Innovation will feature a Data Analytics Hub which will quantify private sector contributions to Bangladesh's social, economic and environmental development. The 2017 pilot will be funded by the UNDP Bangkok Regional Bureau for Asia-Pacific. The centre will also contain a Research and Development (R&D) Hub to encourage sustainable and profitable use of locally sourced products.

United Nations Development Programme Country Director Sudipto Mukerjee and Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Abul Kasem Khan exchange documents after signing an MoU at DCCI conference room in the capital on Tuesday.

The New Nation
Dhaka, Wednesday, August 16, 2017

Sudipto Mukherjee, Country Director of UNDP Bangladesh and Abul Kasem Khan, President of DCCI exchanging a MoU signing documents to launch a project which will facilitate larger involvement of the Private Sector in development initiatives for boosting corporate results and return on investment at DCCI's head office in the city recently. Under the deal, both organizations will use the data to design new initiatives that simultaneously meet Bangladesh's development priorities and corporate goals.

The Daily Star
DHAKA WEDNESDAY AUGUST 9, 2017, SRABAN 25, 1424 BS

UNDP-DCCI project to help boost private sector profits

STAR BUSINESS REPORT

United Nations Development Programme (UNDP) and the Dhaka Chamber of Commerce and Industry (DCCI) yesterday signed a memorandum of understanding to launch a project on increasing private sector involvement in development initiatives.

UNDP Bangladesh's Country Director Sudipto Mukerjee and DCCI President Abul Kasem Khan signed the documents at a programme.

Leaders of the two organisatiopns said the deal will help them create a platform to collect data on the current impact of the private sector on sustainable development.

Together, UNDP and DCCI will use the data to design new initiatives that simultaneously meet Bangladesh's development priorities and corporate goals, they said.

"We view this new partnership as a crucial tool for our members to maximise their corporate goals while also contributing to the development of Bangladesh," Khan of DCCI said. The project on public private innovation will feature a data analytics hub which will quantify private

সংবাদপত্রে ডিসিসিআই

প্রথম আলো

এ সপ্তাহের সাক্ষাৎকার

বিনিয়োগ পরিস্থিতি

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি হিসেবে সম্প্রতি দায়িত্ব নিয়েছেন **আবুল কাশেম খান**। ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ পরিস্থিতি নিয়ে *প্রথম আলোর* সঙ্গে কথা বলেছেন তিনি। বিনিয়োগের সমস্যা নিয়ে কথা বলতে গিয়ে জোর দিয়েছেন সংস্কারের ওপর। বলেছেন বিদেশি বিনিয়োগকারীদের হতাশার কথাও। সাক্ষাৎকার নিয়েছেন **রাজীব আহমেদ**

ব্যবসার ব্যয় বাড়ছে প্রয়োজন সংস্কার

প্রথম আলো: আপনি ২০১০ সালে ঢাকা চেম্বারের সভাপতি ছিলেন। তখন ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে কী কী সমস্যা নিয়ে কথা বলতেন? সেই সমস্যাগুলোর এখনকার পরিস্থিতি কী?

কাশেম খান: তখন যেসব সমস্যা ছিল, তা এখনো আছে। কিছু সমস্যার সমাধানে দেশ বেশ এগিয়েছে। বিশেষ করে বিদ্যুতের ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। অর্থনৈতিক অঞ্চলগুলোর বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। যানজটের আংশিক সমাধান হয়েছে। অনেক ফ্লাইওভার, ঢাকা-চট্টগ্রাম চার লেনের কাজ শেষ হয়েছে; এ ক্ষেত্রে খুব বেশি নম্বর দেব না। জাপানের সঙ্গে মাতারবাড়ী প্রকল্প হচ্ছে, চীনা বিনিয়োগ আসছে। করের আওতা বেড়েছে। মোট দেশজ উৎপাদন (জিডিপি) ৭ শতাংশে উন্নীত হয়েছে। এখন আপনি যদি চ্যালেঞ্জের কথা বলতে বলেন, আমি কিছু বলতে পারব।

প্রথম আলো: আমি এখনই চ্যালেঞ্জ নিয়ে প্রশ্ন করতাম।

কাশেম খান: এ বছর আমরা সংস্কার নিয়ে কথা বলব। আমরা যে অর্থনীতিতে উন্নীত হচ্ছি, তাতে শুধু অর্থনৈতিক প্রবৃদ্ধি হলেই হবে না। প্রবৃদ্ধি ধরে রাখতে নীতি সংস্কার জরুরি, অবকাঠামো জরুরি। অবকাঠামো বলতে আমি আধুনিক, বহুমুখী ও দক্ষ অবকাঠামোকে বোঝাচ্ছি। এটা শুধু রাস্তাঘাট নির্মাণ নয়। এ ক্ষেত্রে রাস্তাঘাট, রেল, জলপথ ব্যবহার করে একটি আধুনিক যোগাযোগব্যবস্থা গড়ে তুলতে হবে; যাতে পরিবহন খরচ কমিয়ে রাখা যায়। গভীর সমুদ্রবন্দর নির্মাণ করতে হবে। ঢাকা-চট্টগ্রাম চার লেন করা ২০ বছর আগের ধারণা ছিল, সেটা সবে হয়েছে। এখন আট লেন করতে হবে। ব্যবসা করার খরচও বেড়ে যাচ্ছে।

প্রথম আলো: আপনি বলছিলেন ব্যবসা করার খরচ আগের চেয়ে বেড়েছে। এ ক্ষেত্রে কি গ্যাসের দাম বাড়ানোর উদ্যোগ ও গ্যাস-সংকটকে যুক্ত করবেন?

কাশেম খান: ব্যবসা করার খরচের দিক দিয়ে বিভিন্ন দেশের মধ্যে আমরা একেবারে নিচের দিকে আছি। শিল্পের ব্যবহৃত উপাদানের দাম বাড়লে সেটা শিল্পকে আঘাত করে। সরকার গ্যাসের দাম বাড়াবে বলছে, সে ক্ষেত্রে তাদের নানা যুক্তি থাকবে। আমরা চাই না দাম বাড়ুক। এখন অনেক কারখানা গ্যাস পাচ্ছে না। অনেক ক্ষেত্রে চাপ কম। এর ওপর দাম বাড়ানোর উদ্যোগ বিপরীতমুখী প্রতিক্রিয়া তৈরি করবে। আপনি একদিকে বলছেন ব্যাপক শিল্পায়ন হবে, অন্যদিকে অন্যতম উপাদান

> সরকার গ্যাসের দাম বাড়াবে বলছে, সে ক্ষেত্রে তাদের নানা যুক্তি থাকবে। আমরা চাই না দাম বাড়ুক। এখন অনেক কারখানা গ্যাস পাচ্ছে না। অনেক ক্ষেত্রে চাপ কম। এর ওপর দাম বাড়ানোর উদ্যোগ বিপরীতমুখী প্রতিক্রিয়া তৈরি করবে। আপনি একদিকে বলছেন ব্যাপক শিল্পায়ন হবে, অন্যদিকে অন্যতম উপাদান গ্যাসের মূল্য বৃদ্ধি করছেন—শেষ পর্যন্ত ব্যবসা তো লাভজনক থাকতে হবে

একজন বিদেশি বিনিয়োগকারী বা নতুন উদ্যোক্তার কী অবস্থা হবে?

প্রথম আলো: রাজনৈতিক পরিস্থিতি শান্ত থাকার কারণে বিদেশি বিনিয়োগ কতটুকু উৎসাহিত হচ্ছে?

কাশেম খান: যদি বাংলাদেশের আগের কথা চিন্তা করেন, তাহলে বিদেশি বিনিয়োগ বেড়েছে। গতবার আমরা ২০০ কোটি ডলারের বেশি বিদেশি বিনিয়োগ পেয়েছি, যা আগের বছরের তুলনায় ৪৪ শতাংশে বেড়েছে। কিন্তু অন্য দেশের সঙ্গে তুলনা করলে দেখবেন বাংলাদেশ বিদেশি বিনিয়োগ অনেক কম পাচ্ছে। ভিয়েতনাম তিন বছরে ছয় হাজার কোটি ডলারের বিনিয়োগ পেয়েছে। তারা স্যামসাংয়ের ৩৫ কোটি ডলার, নেসলের যষ্ঠ কারখানায় ৭ কোটি ডলার, জিনক্স রিসোর্সের ইস্পাত কারখানায় ...

দৈনিক ইত্তেফাক
সোমবার, ১০ মাঘ ১৪২৩
২৩ জানুয়ারি ২০১৭

আম প্রক্রিয়াজাতকরণে সহজ শর্তে ঋণ দেওয়ার আহ্বান

দৈনিক ইত্তেফাক
রবিবার, ১৫ শ্রাবণ ১৪২৪
৩০ জুলাই ২০১৭

জ্বালানি নিরাপত্তায় সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা চান উদ্যোক্তারা

ডিসিসিআইয়ের জ্বালানি নিরাপত্তা বিষয়ক সেমিনার

রোববার
২২ জানুয়ারি ২০১৭ ৯ মাঘ ১৪২৩
সমকাল

সাক্ষাৎকার

অবকাঠামোতে বিদেশি বিনিয়োগ দরকার

আবুল কাশেম খান

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) নতুন সভাপতি হিসেবে ব্যবসায়ী আবুল কাশেম খান সম্প্রতি দায়িত্ব নিয়েছেন। তিনি এ কে খান অ্যান্ড কোম্পানির পরিচালক এবং এ কে খান টেলিকমের ব্যবস্থাপনা পরিচালক। আবুল কাশেম খান সাবেক শিল্প ও বাণিজ্যমন্ত্রী মরহুম এএম জহিরউদ্দিন খানের বড় ছেলে। দেশের ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ পরিস্থিতি নিয়ে সমকালের সঙ্গে কথা বলেছেন তিনি। সাক্ষাৎকার নিয়েছেন মিরাজ শামস

সমকাল: ঢাকা চেম্বারের সভাপতি হিসেবে এর আগে দায়িত্ব পালন করেছেন। এবার আবারও নির্বাচিত হয়েছেন। নতুন দফায় ঢাকা চেম্বার নিয়ে আপনার পরিকল্পনা কী?

আবুল কাশেম খান: বিভিন্ন বিষয়ে কাজ করার অনেক পরিকল্পনা রয়েছে। বাংলাদেশ খাতে ২০৩০ সালে ৩০তম বৃহৎ অর্থনীতির দেশ হতে পারে, তার জন্য আমাদের নানা উদ্যোগ নিতে হবে। জিডিপি প্রবৃদ্ধি ৭ থেকে ১০ শতাংশ অর্জনের জন্য পর্যাপ্ত অবকাঠামো নেই। অবকাঠামো তৈরি করতে সময়ের প্রয়োজন হবে। কিন্তু দ্রুত কীভাবে করা সম্ভব সে বিষয়ে কাজ করবে ঢাকা চেম্বার। ২০৩০ সালের মধ্যে অবকাঠামো উন্নয়নে ৩২০ বিলিয়ন ডলার বিনিয়োগ করতে হবে। এ জন্য বছরে ২০ বিলিয়ন ডলার বিনিয়োগের প্রয়োজন হবে। বিনিয়োগের পরিমাণ হতে হবে জিডিপির ৫ থেকে ৬ শতাংশে। বর্তমানে অবকাঠামোতে বিনিয়োগের পরিমাণ জিডিপির ২ দশমিক ৩ শতাংশ। এ ক্ষেত্রে সব সরকারি বিনিয়োগ করলে হবে না। সরাসরি বিদেশি বিনিয়োগ আসতে হবে। সেই পরিবেশ থাকতে হবে। দীর্ঘমেয়াদি বিনিয়োগের সুযোগ করে দিতে হবে।

ঢাকা চেম্বার অবকাঠামো উন্নয়নের উদ্যোগ বাস্তবায়ন ও ব্যবসায় পরিচালনা ব্যয় কমানোর বিষয়ে জোর দিয়ে কাজ করবে। নতুন উদ্যোক্তা তৈরি ও নতুন ব্যবসার ক্ষেত্র সৃষ্টি করার বিষয়ে কাজ করবে। বিশেষ করে হালাল পণ্যের বাজার সৃষ্টি করা আমাদের অন্যতম লক্ষ্য। বাংলাদেশ এদিকে এখনও নজর দেয়নি। দেশে হালাল সার্টিফিকেশন পদ্ধতি নেই। সরকার এ বিষয়ে উদ্যোগ নিলে ঢাকা চেম্বার কাজ করবে। মালয়েশিয়ান হালাল সার্টিফিকেশন বোর্ডের সঙ্গে বাণিজ্য মন্ত্রণালয় যৌথ চুক্তি করে প্রযুক্তিভিত্তিক জ্ঞান বিনিময়ের মাধ্যমে এটা সম্ভব হবে। হালাল সনদের ব্যবস্থা হলে এ ধরনের পণ্য উৎপাদনের উদ্যোক্তা তৈরি হবে। এখন বিশ্বের বিভিন্ন দেশে খাদ্যপণ্য, মাছ, মাংস, কসমেটিকস ও পারফিউমসহ বিভিন্ন পণ্য হালাল হচ্ছে। বাংলাদেশের এ বাজারে রফতানি বাড়ানোর সুযোগ রয়েছে। হালাল পণ্য স্বাস্থ্যকর এবং অন্যান্য বিষয় বিবেচনা করে অমুসলিমরাও ব্যবহার করছে। এ ছাড়া বহুমুখী পাট পণ্য নিয়ে গবেষণা করা উচিত। পাটখড়ি থেকে উন্নতমানের কাগজ আবারও তৈরি করতে পারে। এ ক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ পাটের পণ্য ব্যবহারে বাধ্য-বাধকতা দিতে পারে সরকার। ক্ষুদ্র উদ্যোক্তাদের কীভাবে আর্থিক সহায়তা দেওয়া যায় তা নিয়েও কাজ করবে ঢাকা চেম্বার। মূলধনের অভাবে অনেক ক্ষুদ্র ব্যবসায়ী ব্যবসা সম্প্রসারণে যেতে পারছেন না। বিশ্বের বিভিন্ন দেশের এসএমই খাতের উন্নয়নে চিত্র পর্যালোচনা করে নতুন করে পরিকল্পনা তৈরি করা হবে। আগামী এক মাসের মধ্যে এসএমই খাতের করণীয় ঠিক করে সরকারকে জানানো হবে।

সমকাল: রাজনৈতিক অস্থিরতা বা সংঘাত নিয়ে আপনারা বেশি চিন্তিত ছিলেন। এখন তো পরিস্থিতি ভালো। এ পরিস্থিতিতে ব্যবসা-বাণিজ্যের অবস্থা কেমন?

আবুল কাশেম খান: রফতানি ও রিজার্ভ বাড়ছে এবং ডলারের বিপরীতে টাকার অবস্থান ভালো রয়েছে। ব্যাংকে ঋণের সুদ কমেছে। ব্যবসায়ীদের মধ্যে এখন ভয় নেই। এখন অর্থনীতি রাজনীতিকে পথ দেখাচ্ছে। ব্যবসায়ীরা চান কোনো অস্থিরতা তৈরি না হোক। নয়।

সমকাল: বাণিজ্যের কোন খাতগুলোকে আপনি সম্ভাবনাময় হিসেবে চিহ্নিত করবেন? এসব খাতের উন্নয়নে আপনার পরামর্শ কী?

আবুল কাশেম খান: বাংলাদেশে এখন ওষুধ, প্লাস্টিক, তথ্যপ্রযুক্তি, অটোমোবাইলসহ অনেক খাতেই সম্ভাবনা রয়েছে। এসব খাতে উন্নয়নের অনেক সুযোগ আছে। বিশেষ করে মোটরসাইকেল ও গাড়ি তৈরিতে প্রযুক্তি হস্তান্তরের জন্য বিদেশের সঙ্গে যৌথভাবে কাজ করতে হবে। বস্ত্রখাতে আরও ভালো করার সুযোগ আছে। যোগাযোগের উন্নয়ন হলে অটোমোবাইল খাত অনেক ভাল করবে।

সমকাল: ঢাকা চেম্বার ২ হাজার নতুন উদ্যোক্তা তৈরির পরিকল্পনা নিয়ে কতটা সফল হয়েছে। এ বিষয়ে আপনার পরিকল্পনা কী?

আবুল কাশেম খান: উদ্যোক্তা তৈরির পরিকল্পনা সফল হয়নি। নতুন করে আবারও উদ্যোক্তা তৈরির কাজ শুরু হবে। এ বিষয়ে কিছু ব্যাংকের সঙ্গে আলোচনা হয়েছে। আগামী মার্চে ক্ষুদ্র উদ্যোক্তা মেলা করা হবে। ওই মেলায় উদ্যোক্তা প্রকল্প আবারও ...

NEW AGE
18 May 2017

GDP growth to be stagnant without adequate investments in infra: experts

Correspondent

... That's why we have to prioritise the infrastructure development to move our economy forward. It would require huge amount of infrastructure investments where participation of the private sector should be increased," he said.

International Finance Corporation country director for Bangladesh, Bhutan and Nepal Wendy Jo Werner presented a keynote paper in the first session stressing on infrastructure development in the form of public private partnership and role of special economic zones.

She identified inadequate supply of information, corruption, access to finance, inefficient government bureaucracy, inadequately educated workforce, tax rates, policy instability and tax regulations among the most problematic factors for doing business in Bangladesh.

Wendy highlighted regulatory challenges a project faces after awarding of the contract.

She said investors' confidence deter due to delay over government approval of PPP structures like financing terms and bureaucratic support to a group of people who can influence them.

DCCI president Abul Kasem Khan mentioned that lack of government investment as one of the major reasons behind the country's poor ranking in ease of doing business by the World Economic Forum.

He said the investment for the infrastructure development in Bangladesh is currently 2.87 per cent of its gross domestic product, which is very low in compared with the countries which have been doing well in infrastructure development and attaining healthy investments.

He mentioned China has invested 8 per cent of its GDP since 2003, Taiwan 9.50 per cent during 1970 to 1980 and South Korea invested almost 8.70 per cent of its GDP during 1960 to 1990.

Bangladesh would require $75-$100 billion till 2020 and $300-$320 billion ...

Continued on ...

সমকাল
২৪ নভেম্বর ২০১৭

গুসি শান্তি পুরস্কার পেলেন ব্যবসায়ী আসিফ এ চৌধুরী

■ শিল্প ও বাণিজ্য ডেস্ক

বাংলাদেশি ব্যবসায়ী ও চৌধুরী গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা আসিফ এ চৌধুরীকে ব্যবসায়ের মাধ্যমে সামাজিক কল্যাণে অবদান রাখায় গুসি শান্তি পুরস্কার দেওয়া হয়েছে। এর আগে বাংলাদেশের আরও দু'জন গুসি পুরস্কার পেয়েছেন। তারা হলেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান এবং ডিওআরপির প্রতিষ্ঠাতা এ এইচ এম নোমান।

ঢাকা চেম্বারের পরিচালক আসিফ এ চৌধুরী চিনির সম্মানিত কনসাল যিনি তার কূটনৈতিক কাজের মাধ্যমে বাংলাদেশ ও আন্তর্জাতিক বাণিজ্য এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

ম্যানিলাভিত্তিক গুসি শান্তি ফাউন্ডেশন বিভিন্ন ক্ষেত্রে বিশ্বব্যাপী অসাধারণ অবদানের জন্য ২০০২ সাল থেকে সম্মানিত ব্যক্তিদের স্বীকৃতি দেওয়া শুরু করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের বিরুদ্ধে গেরিলা যুদ্ধে অংশ নেওয়া ক্যাপ্টেন জেমেনিয়ানো জাভিয়ের গুসির নামে এ পুরস্কারের নাম রাখা হয়েছে।

দৈনিক ইত্তেফাক
সোমবার, ১০ মাঘ ১৪২৩
২৩ জানুয়ারি ২০১৭

আম প্রক্রিয়াজাতকরণে সহজ শর্তে ঋণ দেওয়ার আহ্বান

সকালের খবর
ঢাকা : মঙ্গলবার ২৯ আগস্ট ২০১৭

প্রশিক্ষণ কর্মশালা ডিসিসিআইয়ের

নিজস্ব প্রতিবেদক ■

একটি ব্যবসা প্রতিষ্ঠানের এলসি খোলা অথবা তৈরি করার সময় ন্যূনতম অসতর্কতা তাদের ব্যবসা প্রতিষ্ঠানের জন্য বিরাট ক্ষতির কারণ হতে পারে। এজন্য এলসি খোলার সময় সব তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে নতুবা যে ব্যবসায়িক ক্ষতি হবে তা পুষিয়ে নেওয়া অত্যন্ত কঠিন। গতকাল ডিসিসিআই বিজনেস ইনস্টিটিউটে (ডিবিআই) 'আন্ডারস্ট্যান্ডিং এলসি প্রসিডিওরস ফর এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্ট অপারেশন' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে বক্তারা এসব কথা বলেন।

বিভিন্ন প্রতিষ্ঠান থেকে মনোনীত হয়ে মোট ১৬ জন প্রশিক্ষণার্থী এই কোর্সে অংশগ্রহণ করেন। ইসলামী ব্যাংকের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, মো. ওমর ফারুক খান এই প্রশিক্ষণের প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।

The Daily Star
28 August 2017

Cleaner production can cut energy use by 25pc: DCCI

Star Business Report

Bangladesh will be able to reduce energy consumption by 25 percent and wastage of resources by 15 percent if a cleaner and efficient production system is introduced in the industrial sector, leaders of Dhaka chamber said yesterday.

As the cost of energy will increase in the future, Bangladesh has to be energy efficient to remain competitive, said Akber Hakim, a director of Dhaka Chamber of Commerce and Industry (DCCI), while presenting the keynote at a discussion.

The discussion on "resource efficient cleaner production and its benefits for metal industries" was organised by the DCCI and Metabuild Bangladesh, a European Union-funded project, at the chamber's office.

Hakim said there is a scarcity of primary energy in Bangladesh although the country needs it in multiple industries such as textile, garment, metal, ceramic, plastic goods, ceramic, fertiliser and power generation.

"Efficient use of energy helps businesses become more competitive, encouraging optimum cost of doing business and ensuring energy security," he said.

The Daily Star
24 February 2017

Dhaka's economic activities unplanned: analysts

দেশের অর্থনৈতিক নীতিমালা প্রণয়নে সরকারের কাছে পেশকৃত ডিসিসিআই'র সুপারিশ/প্রস্তাব

সরকারের উন্নয়ন পরিকল্পনার সাথে এক মত প্রকাশ করে দেশের বেসরকারি খাতের প্রতিনিধিত্বকারী সংগঠন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সব সময় সরকারের নীতিমালা প্রণয়নে গঠনমূলক সুপারিশ ও পরামর্শ প্রদান করে সরকারকে সহযোগিতা করে। এরই ধারাবাহিকতায় ডিসিসিআই এ বছর উল্লেখিত সুপারিশসমূহ সরকারের কাছে পেশ করে, যার সংক্ষিপ্তসার নিচে উপস্থাপন করা হলোঃ

১. বাজেট ২০১৭-১৮ তে অন্তর্ভূক্তির জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) কর্তৃক প্রণীত সুপারিশমালা

আয়কর সংক্রান্ত প্রস্তাব

১.১ আয়কর, আইন ও বিধি সংক্রান্ত প্রস্তাব

ক্রমিক নং	বিরাজমান নীতি, আইন ও বিধিতে বর্ণিত অবস্থা	প্রস্তাব (সংশোধনীর সুনির্দিষ্ট বর্ণনাসহ)	যুক্তি
১	আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা-২৪ পারকুইজিট/পারিতোষিক এর উপর একদিকে ব্যক্তি করদাতা যেমনি কর দিচ্ছে তেমনি কোম্পানী করদাতা ৪,৫০,০০০/- টাকার অতিরিক্ত পারকুইজিট/পরিতোষিক এর উপর কর দিচ্ছে।	প্যারকুইজিটস সীমা বাড়িয়ে ৬,০০,০০০ টাকা পর্যন্ত করা।	দ্বৈত কর/ডাবল টেক্সেশন পরিহার করার লক্ষ্যে উক্ত ব্যবস্থার পরিবর্তন করা উচিত। জীবনযাত্রার খরচ বেড়েছে এবং নিয়োগকর্তা কর্মচারীদের সুবিধা বাড়াতে বেতন বাড়াতে হচ্ছে।
২	আয়কর অধ্যাদেশ ১৯৮৪ পরিপত্র ১৬-১৭ অনুযায়ী বর্তমানে পুঁজিবাজারে নিবন্ধিত মোবাইল কোম্পানীর ক্ষেত্রে ৪০% এবং অনিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে ৪৫% হারে আয়কর ধার্য আছে।	আয়করের হার কমিয়ে অন্যান্য পাবলিক লিমিটেড ট্রেডেড কোম্পানীর সমকক্ষ করা।	অন্য উন্নয়নশীল দেশে প্রযুক্তি খাতে ভর্তুকি দিয়ে উন্নয়নের ধারা অব্যাহত রাখা হয় সেখানে আমাদের দেশে উচ্চহারে কর আরোপের কারণে বিনিয়োগ কমে যাচ্ছে যা পরিকল্পিত ডিজিটাল বাংলাদেশ গঠনের অন্তরায়।
৩	আয়কর আইন ১৯৮৪ রুল ২৫ এর অধীনে আয়কর রিটার্ন ফরমে ৬ নং পৃষ্ঠায় করদাতার নিজের, স্ত্রী/ স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের পরিসম্পদ ও দায় উপরোক্ত বিবরণীতে দেখানোর কোন কলাম নেই।	(আইটি ১০বি) ফরমটির সংশোধন করা।	আয়কর আইন ১৯৮৪ রুল ২৫ এর অধীনে আয়কর রিটার্ন ফরমে ৬ নং পৃষ্ঠায় করদাতার নিজের, স্ত্রী/স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের পরিসম্পদ ও দায় উপরি উক্ত বিবরণীতে প্রদর্শন করতে হবে। কিন্তু উক্ত রিটানের ৫নং পৃষ্ঠা (আইটি ১০বি) তে ১ হতে ১৮ পর্যন্ত যে কলাম রয়েছে সেখানে স্ত্রী/স্বামীর (রিটার্ন দাখিলকারী না হলে), নাবালক ও নির্ভরশীল সন্তানদের সম্পদ ও আয় দেখানোর কোন কলাম নেই। ফলে করদাতার উক্ত করবর্ষের মোট সম্পদ এবং পূর্ববর্তী করবর্ষের সম্পদের সমন্বয়ে জটিলতা দেখা দেয়। এর ফলে কর নির্ধারণে অনিয়ম পরিলক্ষিত হয়।

ক্রমিক নং	বিরাজমান নীতি, আইন ও বিধিতে বর্ণিত অবস্থা	প্রস্তাব (সংশোধনীর সুনির্দিষ্ট বর্ণনাসহ)	যুক্তি
৪	আয়কর অধ্যাদেশ ১৯৮৪, ধারা ৩০ (এম) নন-ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে কোন লেনদেন "পঞ্চাশ হাজার (৫০,০০০)" টাকার উপরে নির্ধারণ করা হয়েছে।	আয়কর অধ্যাদেশ ১৯৮৪, ধারা ৩০ (এম) সংশোধনের প্রস্তাব "পঞ্চাশ হাজার (৫০,০০০)" টাকার পরিবর্তে "এক লক্ষ (১,০০,০০০)" টাকা করা।	ক্ষুদ্র ব্যবসায়ীগণ নন-ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে প্রচুর পরিমাণ লেনদেন করে থাকেন।
৫	নগদ যানবাহন ভাতা (আয়কর অধ্যাদেশ ১৯৮৪, বিধি ৩৩সি) অনুযায়ী ব্যক্তি শ্রেণির করদাতা যানবাহন ভাতা ৩০,০০০ টাকা পর্যন্ত করমুক্ত।	নগদ যানবাহন ভাতা (আয়কর অধ্যাদেশ ১৯৮৪, বিধি ৩৩সি) অনুযায়ী ব্যক্তি শ্রেণির করদাতা যানবাহন ভাতা ৬০,০০০ টাকা পর্যন্ত করমুক্ত করা।	যেহেতু বর্তমানে সকল যানবাহনের ভাড়া বৃদ্ধি করা হয়েছে সেহেতু ৩০,০০০ টাকায় যানবাহন ব্যয় মেটানো সম্ভবপর নয়।
৬	বিচার কার্য শুরু হওয়ার আগে বিচার প্রার্থীকে বিতর্কিত কর দায়ের ১০% অ্যাপিলেট ট্রাইবুনালে যাওয়ার আগে এবং ১৫% হাইকোর্টে যাওয়ার আগে, সর্বমোট ২৫% কর পরিশোধ করার বিধান রয়েছে।	Admitted Tax liability অংকের ৫% বিচার শুরুর পুর্বে আপিলাত ট্রাইবুনালে এবং ১০% হাইকোর্টে যাওয়ার আগে পরিশোধের প্রস্তাব করা হয়।	বিচারের জন্য এত বড় অংকের জন্য টাকা পরিশোধ করা করদাতার জন্য কঠিন এবং অনেক সময় করদাতার এই দুর্বলতা বিচার কার্যকে প্রভাবিত করে। ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টিতে সহায়তা করবে।
৭	বর্তমানে NBR এর VAT-ACT Rule 1991 Rule(2)(ঙঙঙঙ) অনুযায়ী "প্রকল্প রপ্তানী কারক" অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি আভ্যন্তরীন ব্যাক টু ব্যাক ঋণপত্র অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পণ্য সরবরাহ অথবা সেবা প্রদান করে। Act(2)(k)(B) 'আন্তর্জাতিক দরপত্রের আওতার বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের আভ্যন্তরীন সরবরাহকৃত পণ্য বা সেবা রপ্তানীকৃত বলিয়া গণ্য হবে।'	VAT Act এ যেভাবে Export এর সংজ্ঞা দেয়া আছে Income Tax Ordinance, 1984 এ সেভাবে Export এর সুস্পষ্ট ব্যাখ্যাসহ সংজ্ঞা নির্ধারণের প্রস্তাব করা হয়। অবস্থার পরিপ্রেক্ষিতে দেখা যায় NBR ভ্যাট এর ক্ষেত্রে রপ্তানীর যে সংজ্ঞা দিয়েছে ঠিক একই ভাবে ট্যাক্স এর ক্ষেত্রে সংযোজন করার প্রস্তাব করছি। (ক) সেবা রপ্তানী- বিদ্যুৎ ও জ্বালানী খাতে যে বাংলাদেশী কোম্পানী পুরো বা আংশিক প্রযুক্তি ও বাণিজ্যিক সমাধান দিতে পারে। (খ) রপ্তানীকৃত বলিয়া গণ্য হবে যদি এটা আন্তর্জাতিক দরপত্রের আওতায় বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধিত হয়।	(ক) এটা বৈদেশিক মুদ্রা সাশ্রয় করবে। যেমনঃ যদি একটি প্রকল্প কাজ সম্পাদিত হয় বিদেশী কোম্পানী দ্বারা তাহলে সমুদয় বৈদেশিক মুদ্রা দেশের বাইরে যায়। পাশাপাশি বৈদেশিক মুদ্রা রিজার্ভের উপর ঋণাত্বক প্রভাব পরে। অন্য দিকে যদি একটি প্রকল্প দেশীয় কোম্পানী দ্বারা সম্পাদিত হয় তাহলে বৈদেশিক মুদ্রার সাশ্রয় হয়। (খ) দেশীয় কোম্পানী দ্বারা প্রকল্প কাজ করলে দেশীয় মানুষের কর্ম সংস্থান হয়। (গ) পশ্চাদপদ শিল্পের উন্মেষ ঘটে। (ঘ) প্রতিযোগিতামূলক বাজার তৈরি হবে যাতে করে Employer অনেক সুবিধামূলক দামে কার্যসম্পাদন করতে পারে। বর্তমানে বাংলাদেশ সরকার Engineering Procurement & Construction/Independent Power Producer এর চুক্তি সম্পাদিত হচ্ছে বিদ্যুৎ এবং অনেক Infrastructure খাতে ।

ক্রমিক নং	বিরাজমান নীতি, আইন ও বিধিতে বর্ণিত অবস্থা	প্রস্তাব (সংশোধনীর সুনির্দিষ্ট বর্ণনাসহ)	যুক্তি
৮	আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩০ এর দফা (এইচ) টেকনিক্যাল নো হাও ফি এর খরচ একাউন্টিং লাভ এর ৮% পর্যন্ত অনুমোদনযোগ্য।	আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩০ এর দফা (এইচ) টেকনিক্যাল নো হাও ফি এর actual খরচের উপর ১০% পর্যন্ত করা হয়।	প্রযুক্তি চালিত কোম্পানী হিসেবে মোবাইল অপারেটর বিপুল প্রযুক্তিগত সেবা ও কারিগরি জ্ঞান সেবা গ্রহণ করতে হয়।
৯	আয়কর অধ্যাদেশ এর তৃতীয় তফসিল-এর ধারা ৫২,৫২এএ এর বিধি ১৬ এর দফা (এ) অনুযায়ী অফিস সরঞ্জাম এর উপর বর্তমান অবচয়ের হার ১০%।	অফিস সরঞ্জামের উপর অবচয় হার ১০% হতে ২৫% এ উন্নীত করা।	সম্পদের প্রকৃতি বিবেচনা করে অবচয়ের হার পূর্ণবিবেচনা করা উচিত।
১০	আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর তৃতীয় তপসিলের ১১(৬) অনুচ্ছেদ মোতাবেক, কর অবচয়ন হিসাবের জন্য মোটরগাড়ী, যাত্রী পরিবহন বা সেডান কার, ভাড়ায় চালিত নয় এমন গাড়ীর ক্ষেত্রে করদাতার প্রকৃত খরচ পঁচিশ লাখ (২,৫০০,০০০) টাকা বলে গণ্য করা হবে।	অনুমোদিত খরচ চলিশ লাখ (৪০,০০,০০০) পর্যন্ত বৃদ্ধি করা।	মার্কিন ডলারের বিপরীতে টাকার মান কমে যাওয়ায় মোটরগাড়ীর খরচ লক্ষ্যণীয়ভাবে বৃদ্ধি পেয়েছে। এমনকি একটি সাধারণ টয়োটা কার ২.৫ মিলিয়ন টাকায় ক্রয় করা যায় না।
১১	আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ষষ্ঠ তফসিল এর ৩৩ অনুচ্ছেদে ITES প্রস্তাবিত পণ্য বর্তমান সংজ্ঞায় অন্তর্ভূক্ত নেই।	আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ষষ্ঠ তফসিল এর ৩৩ অনুচ্ছেদে ITES প্রস্তাবিত পণ্য বর্তমান সংজ্ঞায় অন্তর্ভূক্ত করা। Following items should be included in the explanation for the local companies (registered in Bangladesh): 1. IT Infrastructure planning, development, implementation and maintenance; 2. Server system management and maintenance; 3. Hardware maintenance; 4. Customization of third party developed/open sourced software by local companies to fit the need of individual users; 5. Application customization by local companies (registered in Bangladesh);	Information Technology Enabled Services (ITES) এর বর্তমান সংজ্ঞায় নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ বিষয়গুলো বাদ পড়ায় এ সংক্রান্ত বিভিন্ন সেবার বিপরীতে প্রযোজ্য ভ্যাট বা অন্যান্য বিষয়াদি সম্পর্কে তথ্য প্রযুক্তি নির্ভর সেবা কোম্পানী সমূহের বিষয় গুলো Information Technology Enabled Services (ITES) এর বর্তমান সংজ্ঞায় অন্তর্ভূক্ত করা প্রয়োজন। These should be included not only bring completeness to the existing definition but also take away confusion as may arise time to time between revenue officials and taxpayers.

ক্রমিক নং	বিরাজমান নীতি, আইন ও বিধিতে বর্ণিত অবস্থা	প্রস্তাব (সংশোধনীর সুনির্দিষ্ট বর্ণনাসহ)	যুক্তি
		6. Cyber Security services; 7. IT training; 8. Database management; 9. IT consultancy; 10. IT Project Management/ Consultancy; 11. ISP's Services; 12. Finance & Accounting Outsourcing, 13. HR Outsourcing, 14. Legal Process Outsourcing, 15.Supply Chain Management Outsourcing, 16. Virtual Assistant, 17. Analytics, 18. IT Helpdesk, 19. Data Security & Big Data Management, 20. e-Health, 21. Robotics process outsourcing, 22. IT Management and Services outsourcing.	

১.২ আয়কর সংক্রান্ত প্রস্তাব

ক্রমিক নং	বর্তমান অবস্থা	প্রস্তাব/সুপারিশ	যৌক্তিকতা
	১. ব্যক্তি শ্রেণির কর **মোট আয়** (ক) প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - শূন্য। (খ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - ১০%। (গ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - ১৫%। (ঘ) পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - ২০%। (ঙ) পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-২৫%। (চ) অবশিষ্ট মোট আয়ের উপর - ৩০%।	**(ক) মোট আয় হার** (ক) প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- শূন্য। (খ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- ১০%। (গ) পরবর্তী ৭,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- ১৫%। (ঘ) পরবর্তী ১০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর- ২০%। (ঙ) অবশিষ্ট মোট আয়ের উপর - ২৫%।	বর্তমানে জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি এবং মূল্যস্ফীতির ফলে মৌলিক চাহিদা মেটানোর ব্যয় বৃদ্ধি সহ অন্যান্য ব্যয় বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায় এ বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনা করে কর মুক্ত আয়ের সীমা বাড়ানো প্রায়োজন বলে ঢাকা চেম্বার মনে করে। নতুন নতুন করদাতাদের কর প্রদানে উৎসাহিত করতে কর মুক্ত আয়ের সীমা নির্ধারনে বর্তমানে জীবন যাত্রার ব্যয় বৃদ্ধি এবং মূল্যস্ফীতির বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনার প্রয়োজন।

ক্রমিক নং	বর্তমান অবস্থা	প্রস্তাব/সুপারিশ	যৌক্তিকতা
২	**ব্যক্তি শ্রেণির কর** (১) ২০১৭-১৮ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণির করদাতার কর মুক্ত আয়ের সর্বোচ্চ সীমা ২,৫০,০০০ টাকা (২) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ্ব বয়সের সংশ্লিষ্ট সকল করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,০০,০০০/- টাকা (৩) প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,৭৫,০০০/- টাকা এবং (৪) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৪,২৫,০০০/-টাকা।	**ব্যক্তি শ্রেণির কর** (১) ২০১৭-১৮ অর্থবছরের জন্য ব্যক্তি শ্রেণির করদাতার কর মুক্ত আয়ের সর্বোচ্চ সীমা ৩,৫০,০০০ টাকা (২) মহিলা করদাতা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ্ব বয়সের সংশ্লিষ্ট সকল করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,০০,০০০/- টাকা (৩) প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৫০,০০০/- টাকা এবং (৪) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৪,৭৫,০০০/- টাকার প্রস্তাব করা হয়।	সর্বস্তরের মানুষের কাছে সহনীয় হলে কর প্রদানের প্রতি মানুষের আগ্রহ বৃদ্ধি পাবে। ফলে করদাতার সংখ্যা বৃদ্ধি পাওয়ার সাথে সাথে রাজস্ব আয় বাড়বে এবং কর ফাঁকি হ্রাস পাবে এবং বোঝা লাঘব হবে। বিনিয়োগে উৎসাহিত হবে ও কর্মসংস্থান সৃষ্টি হবে।
৩	**করমুক্ত এবং কর অব্যাহতীর জন্য দাবীকৃত আয়:** **বেতনাদি আয়ের ক্ষেত্রে** ● **চিকিৎসা ভাতা:** বাৎসরিক ১,২০,০০০/- টাকা বা মূল বেতনের ১০% (যেটি কম); ● সন্তানের শিক্ষা ভাতা নেই	**ক. বেতনাদি আয়ের ক্ষেত্রে:** ● **বেতনাদি আয়ের ক্ষেত্রে চিকিৎসা ভাতা:** বাৎসরিক নূন্যতম ৬০,০০০/- টাকা এবং সর্বোচ্চ করযোগ্য আয়ের ১০% করার প্রস্তাব করছি। ● **সন্তানের শিক্ষা ভাতা:** সন্তানের প্রাথমিক শিক্ষা থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষাব্যয় নির্বাহের জন্য বাৎসরিক ৬০,০০০ টাকা করে সর্বোচ্চ দুই সন্তানের শিক্ষা ব্যয় বাবদ ১,২০,০০০ টাকা কর অব্যাহতি প্রদান করার প্রস্তাব করা হয়। খ. ব্যবসায়ী এর ক্ষেত্রে: ● **ব্যবসায়ী/ব্যবসা এর ক্ষেত্রে চিকিৎসা ভাতা:** বাৎসরিক নূন্যতম ৬০,০০০/- টাকা এবং সর্বোচ্চ করযোগ্য আয়ের ১০% করার প্রস্তাব করা হয়। ● **সন্তানের শিক্ষা ভাতা :** সন্তানের প্রাথমিক শিক্ষা থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত শিক্ষাব্যয় নির্বাহের জন্য বাৎসরিক ৬০,০০০ টাকা করে সর্বোচ্চ দুই সন্তানের শিক্ষা ব্যয় বাবদ ১,২০,০০০ টাকা কর অব্যাহতি প্রদান করার প্রস্তাব করা হয়।	

ক্রমিক নং	বর্তমান অবস্থা	প্রস্তাব/সুপারিশ	যৌক্তিকতা
